যাহার জন্মকালে লগ্ন হইতে চতুর্থস্থানে রবি বা মঙ্গল থাকে এবং দশমগৃহে শনির স্থিতি হয় অথবা যদি লগ্নে মঙ্গল, পঞ্চমে এবং নবমে ক্ষীণচন্দ্রের সহিত পাপগ্রহ থাকে কিম্বা চতুর্থস্থানে রবি এবং দশমস্থানে মঙ্গল থাকে এবং ঐ মঙ্গলকে ক্ষীণচন্দ্র দর্শন করে তাহার গাত্রে শূলবিদ্ধ হইয়া মৃত্যু ঘটাইবে। আর চতুর্থস্থানে রবি এবং দশমগৃহে মঙ্গল থাকিলে যদি ঐ রবি ও মঙ্গলে শনির দৃষ্টি থাকে তাহাহইলে সেই ব্যক্তি কাষ্ঠাঘাতে মরিবে ॥ ৫ ॥

রন্ধ্রাস্পদাঙ্গহিবুকৈর্লগুড়াহতাঙ্গঃ প্রক্ষীণচন্দ্ররুধিরার্কিদিনেশযুক্তৈঃ। তৈরেব কর্ম্মনবমোদয়পুত্রসংস্থৈর্ধূমাগ্নিবন্ধনশরীরনিকুট্টনান্তঃ ॥ ৬ ॥

অথান্যানপি মৃত্যুযোগান্ বসন্ততিলকেনাহ—রন্ধ্রাস্পদেতি। রন্ধ্রমষ্টমস্থানং আস্পদং দশমং অঙ্গং লগ্নং হিবুকস্থানং চতুর্থং এতৈ রন্ধ্রাস্পদাঙ্গহিবুকৈঃ যথাসংখ্যং প্রক্ষীণচন্দ্ররুধিরার্কিদিনেশযুক্তৈঃ এতদুক্তং ভবতি। অতিক্ষীণচন্দ্রোঽষ্টমে রুধিরো ভৌমঃ দশমে আর্কিঃ সৌরোঽঙ্গে লগ্নে দিনেশো রবিশ্চতুর্থে এবংবিধো যোগে জাতো লগুড়হতাঙ্গো লগুড়তাড়িতাবয়বো ম্রিয়তে। কেচিৎ পঠন্তি লগুড়াহতাঙ্গ ইতি লগুড়াহতো ভবতি। তৈরেবেতি তৈরেব গ্রহৈঃ প্রক্ষীণচন্দ্ররুধিরার্কিদিনেশৈঃ যথাসংখ্যং কর্ম্ম নবমোদয়পুত্রসংস্থৈঃ দশমনবমলগ্নপঞ্চমস্থৈঃ ক্ষীণচন্দ্রমা দশমে ভৌমো নবমে সৌরো লগ্নে অর্কঃ পঞ্চমে যদি ভবতি তদা জাতস্য ধূমেনাগ্নিনা বন্ধনেন শরীরনিকুট্টনেন কাষ্ঠাদিনা প্রহরণেন বা তস্য মৃত্যুর্ভবতি ॥ ৬ ॥

কাহারও জন্মকালে যদি লগ্নহইতে অষ্টমস্থানে ক্ষীণচন্দ্র, দশমে মঙ্গল, লগ্নে শনি এবং চতুর্থস্থানে রবি থাকে তাহাহইলে দণ্ডাঘাতে সেই ব্যক্তির মরণ হইবে। আর যদি দশমস্থানে ক্ষীণচন্দ্র, নবমস্থানে মঙ্গল, লগ্নে শনি এবং পঞ্চমগৃহে রবি থাকে তাহাহইলে ধূম, অগ্নি, বন্ধন অথবা আঘাতে তাহার মৃত্যু ঘটিবে॥ ৬॥

বন্ধুস্তকর্ম্মসহিতৈঃ কুজসূর্য্যমন্দৈর্নির্যাণমায়ুধশিখিক্ষিতি-
পালকোপাৎ। সৌরেন্দুভূমিতনয়ৈঃ স্বসুখাস্পদস্থৈ-
র্জ্ঞেয়ঃ ক্ষতক্রিমিকৃতশ্চ শরীরপাতঃ॥ ৭॥

অথাজ্ঞানপি মৃত্যুযোগান্ বসন্ততিলকেনাহ—বন্ধ্বস্তকর্ম্মসহিতৈরিতি। কুজোঽঙ্গারকঃ সূর্য্যো রবিঃ মন্দঃ সৌরঃ এতৈঃ যথাসংখ্যং বন্ধ্বস্তকর্ম্মসহিতৈঃ চতুর্থসপ্তমদশমস্থৈঃ চতুর্থে ভৌমঃ সপ্তমে সূর্য্যঃ দশমে সৌরঃ যস্য জন্মনি ভবন্তি তস্যায়ুধেন খড়্গাদিনা শিখিনাগ্নিনা ক্ষিতিপাল-কোপেন নৃপকোপেন বা এষামন্ততমেন নির্যাণং মৃত্যুর্ভবতি। সৌরেন্দুভূমিতনয়ৈঃ শনিশশিভৌমৈঃ যথাসংখ্যং স্বসুখাস্পদস্থৈঃ দ্বিতীয়চতুর্থদশমস্থৈঃ দ্বিতীয়ে সৌরঃ চতুর্থে চন্দ্রঃ দশমে ভৌমঃ যস্য জন্মনি ভবন্তি তস্য ক্ষতক্রিমিকৃতঃ ক্ষতে ছিদ্রে ক্রিমযঃ কীটা উৎপদ্যন্তে তৎকৃতশ্চ শরীরপাতো ভবতি, ক্ষতক্রিমিভিঃ পতিতৈর্মৃত্যুর্ভবতি॥ ৭॥

যাহার জন্মকালে লগ্ন হইতে চতুর্থে মঙ্গল, সপ্তমে চন্দ্র ও দশমে শনি থাকে অস্ত্রাঘাতে, অগ্নিতে অথবা বরাহদ্বারা তাহার মৃত্যু হইবে। আর যদি লগ্ন হইতে দ্বিতীয়স্থানে শনি, চতুর্থে চন্দ্র এবং দশমস্থানে মঙ্গল থাকে তাহাহইলে সেই ব্যক্তির শরীরে ক্ষত ও তাহাতে কীট জন্মিয়া মৃত্যু হইবে॥ ৭॥

খস্থেঽর্কেঽম্বনিজে রসাতলগতে যানপ্রপাতাদ্বধো
যন্ত্রোৎপীড়নজঃ কুজেঽস্তময়গে সৌরেন্দ্বিনাভ্যুদ্গমে।
বিণ্মধ্যে রুধিরার্কিশীতকিরণৈর্জূকাজসৌরর্ক্ষগৈর্যাতৈর্ব্বা
গলিতেন্দুসূর্য্যরুধিরৈর্ব্ব্যোমাস্তবন্ধ্বাহ্বয়ান্॥ ৮॥

অথাজ্ঞানপি মৃত্যুযোগান্ শার্দ্দূলবিক্রীড়িতেনাহ,—খস্থ ইতি। অর্কে রবৌ খস্থে দশমস্থানগতে কুজে রসাতলগতে চতুর্থস্থে জাতস্য যানপ্রপাতাৎ বাহনাৎ পতিতস্য বধো মৃত্যুর্ভবতি। যন্ত্রোৎপীড়নজ ইতি। কুজেঽঙ্গারকেঽস্তময়গে সপ্তমস্থে সৌরেন্দ্বিনাভ্যুদ্গমে সৌরশেন্দুক্ষেনশ্চতে সৌরেন্দ্বিনাঃ শনিচন্দ্ররবিভিরভ্যুদ্গমে লগ্নে স্থিতৈঃ জাতস্য যন্ত্রোৎপীড়নজো বধঃ যন্ত্রপীড়িতো ম্রিয়তে। কেচিৎ ক্ষীণেন্দ্বিনাভ্যুদ্গমে ইতি পঠন্তি। ক্ষীণেন্দুঃ ক্ষীণচন্দ্রমা ইন আদিত্যঃ আর্কিঃ সৌরঃ এতৈঃ লগ্নে স্থিতৈঃ জাতস্য যন্ত্রোৎপীড়নজো বধঃ। বিণ্মধ্য ইতি, রুধিরোঽঙ্গারকঃ আর্কিঃ সৌরঃ শীতকরণশ্চন্দ্রঃ এতৈঃ যথাসংখ্যং জূকাজসৌরর্ক্ষগৈঃ জূকস্তুলঃ অজো মেষঃ সৌরর্ক্ষে মকরকুম্ভৌ তেন তুলে কুজে ভৌমঃ মেষে সৌরঃ মকরকুম্ভয়োরন্যতমে চন্দ্রঃ এবং যস্য জন্মনি ভবন্তি স বিণ্মধ্যোঽমেধ্যমধ্যে ম্রিয়তে। যাতৈর্ব্বেতি। গলিতেন্দুঃ ক্ষীণচন্দ্রঃ সূর্য্য আদিত্যঃ রুধিরোঽঙ্গারকঃ এতৈঃ যথাসংখ্যং ব্যোমাস্তবন্ধ্বাহ্বয়ান্ যাতৈঃ প্রাপ্তৈঃ ব্যোম্নি দশমে ক্ষীণচন্দ্রঃ অস্তময়ে সপ্তমে সূর্য্যঃ বন্ধ্বাহ্বয়ে বন্ধুসংজ্ঞিকে চতুর্থে ভৌমঃ ব্যবস্থিতৈঃ স্থানৈঃ যস্য এবং যস্য জন্মনি ভবতি স বা প্রভাবাৎ বিণ্মধ্যে ম্রিয়তে॥ ৮॥

কাহারও জন্মকালে যদি রবি লগ্নের দশমগৃহে ও মঙ্গল চতুর্থগৃহে থাকে তাহাহইলে সেইব্যক্তি অশ্বাদি যান হইতে পতিত হইয়া মরিবে। আর যদি জন্মলগ্নের সপ্তমে মঙ্গল এবং রবি, চন্দ্র ও শনি ইহারা যদি লগ্নে থাকে তাহাহইলে সেই ব্যক্তি কোন যন্ত্রে কর্ত্তিত হইয়া প্রাণত্যাগ করিবে। আর যদি কাহারও জন্মকালে তুলাতে মঙ্গল, মেষে শনি এবং মকর কিম্বা কুম্ভে চন্দ্র থাকে, অথবা যদি দশমে ক্ষীণচন্দ্র, সপ্তমে রবি এবং চতুর্থে মঙ্গল থাকে তাহাহইলে সেই ব্যক্তির বিষ্ঠামধ্যে মৃত্যু হইবে॥ ৮॥

বীর্য্যান্বিতবক্রবীক্ষিতে ক্ষীণেন্দৌ নিধনস্থিতেঽর্কজে।
গুহ্যোদ্ভবরোগপীড়য়া মৃত্যুঃ স্যাৎ কৃমিশস্ত্রদাহজঃ॥ ৯॥

অথাজ্ঞানপ্যনিষ্টযোগান্ বৈতালীয়েনাহ,—বীর্য্যান্বিতেতি। ক্ষীণেন্দৌ ক্ষীণচন্দ্রে বীর্য্যান্বিতেন সবলেন বক্রেণ ভৌমেন দৃষ্টে বীক্ষিতেঽর্কজে সৌরে নিধনং স্থিতেঽষ্টমে জাতস্য গুহ্যোদ্ভবরোগপীড়য়া গুহ্যে য উদ্ভূত উৎপন্নরোগো গদস্তৎপীড়য়াঽর্শোভগন্দরাদ্যা ক্রিমিশস্ত্রদাহজঃ ক্রিমিজঃ শস্ত্রজঃ দাহজঃ অর্শোভগন্দররোগসংশ্রয়ো ক্রিমিপাতেন শস্ত্রকর্ম্মণা বা দাহেন বা ক্রিয়মাণেন তস্য মৃত্যুর্ভবতি॥ ৯॥

কাহারও জন্মকালে ক্ষীণচন্দ্র যদি বলবান্ মঙ্গলকর্ত্তৃক দৃষ্ট হয় এবং শনি যদি লগ্নের অষ্টমে থাকে তাহাহইলে সেই ব্যক্তি অর্শঃ ভগন্দরাদি গুহ্যরোগে মরিবে। এই ব্যক্তির যে স্থানে রোগ হইবে, সেই স্থানে ক্রিমি জন্মিবে, অস্ত্রাঘাত এবং অগ্নিদগ্ধ হইবে॥ ৯॥

অস্তে রবৌ সরুধিরে নিধনেঽর্কপুত্রে ক্ষীণে রসাতলগতে হিমগৌ খগান্তঃ। লগ্নাত্মজাষ্টমতপস্বিনভৌমমন্দচন্দ্রৈস্তু শৈলশিখরাশনিকুড্যপাতৈঃ॥ ১০॥

অথাজ্ঞানপি মৃত্যুযোগান্ বসন্ততিলকেনাহ,—অস্তে রবাবিতি। অস্তে সপ্তমে রবাবাদিত্যে সরুধিরেণ ভৌমেন সংযুক্তে স্থিতেঽর্কপুত্রে সৌরে নিধনেঽষ্টমে ক্ষীণে হিমগৌ চন্দ্রে রসাতলগতে চতুর্থস্থানস্থে জাতঃ খগান্তো ভবতি, খগঃ পক্ষী তৎকৃতো মৃত্যুর্ভবতি, তস্য মৃতস্যাগ্নিসংস্কারো ন ভবতীত্যর্থঃ। লগ্নাত্মজাষ্টমেতি ইনঃ সূর্য্যঃ ভৌমঃ কুজঃ মন্দঃ সৌরঃ চন্দ্রঃ শশাঙ্কঃ এতৈঃ যথাসংখ্যং লগ্নাত্মজাষ্টমতপঃস্থিতৈঃ লগ্নপঞ্চমাষ্টমনবমস্থৈঃ তেন লগ্নেঽর্কঃ পঞ্চমে ভৌমঃ অষ্টমে সৌরঃ নবমে চন্দ্রো যস্য জন্মনি ভবতি তস্য শৈলশিখরাৎ পর্ব্বতমস্তকাৎ পতিতস্যাশনিপাতেন চোক্ষয়া বজ্রপাতেন কুড্যপাতেন ভিত্তিপাতেন বা মৃত্যুর্ভবতি॥ ১০॥

যদি জন্মকালে লগ্নের সপ্তমগৃহে রবি ও মঙ্গল, অষ্টমগৃহে শনি এবং চতুর্থগৃহে ক্ষীণচন্দ্র থাকে তাহাহইলে পক্ষিকর্ত্তৃক সেই ব্যক্তির মরণ হইবে। আর যদি লগ্নে রবি, পঞ্চমে মঙ্গল, অষ্টমে শনি এবং নবমে চন্দ্র থাকে তাহাহইলে সেই ব্যক্তি পর্ব্বতাগ্র হইতে পতিত হইয়া, অগ্নির আক্রমণে অথবা প্রাচীরপাতে প্রাণত্যাগ করিবে॥ ১০॥

দ্বাবিংশঃ কথিতস্তু কারণং দ্রেক্কাণো নিধনস্য সূরিভিঃ।
তস্যাধিপতির্ভবোঽপি বা নির্যাণং স্বগুণৈঃ প্রযচ্ছতি॥১১॥

অথ যস্য জন্মক্ষেত্রেষাং যোগানাং মধ্যাদন্যতমো যোগো ন ভবতি স চাষ্টমে স্থানে কশ্চিৎ গ্রহো ভবতি ন চাষ্টমং স্থানং মৃত্যুং পশ্যতি তস্য মৃত্যুকারণং বৈতালীয়েনাহ,—দ্বাবিংশ-

ইতি। যেন দ্রেক্কাণেন পুমান্ জাতস্তস্মাদ্ যো দ্বাবিংশদ্রেক্কাণো ভবতি তস্য রাশেঃ পতিতৈঃ নিধনস্য মৃত্যোঃ কারণং নিমিত্তং কথিতঃ, কথমিত্যাহ—তস্যাধিপতিরিত্যাদি। তস্য দ্বাবিংশস্য দ্রেক্কাণস্য যোঽধিপতিঃ গ্রহস্তস্যাং বায়ুর্জল ইত্যাদি খণ্ডৈঃ যো হেতুঃ পঠিতস্তেন নিধনং মরণং প্রযচ্ছতি দদাতি। অথবা যস্মিন্ রাশৌ স দ্বাবিংশো দ্রেক্কাণো ভবতি তস্য রাশেঃ যঃ স্বামী স ভবো ভবতি স স্বা খণ্ডৈরাত্মীয়হেতুভিঃ নিধনং মরণং প্রয়াতি। স চ দ্বাবিংশো দ্রেক্কাণো লগ্নাদষ্টমরাশৌ ভবতি স কথং জায়তে উৎপদ্যতে যদি লগ্নস্য প্রথমো দ্রেক্কাণস্তদাষ্টমস্যাপি প্রথমোঽথ লগ্নস্য দ্বিতীয়স্তদাঽষ্টমস্যাপি দ্বিতীয়োঽথ লগ্নস্য তৃতীয়স্তদাঽষ্টমস্যাপি তৃতীয়ঃ ন কেবলং যাবৎ সর্বরাশীনামেবৈব ব্যবস্থা অনেন ক্রমেণ প্রকারেণ যোঽষ্টমরাশিঃ দ্রেক্কাণঃ স এব দ্বাবিংশো দ্রেক্কাণ ইতি। তত্রৈতস্মাত্তং যৎপ্রোক্তযোগানামন্যতমো যোগো ন ভবতি ন চাষ্টমং স্থানং গ্রহযুতমীক্ষিতং তস্য দ্বাবিংশদ্রেক্কাণাধিপাষ্টমরাশ্যধিপয়োঃ যো বলবাংস্তদুক্তদোষেণ মৃত্যুরিতি॥ ১১॥

যে সকল মৃত্যুযোগ উক্ত হইল যাহার কোষ্ঠীতে উক্ত যোগসকলের মধ্যে কোন একটী যোগও দৃষ্ট হইবে না, পূর্ব্বকথিত দ্বাবিংশতি দ্রেক্কাণানুসারে তাহার মরণ স্থির করিবে। অর্থাৎ যে দ্রেক্কাণে জন্ম হইবে সেই দ্রেক্কাণের অধিপতি ও যে রাশির দ্রেক্কাণে জন্ম হইবে সেই রাশির অধিপতি; ইহাদিগের মধ্যে যে বলবান্ হইবে সেই গ্রহের সংজ্ঞানুসারে জল, অগ্নি বা অন্য কোন কারণে তাহার মৃত্যু হইবে॥ ১১॥

হোরানবাংশকপযুক্তসমানভূমৌ যোগেক্ষণাদিভিরতঃ পরিকল্প্যমেতৎ। মোহস্তু মৃত্যুসময়েঽনুদিতাংশতুল্যঃ স্বেঽংশেক্ষিতে দ্বিগুণিতস্ত্রিগুণঃ শুভৈশ্চ॥ ১২॥

অথ যাদৃশ্ ভূমৌ ম্রিয়তে তদ্বিজ্ঞানং বসন্ততিলকেনাহ,—হোরানবাংশেতি। পুরুষস্য জন্মসময়ে হোরায়াং লগ্নে যো নবাংশকো ভবতি তস্য যোঽধিপতিগ্রহস্তেন যো যুক্তো রাশিঃ স রাশিঃ যত্র স্থিত ইত্যর্থঃ তস্য রাশেঃ যা যোগ্যা ভূমিস্তস্যাং ভূমৌ স ম্রিয়তে তদ্যথা স চেদ্রাশিদ্বয়ে ভবতি তদা অধিকসঞ্চারভূমৌ স চেদ্রাশিঃ মেষো ভবতি তদাজাবিকসঞ্চারে ভূমৌ বৃষশ্চেত্তদা বৃষভপ্রচারভূমৌ মিথুনশ্চেত্তদা গৃহে কর্কটশ্চেত্তদা কূপে সিংহশ্চেত্তদারণ্যে কন্যা চেত্তদা কূপে তুলা চেত্তদা পণ্যগৃহে বৃশ্চিকশ্চেত্তদাশ্বভ্রে, ধন্বী চেত্তদাশ্বপ্রচারভূমৌ মকরশ্চেত্তদানূপে কুম্ভশ্চেত্তদা গৃহে মীনশ্চেত্তদানূপ ইতি। যেযাস্ত পুনর্মৃত্যুযোগে জলাদৌ মরণমুক্তং তেষাং তত্রৈব ন কেবলং দর্শিতরাশিবশেন ভূপ্রদেশো বক্তব্যঃ অপিতু যোগেক্ষণাদিভিরিতি। লগ্ননবাংশকাধিপতির্যস্মিন্ রাশৌ ব্যবস্থিতঃ তত্র যদান্যেন গ্রহেণ তস্য যোগো ভবতি তদা তস্য চ যা ভূমিঃ ঈক্ষণাদিভ্যো বা তস্য পঞ্চতি আদিগ্রহণাদ্ যস্য নবাংশকে স্থিতস্তস্যাধিয়া ভূমিরুক্তা তস্যাং স ম্রিয়ত ইতি অত্র চ বহুভূমিসম্ভবে গ্রহবলাদ্বক্তব্যাঃ। নমু গ্রহস্য কা ভূমিঃ? উচ্যতে গ্রহস্যাত্মীয়রাশেঃ যা ভূমিঃ সৈবেতি। নমু যস্য রাশিদ্বয়ং তস্য কা ভূমিরিত্যুচ্যতে তত্র ত্রিকোণরাশেঃ সম্বন্ধিনী ভূমিঃ তদ্যথা আদিত্যস্য সিংহভূমিঃ অরণ্যম্ চন্দ্রমসঃ কর্কটভূমিরানূপঃ ভৌমস্য মেষভূমিরজাবিকসঞ্চারপ্রদেশঃ বুধস্য কন্যাভূমিরানূপঃ জীবস্য ধনুর্ভূমিরশ্বপ্রচারঃ শুক্রস্য তুলাভূমিঃ বিপণিঃ শনৈশ্চরস্য কুম্ভভূমিঃ গৃহমিতি। কেচিদত্র দেবালয়ে অগ্নিবিহারকোশশয়নক্ষিত্যাংকারাঃ শ্যাম্রিত্যাদিকং স্থানমিচ্ছন্তি। এতচ্চ শোভনম্ যতঃ এতেষু স্থানেষু ম্রিয়মাণা দৃশ্যন্ত ইতি, এবমেতস্মাদজ্ঞৎ পরিকল্প্যং চিন্ত্যম্। মোহস্ত্বিতি যাবন্তো লগ্নস্য নবাংশকা অনুদিতাঃ শেষাস্তেষামংশানাং সম্পীড়িতানাং যাবৎকালো ভবতি এতচ্চতুর্ভবতি। যাবৎকালো লগ্নাবশিষ্টঃ পুরুষস্য জন্মবিষয়ে ভবতি তাবন্তস্তাবৎকালমিতি। স চেল্লগ্নরাশিঃ যদি স্বেশেন স্বপতিনেক্ষিতো দৃষ্টস্তদা স এব কালো দ্বিগুণো বক্তব্যঃ অথাস্য স্বামিনা সৌম্যগ্রহেণ চ দৃষ্টস্তদা ষড়্‌গুণকালো বক্তব্যঃ॥ ১২॥

এইক্ষণ মৃত্যুস্থান নিরূপণ হইতেছে, জন্মকালে উদিত নবাংশাধিপতিগ্রহ যে রাশিতে স্থিত হইবে, সেই রাশিতে যে স্থান জানা যায় সেই স্থানে অথবা নবাংশাধিপতিগ্রহের সহিত যে গ্রহ থাকিবে সেই গ্রহ যে রাশির অধিপতি সেই রাশিতে যেরূপ স্থান বুঝাইবে সেই স্থানে, কিম্বা উদিতনবাংশাধিপতিগ্রহে যে গ্রহের দৃষ্টি থাকে সেই গ্রহ যে রাশির অধিপতি, সেই রাশিতে যেরূপ স্থান বুঝাইবে সেইরূপ স্থানে আর উদিতনবাংশাধিপতিগ্রহ তৎকালে যে গ্রহের নবাংশে স্থিত হইবে সেই গ্রহ যে রাশির অধিপতি, সেই রাশিতে যেরূপ স্থান জানা যায়, সেইরূপ স্থানে মৃত্যু হইবে। মৃত্যুস্থান নিরূপণের যে যে প্রণালী উক্ত হইল, ঐসকল সূক্ষ্মরূপ বিবেচনা করিয়া প্রকৃত মৃত্যুস্থান জানিতে হইবে। আর জন্মের পর জন্মলগ্নের যত সময় অবশিষ্ট থাকিবে, মৃত্যুর পূর্ব্বে ততসময় মোহিত থাকিবে। যদি লগ্নেতে লগ্নাধিপতিগ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে উক্ত সময়ের দ্বিগুণ এবং যদি ঐ লগ্নে শুভগ্রহের দৃষ্টি হয়, তাহাহইলে উক্তসময়ের দ্বিগুণ এবং যদি ঐ লগ্নে শুভগ্রহের দৃষ্টি হয়, তাঁহাহইলে উক্তসময়ের ত্রিগুণ পরিমিতকাল মৃত্যুর পূর্ব্বে অজ্ঞানাবস্থায় থাকিবে।

স্পষ্টার্থ—উপরি উক্ত নিয়মানুসারে যদি মেষরাশি মৃত্যুস্থান নিরূপণের ঘটক হয় তাহাহইলে মেষ-প্রচারভূমিতে, এইরূপে বৃষ হইলে গোষ্ঠস্থানে, মিথুন হইলে গৃহে, কর্কট হইলে কূপে, সিংহ হইলে অরণ্যে, কন্যা হইলে কূপে, তুলা হইলে বিপণী (বাজার) তে বৃশ্চিক হইলে আশ্রমে, ধনু হইলে অশ্বপ্রচারভূমিতে, মকর হইলে জলসমীপস্থানে, কুম্ভ হইলে গৃহে ও মীন হইলে জলসমীপস্থানে মৃত্যু ঘটিবে। আর যাহার জলাদিতে মরণ হইবে, এইরূপ বিশেষ যোগ আছে, তাহাতে তাহার সেই বিশেষযোগবলে জলাদিতেই মৃত্যু ঘটিবে, তাহারপক্ষে এই যোগ কার্য্যকারী হইবে না।

ভিন্ন ভিন্ন গ্রহদ্বারা ভিন্ন ভিন্ন স্থান বুঝাইলে তন্মধ্যে যে গ্রহ বলবান্ সেই গ্রহ যে রাশির অধিপতি সেই রাশির অনুযায়ীস্থানে মৃত্যু হইবে। আর এক গ্রহদ্বারা যখন দুইরাশি প্রাপ্ত হইবে তখন যে রাশি মূলত্রিকোণ হইবে সেই রাশির স্থানানুসারে মৃত্যু ঘটিবে।

কেহ কেহ বলেন, মৃত্যুস্থান নিরূপণ করিতে হইলে জন্মকালে যে গ্রহ বলবান্, সেই গ্রহ রাশির যেস্থানের অধিপতি হইবে সেইস্থানে মৃত্যু হইবে। যথা দেবালয়, স্নানাগার, রন্ধনগৃহ ইত্যাদি। এই সকল সংজ্ঞা জ্যোতিষকল্পদ্রুমের প্রথম খণ্ডে ৫৭ পৃষ্ঠায় গ্রহদিগের স্থানসংজ্ঞা দৃষ্টি করিলে পরিজ্ঞাত হইতে পারিবেন॥ ১২॥

দহনজলবিমিশ্রৈর্ভস্মসংক্লেদশোষৈর্নিধনভবনসংস্থৈ-

র্ব্যালবর্গৈর্ব্বিড়ন্তঃ । ইতি শবপরিণামশ্চিন্তনীয়ো যথোক্তঃ পৃথুবিরচিতশাস্ত্রাদ্গত্যনূকাদিচিন্ত্যম্ ॥ ১৩ ॥

অথ মৃতস্য শরীরপরিণামজ্ঞানং মালিন্যাহ,—দহনেতি। নিধনভবনেঽষ্টমে স্থানে যো দ্রেক্কাণো ব্যবস্থিতঃ তদ্বশাচ্ছবপরিণামশ্চিন্তনীয়ঃ স চ গণনয়া দ্বাবিংশো দ্রেক্কাণো ভবতি। স চ যদি দহনদ্রেক্কাণোঽগ্নিদ্রেক্কাণো ভবতি তদা ভস্মত্বেন পরিণমত্যগ্নিনা দহ্যতে পাপদ্রেক্কাণোঽগ্নিদ্রেক্কাণঃ। অথ জলদ্রেক্কাণো ভবতি তদা সক্লিদ্যতে জলমধ্যে ক্ষিপ্যতে সৌম্যগ্রহদ্রেক্কাণো জলদ্রেক্কাণঃ। অথ মিশ্রদ্রেক্কাণঃ ভবতি তদা শুষ্যতি ন দহ্যতে ন চাপি জলমধ্যে ক্ষিপ্যতে সৌম্যগ্রহদ্রেক্কাণঃ পাপযুক্তো ভবতি পাপগ্রহদ্রেক্কাণো বা সৌম্যযুক্তস্তদা মিশ্রদ্রেক্কাণঃ তথা নিধনভবনসংস্থেঽষ্টমরাশ্যাশ্রিতৈঃ ব্যালবর্গৈঃ সর্পদ্রেক্কাণৈঃ বিড়ন্তো ভবতি।* তদাশ্বশৃগালকাকাদিভির্ভুজ্যতে ভক্ষ্যত ইত্যর্থঃ। অত্র ব্যালদ্রেক্কাণাঃ কর্কটাদ্যঃ কর্কটদ্বিতীয়ঃ বৃশ্চিকাদ্যঃ বৃশ্চিকদ্বিতীয়ঃ মীনান্ত্যশ্চ উক্তঞ্চ শশিসুতপূর্ব্বাপরয়ো কীটস্য চ মীনপশ্চিমোপগতঃ নিধনেযস্য ভবতি দ্রেক্কাণান্তস্য চ মৃতস্য দৃষন্তি শ্বাদযঃ প্রাণি শুগ ন চান্তি সন্দেহঃ পাপগ্রহদ্রেক্কাণো যত্নাষ্টমরাশিসংস্থিতো ভবতি, দহনং প্রাপ্নোতি নরো মৃতশ্চাগ্নৌ নিশ্চয়াৎ প্রবদেৎ এবং সৌম্যদ্রেক্কাণে জলমধ্যে ক্ষিপ্যতে নরোঽত্র মৃতঃ সৌম্যদ্রেক্কাণঃ পাপৈঃ পাপদ্রেক্কাণোঽপি সৌম্যযুক্তঃ যত্নাষ্টমভবনগতঃ শোষং প্রাপ্নোতি সোঽপি মৃত ইতি। এবম্প্রকারঃ শবানাং মৃতানাং পরিণামো বিপত্তিশ্চিন্তনীয়ো বিচার্য্যঃ। পৃথুবিরচিতশাস্ত্রাদ্বিস্তীর্ণাচ্ছাস্ত্রাদাচার্য্যকাদিমরণাদিচিন্ত্যম্। মৃতস্য কা গতির্ভবিষ্যতি কস্মাচ্চ লোকাদয়মাগতঃ আদিগ্রহণাত্তত্র কীদৃগানীতি অনুকল্পেনেহাতীতজন্মোচ্যতে ॥ ১৩ ॥

উক্ত দ্বাবিংশতিদ্রেক্কাণের মধ্যে অগ্নিদ্রেক্কাণে (পাপগ্রহের দ্রেক্কাণে) যাহার জন্ম হইবে, মৃত্যুর পর তাহার শরীর অগ্নিতে ভস্মীভূত হইবে, আর জলদ্রেক্কাণে (শুভগ্রহের দ্রেক্কাণে) যাহার জন্ম হয়, মরণের পর তাহার শরীর জলে নিক্ষিপ্ত হয়। আর যদি অগ্নি ও জল এই মিশ্রদ্রেক্কাণে * কাহারও জন্ম হয় তাহাহইলে মরণের পর তাহার দেহ শুষ্ক হইয়া যাইবে। অষ্টমগৃহে যদি সর্পদ্রেক্কাণ (১) হয়, তবে মৃত্যুর পর তাহার শরীর কুক্কুর, শৃগাল ও কাকাদিজীবে ভক্ষণ করিবে ॥ ১৩ ॥

গুরূড়ুপতিশুক্রৌ সূর্য্যভৌমৌ যমজ্ঞৌ বিবুধপিতৃতিরশ্চো নারকীয়াংশ্চ কুর্য্যুঃ। দিনকরশশিবীর্য্যাধিষ্ঠিতাত্র্যংশনাথাৎ প্রবরসমনিকৃষ্টাস্তুঙ্গহ্রাসাদনূকে ॥ ১৪ ॥

অথ যোঽয়ং জাতো জন্তুঃ স কস্মাল্লোকাদাগত ইতি যদুক্তং তদ্বিজ্ঞানং মালিন্যাহ,—গুর্বিতি। গুরুঃ জীবঃ উড়ুপতিশুক্রৌ চন্দ্রসিতৌ সূর্য্যভৌমৌ রবিকুজৌ যমজ্ঞৌ সৌরবুধৌ এতে বিবুধপিতৃতিরশ্চো নারকীয়াংশ্চ জাতান্ কুর্য্যুঃ। বিবুধলোকো দেবলোকঃ পিতৃলোকঃ প্রসিদ্ধঃ তিরশ্চঃ তির্য্যগ্লোকঃ নরকঃ নরকলোকঃ প্রসিদ্ধঃ এভ্যঃ আগতান্ বদেৎ, কথমিতি? তদর্থমাহ—দিনকরশশিবীর্য্যাধিষ্ঠিতাত্র্যংশনাথাদিতি। দিনকরঃ সূর্য্যঃ শশী চন্দ্রঃ অনয়োঃ দিনকরশশিনোঃ মধ্যাদ্ যো বলী বীর্য্যবান্ তেনাধিষ্ঠিতো যুক্তো যস্ত্র্যংশো দ্রেক্কাণঃ তস্য যো নাথঃ স্বামী তস্য যো লোকস্তস্মাদাগত ইতি বক্তব্যম্। তত্র স যদি দ্রেক্কাণো গুরোঃ জীবস্য সম্বন্ধী ভবতি তদা বিবুধলোকাদাগত ইতি বক্তব্যম্।

অথ চন্দ্রশুক্রয়োরন্যতমসম্বন্ধী ভবতি তদা পিতৃলোকাদাগত ইতি বক্তব্যম্। অথ সূর্য্যভৌময়োরন্যতমসম্বন্ধী ভবতি তদা তির্য্যগ্লোকাদাগত ইতি বক্তব্যম্। অথ শনৈশ্চরবুধয়োরন্যতমসম্বন্ধী ভবতি তদা নরলোকাদাগত ইতি বক্তব্যম্। যস্মাল্লোকাদাগতস্তত্রাপি শ্রেষ্ঠমধ্যমহীনত্বজ্ঞানমাহ প্রবরেত্যাদি যস্য গ্রহস্য প্রদর্শিতলোকাগতস্য জন্মজ্ঞানমাহ গ্রহস্তুঙ্গস্থঃ স্বোচ্চরাশিগতো ভবতি তদা তত্র প্রবরঃ প্রধানমাসীদিতি বিজ্ঞেয়ম্। অথোচ্চরাশিচ্যুতো নীচমপ্রাপ্য তদা তত্রাসৌ মধ্যম আসীদিতি বিজ্ঞেয়ম্, নীচস্থঃ নিকৃষ্টঃ হীনঃ এতদনূকে প্রাগ্জন্মনি জ্ঞেয়ম্ ॥ ১৪ ॥

বৃহস্পতি যাহার জন্মদ্রেক্কাণাধিপতি হয় এবং বলবান্ রবি বা চন্দ্র যদি ঐ জন্মদ্রেক্কাণে থাকে তাহাহইলে দেবলোক হইতে তাহার জন্ম হইয়াছে জানা যায়। চন্দ্র বা শুক্র ঐ দ্রেক্কাণাধিপতি হইলে যদি তাহাতে বলবান্ চন্দ্র বা সূর্য্য থাকে তবে পিতৃলোক, রবি বা মঙ্গল দ্রেক্কাণাধিপতি হইলে যদি সেই দ্রেক্কাণে বলবান্ চন্দ্র বা রবি থাকে তবে পশুলোক এবং শনি বা বুধ দ্রেক্কাণাধিপতি হইলে যদি তাহাতে বলবান্ চন্দ্র বা সূর্য্য থাকে তাহাহইলে নরক হইতে আসিয়া জন্মিয়াছে জানিবে। আর যদি উপরি উক্ত দ্রেক্কাণাধিপতি উচ্চস্থানে থাকে, তাহাহইলে উক্ত দেবাদিলোকের উচ্চশ্রেণী হইতে, উক্ত দ্রেক্কাণাধিপতিগ্রহ যদি উচ্চ ও নীচ ইহার মধ্যভাগে থাকে তাহাহইলে উক্তলোকের মধ্যশ্রেণী হইতে এবং উক্ত দ্রেক্কাণাধিপতিগ্রহ যদি নীচস্থানে থাকে, তাহাহইলে ঐসকল লোকের অধমশ্রেণী হইতে আগত হইয়া জন্মিয়াছে জানিতে হইবে ॥ ১৪ ॥

গতিরপি রিপুরন্ধ্রত্র্যংশপোঽন্তস্থিতো বা গুরুরথ রিপুকেন্দ্রচ্ছিদ্রগঃ স্বোচ্চসংস্থঃ। উদয়তি ভবনেঽন্ত্যে সৌম্যভাগে চ মোক্ষো ভবতি যদি বলেন প্রোজ্ঝিতাস্তত্র শেষাঃ ॥ ১৫ ॥

ইতি নৈর্যাণিকাধ্যায়ঃ পঞ্চবিংশতিঃ।

অথ মৃতস্য কা গতির্ভবিষ্যতি তদ্বিজ্ঞানং মালিন্যাহ—গতিরিতি। যস্য জন্মনি লগ্নাৎ ষষ্ঠসপ্তমাষ্টমস্থানানি শূন্যানি ভবন্তি তস্য তৎকালং রিপুস্থানে ত্র্যংশো দ্রেক্কাণো বর্ত্ততে তয়োর্যাবধিপতী তয়োর্ম্মধ্যে যো বলবাংস্তস্যার্থকে যো লোকোঽভিহিতঃ স এব গতিঃ, ধ্রুবং রিপুরন্ধ্রত্র্যংশপ ইতি। তত্র তেন মৃতেন গন্তব্যমিতি অধঃস্থিতো বা। অথ লগ্নাৎ ষষ্ঠসপ্তমাষ্টমস্থানানামন্যতমে স্থানে কশ্চিদ্ গ্রহো ভবতি তদা তস্য দর্শিতলোকে তেন গন্তব্যং। অথ লগ্নাৎ ষষ্ঠসপ্তমাষ্টমস্থানানাম্মে স্থানে ত্রীণি বা সপ্তাপি ভবন্তি। সোঽপ্যেকস্মিন্নপি স্থানদ্বয়ে গ্রহা ভবন্তি। তদা তেষাং গ্রহাণাং যো বলবাংস্তস্য যঃ প্রদর্শিতো লোকস্তেন গন্তব্যমিতি। অন্তস্থিতো বেতি কৈশ্চিদ্বলমুক্তং তত্র সপ্তমস্থগ্রহণাৎ কুতঃ তৎ ষষ্ঠাষ্টমস্থোঽপি স্বাতন্ত্র্যং নয়তীতি কিং ব্যাখ্যাতং উচ্যতে অন্তস্থিতো বেতি বাশব্দঃ শব্দার্থে জ্ঞেয়ঃ। ন কেবলমন্তস্থিতস্তদ্কারান্নিপুরন্ধ্রগস্যেতি কেচিদন্তস্থিতস্যেতি পঠন্তি। তথাচ স্বল্পজাতকে উক্তম্ স্থরপিতৃতির্য্যঙ্নারকান্ গুরূড়ুপসিতাবশশ্রবীজ্ঞযমৌ রিপুরন্ধ্রত্র্যংশকপ্যানয়ন্তি চাস্তারিনিধনস্থাঃ। গুরুরথেতি অথশব্দঃ পাদপূরণার্থে যস্য জন্মনি গুরুঃ বৃহস্পতিঃ লগ্নাদ্রিপুস্থানে ষষ্ঠে ভবতি কেন্দ্রেষু বা ছিদ্রেঽষ্টমে বা স চ স্বোচ্চস্থঃ কর্কটে ভবতি তদৈকো যোগঃ। অথবাঽন্যো জনানে মীনরাশেরুদয়তি বিলগ্নগতে তত্র চ শুভবর্গস্থং শেষা গ্রহা অন্যে গ্রহা বলেন বীর্য্যেণ প্রোজ্ঝিতা বর্জ্জিতা ভবন্তি, তদা দ্বিতীয়ো যোগঃ। অস্মিন্ যোগদ্বয়ে জাতস্য মোক্ষো ভবিষ্যতীতি বক্তব্যম্। উদয়তি ভবনেঽন্ত্যে

* শুভগ্রহের দ্রেক্কাণে যদি পাপগ্রহ থাকে অথবা পাপগ্রহের দ্রেক্কাণে যদি শুভগ্রহ থাকে তাহাহইলেই মিশ্রদ্রেক্কাণ হয়।

(১) কর্কট ও বৃশ্চিকের প্রথম ও দ্বিতীয়দ্রেক্কাণ এবং মীনের তৃতীয়দ্রেক্কাণ ইহারাই সর্পদ্রেক্কাণ নামে খ্যাত।

সৌম্যাস্তাগে চ মোক্ষ ইত্যত্র চকারো বা শব্দস্যার্থে যথা পুনরস্ত জন্মকালগ্রহবশাৎ গতি-রুক্তা তথা মরণকাললগ্নবশাদপি গতির্ব্বক্তব্যা। যস্মাৎ স্বল্পজাতকে উক্তম্ ষষ্ঠাষ্টমকণ্টকগো-গুরুশ্চেচ্ছুনতি মীনলগ্নে বা শেষৈঃ খগৈর্ব্বলিনি মরণে বা মোক্ষগতিমাহুরিতি॥ ১৫॥

ইতি শ্রীভট্টোৎপলবিরচিতায়াং বৃহজ্জাতকবিবৃত্তৌ নৈর্যাণাধ্যায়ঃ পঞ্চবিংশতিঃ॥

যদি কাহারও জন্মলগ্নের ষষ্ঠ ও অষ্টমস্থানে কোন গ্রহ না থাকে তাহাহইলে ষষ্ঠ ও অষ্টমগৃহের দ্রেক্কাণাধিপতির মধ্যে যে বলবান্ হইবে সেই গ্রহের লোকে সেই ব্যক্তি মরণের পর গমন করিয়া থাকে। অথবা জন্মকালে ষষ্ঠ, সপ্তম ও অষ্টমগৃহে যে সকল গ্রহ থাকিবে তাহাদিগের মধ্যে যে গ্রহ বলবান্ হইবে, সেই গ্রহের লোকে তাহার মরণান্তে গতি হয়। আর যদি কাহারও জন্মলগ্নের ষষ্ঠ বা কেন্দ্রস্থানে কিম্বা অষ্টমস্থানে বৃহস্পতি থাকে এবং ঐ বৃহস্পতি যদি উচ্চস্থিত হয় অথবা উদিতলগ্ন যদি মীন হয় এবং ঐ মীনলগ্নে শুভগ্রহের নবাংশে বৃহস্পতি থাকে এবং অপরাপর গ্রহগণ যদি দুর্ব্বল হয় তাহা-হইলে সেই ব্যক্তির মরণান্তে মোক্ষলাভ হইয়া থাকে।

যেরূপ যোগে কোন্ কোন্ লোক হইতে আসিয়া জন্মগ্রহণ করিয়াছে জানা যায়, সেইরূপ যোগে মরণের পরেও সেই সেই লোকে গমন করিবে ইহা জানিত হইবে॥ ১৫॥

বৃহজ্জাতকে নির্যাণাধ্যায় পঞ্চবিংশতি সমাপ্ত॥

অথ ষড়্‌বিংশোঽধ্যায়ঃ।

অথ নষ্টজাতকাধ্যায়ঃ।

আধানজন্ম পরিবোধকালে সংপৃচ্ছতো জন্মবদে-দ্বিলগ্নাৎ। পূর্ব্বাপরার্দ্ধে ভবনস্য বিন্দ্যাদ্ভানাবুদগ্দক্ষিণগে প্রসূতিম্॥ ১॥

অথাতো নষ্টজাতকাধ্যায়ো ব্যাখ্যায়তে তত্রাদাবেব প্রসূতিকালজ্ঞাননিরূপজ্ঞ-য়াহ—আধানেতি যস্যাধানকালো জ্ঞায়তে তস্যাধানকালাৎ পূর্ব্বমেব জন্ম ব্যাখ্যাতম্ তৎকালনিন্দুসহিত ইত্যাদিনা জন্মকালশ্চ ব্যাখ্যাত এব। এবমাধানজন্মকালয়োরপরি-বোধে অজ্ঞানে সতি সংপৃচ্ছতঃ প্রষ্টুঃ বিলগ্নাৎ প্রশ্নলগ্নাৎ জন্ম বদেৎ জগ্নাৎ যেন লগ্নেন পৃষ্টা পৃচ্ছতি তস্য যদি পূর্ব্বার্দ্ধং প্রথমহোরা ভবতি তদা প্রষ্টুঃ ভানাবাদিত্যে উদগ্গতে উত্তরায়ণস্থে জন্ম বক্তব্যম্ মকরাদিরাশিষট্‌কস্থে জাত ইত্যর্থঃ। অথ লগ্নস্যাপরার্দ্ধং দ্বিতীয়া হোরা ভবতি তদা ভানৌ দক্ষিণগতে দক্ষিণায়নস্থে জন্ম বক্তব্যম্ কর্কটাদিরাশি-ষট্‌কস্থে জাত ইত্যর্থঃ। তথাচ—আধানজন্মনী যস্য ন বিজ্ঞায়েত দেহিনঃ। জন্ম সংপৃচ্ছতস্তস্য প্রশ্নলগ্নাদ্বিনির্দ্দিশেৎ॥ ১॥

যে ব্যক্তি তাহার আধানকাল ও জন্মকাল জানে না, তাহার প্রশ্নানুসারে প্রশ্নসময়ের লগ্ননিরূপণ করিয়া ঐ লগ্নদ্বারা তাহার জন্মকাল নিরূপণ অর্থাৎ কোষ্ঠী প্রস্তুত হইয়া থাকে।

প্রশ্নকালে যেরূপে লগ্ননিরূপণ করিতে হয়, তাহা আমার প্রকাশিত নূতনসংস্করণের ফলিতজ্যোতিষের দ্বিতীয়খণ্ডে সবিস্তার লিখিত হইয়াছে, তদ্দৃষ্টে লগ্ননিরূপণ ও গ্রহবলাদি-গণনা করিতে পারিবেন।

প্রশ্নলগ্ন নিরূপণ করিয়া দেখিতে হইবে যে, ঐ লগ্নের কোন্ হোরাতে প্রশ্ন হইয়াছে। যদি প্রথম হোরাতে প্রশ্ন হয় তাহা-হইলে উত্তরায়ণে এবং দ্বিতীয়হোরাতে প্রশ্ন হইলে দক্ষিণায়নে প্রশ্নকারকের জন্ম হইয়াছে নিরূপণ করিবে। যখন সূর্য্য মকর হইতে মিথুন, এই ছয় রাশিতে অবস্থিত থাকেন, তৎ-কালকে উত্তরায়ন বলা যায়, অর্থাৎ মাঘাদি ছয়মাস, আর যখন সূর্য্য কর্কটহইতে ধনু, এই ছয় রাশিতে অবস্থিত থাকেন, তৎকালকে দক্ষিণায়ন বলে অর্থাৎ শ্রাবণাদি ছয় মাস।

দৃষ্টান্ত ১২৯৪ সালের ১ লা বৈশাখ বেলা ২০ দণ্ড সময় নষ্টজাতক অর্থাৎ যাহার জন্মপত্রিকা নাই, তিনি আপন জন্ম-পত্রিকা প্রস্তুত করিয়া লইবেন, এইনিমিত্ত দৈবজ্ঞের নিকট প্রশ্ন করিলে দৈবজ্ঞ তৎকালে প্রশ্নসময় নিরূপণপূর্ব্বক লগ্ন স্থির করিয়া জন্মপত্র লিখিয়া দিবেন। লগ্ন দুইপ্রকারপ্রণালীতে গণনা হইয়া থাকে, প্রথম দণ্ডপলাদিদ্বারা সাধিত, দ্বিতীয় অংশকলাদি ঘটিত। এই দ্বিবিধ প্রণালীর গণনার সঙ্কেত আমার প্রকাশিত নূতনসংস্করণের গণিত ও ফলিতজ্যোতিষের দ্বিতীয়খণ্ডে বাহুল্যরূপে বিবৃত হইয়াছে, এইনিমিত্ত পুনরুক্তি করা হইল না। পাঠকগণ ঐ খণ্ডের ৩৭ পৃষ্ঠাতে উক্ত ২০ দণ্ড সময়ে যেরূপে দণ্ডপলাদিদ্বারা লগ্ন, হোরা, দ্রেক্কাণ, নবাংশ, দ্বাদশাংশ, ত্রিংশাংশ গণনা করা হইয়াছে তাহা পরিজ্ঞাত হইবেন। লিখিত গণনামতে ঐ ২০ দণ্ডসময় কর্কটলগ্নের ৫ দণ্ড ৩৫ পল ৪৮ বিপল ২৪ অনুপলগতে প্রশ্ন হইয়াছে জানা গেল, ঐ কর্কটলগ্নের মান ৫ দণ্ড ৪০ পল ৩০ বিপল ৩৮ অনুপল ২৪ প্রত্যনুপল হয়, এই লগ্নমানকে দুই দ্বারা ভাগ দিলে প্রথম-ভাগ ২ দণ্ড ৫০ পল ২০ বিপল ৪৯ অনুপল ১২ প্রত্যনুপল হয়, ইহার নাম প্রথমহোরা, কিন্তু ৫ দণ্ড ৩১ পল ৪৮ বিপল ২৪ অনুপল গতে প্রশ্ন হওয়াতে জানা গেল যে, ঐ লগ্নের দ্বিতীয়-হোরাতে প্রশ্ন হইয়াছে, বচনানুসারে দ্বিতীয়হোরাতে প্রশ্ন হইলে দক্ষিণায়নে অর্থাৎ রবি যখন কর্কট হইতে ধনু এই ছয় রাশিতে স্থিত ছিলেন, তৎকালে প্রশ্নকারকের জন্ম হইয়াছে, অর্থাৎ ইহার দ্বারা এইমাত্র জানা গেল যে, প্রশ্নকারক শ্রাবণ হইতে পৌষ, এই ছয়মাসের মধ্যে কোন একমাসে জন্মিয়াছেন।

নষ্টজাতকের গণনা করিতে লগ্নস্ফুটগণনার প্রক্রিয়ামতে লগ্ন, হোরা ও দ্রেক্কাণ স্থির করিয়া গণনা করিলে সূক্ষ্মগণনা হয়, ঐ গণনা ঐ নূতনসংস্করণের দ্বিতীয়খণ্ডের ৫৯ পৃষ্ঠা হইতে ৬৩ পৃষ্ঠায় লিখিত হইয়াছে এবং ঐ ৬৩ পৃষ্ঠায় একটী দৃষ্টান্তও

লিখিত হইয়াছে। ঐ দৃষ্টান্তপাঠে লগ্নস্ফুট যেরূপে করিতে হয়, তাহাতেই পরিজ্ঞাত হইতে পারিবেন, এই নিমিত্ত এস্থলে পুনঃ উল্লেখ করা নিষ্প্রয়োজন। এইস্থলে ১২৯৪ সালের ১ বৈশাখ বেলা ১৫ দণ্ড ৩৫ পল সময় নষ্টজাতকসম্বন্ধে প্রশ্ন-কল্পনা করিয়া ঐ ১৫ দণ্ড ৩৫ পল সময়ে যে সায়নমতে কর্কটলগ্নের ২৭ অংশ ৯ কলা ৪৬ বিকলা ১৯ অনুকলা অতীতে প্রশ্ন হইয়াছিল, তাহা গ্রহণ করিয়া এইক্ষণ অংশানুসারে গণনায় ঐ লগ্নের কোন্ হোরাতে প্রশ্ন হইয়াছিল তাহা বিবৃত করিতেছি। প্রতিরাশি ৩০ অংশে বিভক্ত, এইমতে কর্কট-লগ্নের মান ৩০ অংশকে দুইদ্বারা ভাগ করিলে ঐলগ্নের প্রথম অর্দ্ধেক অর্থাৎ প্রথমহোরা ১৫ অংশ হয়, অতএব লগ্নস্ফুটের উদিতাংশদৃষ্টে দেখা যাইতেছে যে, প্রশ্নকারক ঐ কর্কটলগ্নের ১৫ অংশ উদয়ের পর প্রশ্ন করিয়াছে, এইনিমিত্ত প্রশ্নকারক কর্কটলগ্নের দ্বিতীয় হোরার উদয়কালে প্রশ্ন করিয়াছে বলিয়া বচনানুসারে প্রশ্নকারকের জন্ম দক্ষিনায়নে হইয়াছে ॥ ১ ॥

লগ্নত্রিকোণেষু গুরুস্ত্রিভাগৈর্ব্বিকল্প্যবর্ষাণি বয়োঽনুমানাৎ। গ্রীষ্মোঽর্কলগ্নে কথিতাস্তু শেষৈরন্যায়নর্ত্তাবৃতুরর্কচারাৎ ॥ ২ ॥

অথ বর্ষর্ত্তুজ্ঞানমুপজাতিকয়াহ—লগ্নত্রিকোণেষ্বিতি। ত্রিভাগৈঃ দ্রেক্কাণৈঃ লগ্নত্রিকোণেষু প্রথমপঞ্চমনবমস্থানেষু গুরুঃ জীবো জ্ঞেয়ঃ তদ্যথা প্রশ্নলগ্নস্য যদি প্রথমদ্রেক্কাণো ভবতি তদা য এব লগ্নরাশিঃ তত্রস্থে গুরৌ জন্ম বক্তব্যম্। অথ লগ্নস্য দ্বিতীয়ো দ্রেক্কাণস্তদা লগ্নাদ্ যঃ পঞ্চমো রাশিস্তত্রস্থে গুরৌ জন্ম বক্তব্যম্। অথ লগ্নস্য তৃতীয়ো দ্রেক্কাণস্তদা লগ্নাদ্ যো নবমো রাশিস্তত্রস্থে গুরৌ জন্ম বক্তব্যম্ এবং কেষাঞ্চিন্মতম্। অথাস্মাকং মতঃ যথা প্রশ্নলগ্নস্য যদা প্রথমো দ্রেক্কাণোদয়ো ভবতি তদা লগ্নরাশিতো যাবৎসংখ্যো রাশৌ বৃহস্পতিস্তিষ্ঠতি তাবৎসংখ্যানি প্রষ্টুঃ বর্ষাণি বক্তব্যানি। অথ লগ্নে দ্বিতীয়ো দ্রেক্কাণস্তদা লগ্নাৎ পঞ্চমরাশিতো যাবৎসংখ্যো রাশৌ বৃহস্পতির্ভবতি তাবৎসংখ্যানি প্রষ্টুঃ বর্ষাণি বক্তব্যানি। অথ লগ্নস্য তৃতীয়ো দ্রেক্কাণো ভবতি তদা লগ্নান্নবমরাশিতো যাবৎসংখ্যো রাশৌ বৃহস্পতির্ভবতি তাবৎসংখ্যানি প্রষ্টুঃ বর্ষাণি বক্তব্যানি এতদ্ব্যাখ্যানং ন শোভনং পূর্ব্বমেব ব্যাখ্যানং শ্রেয়ঃ যস্মাদ্ যবনেশ্বরঃ—দ্রেক্কাণক্রমে জন্মনস্তু রাশৌ গুরুস্থিতস্যাদি ত্রিকোণগোঽভূৎ। সমুক্তমেতদ্‌যবনক্রমেণ যাজ্ঞাবলাদ্‌জগতিঃ প্রপন্নাৎ। যত্রাপ্যত্র সামান্যেনোক্তং বৃহস্পতেরবস্থানং তথা চ দ্বাদশভাগক্রমেণ প্রতিরাশৌ রাশৌ সঞ্চার্য্যঃ তদ্‌যথা যদি প্রশ্নলগ্নস্য প্রথমদ্বাদশভাগোদয়ো ভবতি তদা লগ্নস্থে জীবে জাতঃ দ্বিতীয়দ্বাদশভাগস্থেতদা লগ্নাদ্ দ্বিতীয়ে গুরৌ জাতঃ এবং তৃতীয়াদিদ্বাদশভাগোদয়ে তৃতীয়াদিষু স্থানেষু উক্তম্ বিকল্প্য বর্ষাণি বয়োঽনুমানাদেবং বৃহস্পতেরবস্থানং জ্ঞাত্বা তত্র এব বয়োঽনুমানাত্তদাকৃতিঃ শরীরমবয়ো বর্ষাণি বিকল্প্য বয়স্তোষাং যুক্তা দ্বাদশস্থ দ্বাদশস্থ বর্ষেষু বিকল্পনা কার্য্যা কিমস্মিন্নেব ভগণপরিবর্ত্তে জাতরাশেঃ বৃহস্পতেরবস্থানমন্ত্যস্ত দ্বিতীয় উত তৃতীয়াদিষু এবং তস্যাকৃতিমবয়ো বয়োঽনুমানং বক্তব্যম্। যত্র দ্বাদশস্থ বর্ষেষু জাতির্ভবতি তত্র পুরুষলক্ষণোক্তেন দশাবিভাগেন দ্বাদশাব্দিকীঃ দশাং ক্ষেত্রেষু পরিকল্প্য বস্তুৎক্ষেত্রাদ্যসংস্পর্শাদর্দ্ধজ্ঞানং তথা চ পুরুষলক্ষণে পঠ্যতে। সাত্ত্বো সপ্তদশৌ প্রথমং প্রবিষ্টং জন্ম দ্বিতীয়ং তু সমাপ্তবক্ষে। নেত্রে ভ্রুকুটাস্য ততস্তৃতীয়ং সাক্ষিং কটিকেতি চতুর্থমাহুঃ। উরুদ্বয়ং কথয়ন্তি পঞ্চমং ষষ্ঠমং তদাদিতম্। অথ সপ্তমদশকক্রমশ্চ কথয়ন্তাষ্টমোক্তিকস্তরে নবমং দশমে চ সপ্তমী মনসাটং দশম শিরস্তথা মস্তকেষুজ্ঞং দশাত্তরং চরণাদ্যোদ্, গুহ্যেষু শোভনমিতি। কিন্ত্বত্র বিংশত্যধিকং বর্ষশতং যস্য জন্মনোঽতীতং তস্য নষ্টজাতকবর্ষজ্ঞানোপায় এব নাস্তি। এবং বর্ষেষু জ্ঞাতেষু ঋতুজ্ঞানমাহ—গ্রীষ্মোঽর্কলগ্ন ইতি যেন লগ্নেন প্রষ্টা পৃচ্ছতি তত্র চেদর্কঃ সূর্য্যঃ স্থিতস্তদ্দ্রেক্কাণো বা লগ্নে তদা গ্রীষ্মে জাত ইতি বক্তব্যম্। কথিতাস্তু শেষৈরিতি শেষৈর্ব্বক্ষ্যচন্দ্রাদিভির্গ্রহৈর্লগ্নস্থৈঃ ঋতুঃ পূর্ব্বমেব কথিত উক্তঃ দ্রেক্কাণৈঃ শিশিরাদয় ইত্যাদিনা গ্রন্থেনোক্তঃ তত্র যদা শনৈশ্চরো লগ্নে ভবতি তদ্দ্রেক্কাণো বা তদা শিশিরে জাত ইতি বক্তব্যম্, এবং শুক্রে লগ্নগতে বা তদ্দ্রেক্কাণস্থদা বসন্তে জাতঃ এবং ভৌমে গ্রীষ্মে এবমেব ক্রমাদপি চন্দ্রে লগ্নগতে তদ্দ্রেক্কাণে বা বর্ষাং বুধে শরদি জীবে হেমন্ত ইতি। যদা বহবো লগ্নগতা ভবন্তি তদা তেষাং মধ্যে যো বলবান্ তদৃতুজ্ঞো জাত ইতি বক্তব্যম্। অথ ন কশ্চিদ্ যদি ন লগ্নগতো ভবতি তদা তত্র লগ্নস্থ দ্রেক্কাণোদয়ো ভবতি তদা তদৃতৌ জাত ইত্যেবং বক্তব্যম্ অন্যায়নর্ত্তাবৃতুরর্কচারাদিতি অন্যস্মিন্নয়নেঽন্যস্মিন্ ঋতাবর্কচারাদৃতুঃ অন্যস্মিন্নয়নে উদয়নাগতস্যেতদৃতুরস্তো ভবতি তদর্কচারবশেন বক্তব্যঃ একঋতুঃ ভবতি সৌরেণ মাসেন ঋতুর্দ্বিমাসঃ ন তু চান্দ্রেণ যথা শিশিরে জাতে মকরকুম্ভয়োরস্ততমে রাশৌ সূর্য্যাবস্থানং জ্ঞেয়ম্ এবং শেষরাশিষ্বপ্যূহ্যম্ অনেন কৌশিকক্ষাগ্রমাসো নিরাকৃতো ভবতীতি ॥ ২ ॥

প্রশ্নসময়ে প্রশ্নলগ্ননিরূপণ করিয়া ঐলগ্নকে তিনভাগে বিভক্ত করিবে। ইহাদিগের এক একভাগের নাম দ্রেক্কাণ। ইহার প্রথমদ্রেক্কাণে প্রশ্ন হইলে কল্পনা করিয়া বিবেচনা করিবে যে, বৃহস্পতি প্রশ্নকারকের জন্মকালে প্রশ্নলগ্নে, দ্বিতীয়দ্রেক্কাণে প্রশ্ন হইলে প্রশ্নকারকের জন্মকালে বৃহস্পতি প্রশ্নলগ্নের পঞ্চমস্থানে এবং তৃতীয়দ্রেক্কাণে প্রশ্ন হইলে প্রশ্নকারকের জন্মকালে প্রশ্নলগ্নের নবমস্থানে ছিলেন।

প্রকারান্তরে। যদি লগ্নের প্রথম দ্বাদশাংশে প্রশ্ন হয়, তাহাহইলে প্রশ্নকর্ত্তার জন্মকালে প্রশ্নলগ্নেতেই বৃহস্পতি ছিলেন। দ্বিতীয় দ্বাদশাংশে প্রশ্ন হইলে প্রশ্নলগ্নের দ্বিতীয় স্থানে, এইরূপ তৃতীয়াদি দ্রেক্কাণে প্রশ্ন হইলে প্রশ্নকর্ত্তার জন্মকালে প্রশ্নলগ্ন হইতে তৃতীয়াদি স্থানে বৃহস্পতি অবস্থিত ছিলেন, নিশ্চয় করিবে।

দ্রেক্কাণানুসারে বৃহস্পতি স্থাপন করিয়া দ্বাদশাংশানুসারে প্রশ্নলগ্ন হইতে কোন্ স্থানে আছেন, তাহা স্থির করিবে, ইহাতে প্রকারান্তরে প্রশ্নকর্ত্তার জন্মলগ্ন স্থিরীকৃত হইবে।

প্রশ্নকর্ত্তার আকার দৃষ্টে অনুমানদ্বারা বয়স স্থির করিতে হইবে। পূর্ব্বকথিত দ্রেক্কাণানুসারে জন্মকালীন বৃহস্পতির স্থিতি নিশ্চয় করিয়া সেই রাশি হইতে বর্ত্তমানে বৃহস্পতি যে স্থানে আছেন, সেই স্থান পর্য্যন্ত গণনায় যত সংখ্যা হইবে, ততসংখ্যক বৎসর প্রশ্নকর্ত্তার বয়স নির্ণয় করিবে। পরন্ত প্রশ্নকর্ত্তার প্রতি দৃষ্টিপাত করিয়া দেখিবে, যদি তাহার বয়স ১২ বার বৎসরের অধিক ২৪ বৎসরের মধ্যে আছে, অনুমান হয়, তবে উক্ত নিরূপিত অঙ্কে ১২ যোগ করিয়া বয়স নির্ণয় করিবে এবং ২৪ বৎসরের অধিক ৩৬ বৎসরের মধ্যে প্রশ্নকর্ত্তার বয়স অনুমান হইলে ২৪ যোগ করিয়া, ৩৬ বৎসরের অধিক ৪৮ বৎসরের মধ্যে বয়স অনুমান হইলে ৩৬ যোগ করিয়া এবং

৪৮ বৎসরের অধিক ৬০ বৎসরের মধ্যে বয়স অনুমান হইলে নিরূপিত অঙ্কে ৪৮ যোগ করিয়া প্রশ্নকর্ত্তার বয়স স্থির করিবে। এইরূপ যত অধিক বয়স অনুমান হইবে ১২ বৃদ্ধি করিয়া যোগ করিয়া লইবে।

প্রকারান্তরে। প্রশ্নসময়ে প্রশ্নকর্ত্তা যে অঙ্গ স্পর্শ করিয়া অবস্থান করিবে, তদনুসারে বৃহস্পতির অবস্থিতিদ্বারা নিরূপিত অঙ্কে ১২ যোগ করিবে। যদি প্রশ্নকর্ত্তা পদ বা গুল্‌ফ স্পর্শ করিয়া অবস্থিত থাকেন, তবে একবার ১২ যোগ করিবে, জঙ্ঘাস্পর্শে দুইবার, জানু, উরু, মেঢ্র বা মুষ্কস্থান স্পর্শে তিনবার, নাভি বা কটিদেশ স্পর্শে চারিবার, উদরস্পর্শে পাঁচবার, হৃদয় বা স্তন স্পর্শে ছয়বার, গণ্ডস্পর্শে সাতবার। ওষ্ঠস্পর্শে আটবার, কর্ণস্পর্শে নয়বার ও ললাটস্পর্শে দশবার ১২ যোগ করিয়া বয়োমান স্থির করিবে। একশত কুড়িবৎসরের অধিক বয়স অনুমান হইলে তাহার নষ্টজাতক গণনা করিবে না। নিম্নে বিবৃত হইবে।

দৃষ্টান্ত—১২৯৪ সালের ১ বৈশাখ বেলা ১৫ দণ্ড ৩৫ পল সময় নষ্টকোষ্ঠী উদ্ধারের প্রশ্ন হইয়াছে, ইহা কল্পনা করিয়া ঐ ১৫ দণ্ড ৩৫ পল সময় যে সায়নমতে কর্কটলগ্নের ২৭ অংশ ৯ কলা ৪৬ বিকলা ১৯ অনুকলা গতে প্রশ্ন হইয়াছিল তাহা পূর্ব্বোক্তমতে গ্রহণ করিয়া কোন্ দ্রেক্কাণে প্রশ্ন হইয়াছিল তাহা নিরূপণপূর্ব্বক প্রশ্নকারকের কোন্ শকে জন্ম হইয়াছিল, তাহা বলা হইতেছে। পূর্ব্বে বলা হইয়াছে যে, কর্কট লগ্নমান ৩০ অংশে ঐ ৩০অংশকে তিনদ্বারা ভাগ করিলে তাহার প্রথম বিভাগ অর্থাৎ প্রথমদ্রেক্কাণের মান ১০ দশ অংশ হয়, এই দশ অংশের সহিত দ্বিতীয়দ্রেক্কাণের মান ১০ অংশ যোগ করিলে ২০ অংশ হয়, উপরি উক্ত লগ্নস্ফুটের উদিতাংশ দৃষ্টে দেখা যাইতেছে যে, কর্কটলগ্নের ২০ অংশ অতীতে অর্থাৎ তৃতীয়দ্রেক্কাণে প্রশ্ন হইয়াছিল, অতএব বচনানুসারে প্রশ্নকারকের কল্পিত জন্মলগ্ন কর্কটরাশি হইতে গণনায় নবমরাশি মীনে জন্মকালে বৃহস্পতি অবস্থিত ছিলেন বলিয়া কল্পিত হইল। এইক্ষণ প্রশ্নকারকের বয়স অনুমান করিয়া কিরূপে তাহার প্রকৃত বয়স নিরূপণ হইবে? তাহার দৃষ্টান্ত বিবৃত হইতেছে।

বৃহস্পতি দ্বাদশবৎসরে একবার রাশিচক্র পরিভ্রমণ করিয়া থাকেন, তাহার নাম ভগণ। যদি কোন ব্যক্তির জন্মবৎসর হইতে বৃহস্পতি কতবার রাশিচক্র ভ্রমণ করিয়াছেন, অর্থাৎ বৃহস্পতির কত ভগণ হইয়াছে, তাহা পরিজ্ঞাত হওয়া যায়, তাহাহইলে একেবারেই ঐ ব্যক্তির বয়স নিরূপণ হইতে পারে। যথা প্রশ্নকালে স্ফুট গণনাদ্বারা কিম্বা গ্রহস্ফুট পঞ্জিকা দৃষ্টে তৎকালে তুলা রাশিতে বৃহস্পতির স্থিতিনির্ণয় করা হয় এবং ঐ প্রশ্নকালে লগ্ন নিরূপণ করিয়া দ্রেক্কাণ গণনানুসারে জন্মকালে বৃহস্পতি মীনরাশিতে স্থিত ছিলেন, ইহা স্থির হইল। এইক্ষণ মনে কর, বৃহস্পতির চতুর্থ ভগণ চলিতেছে, তাহাহইলে বৃহস্পতির তিন ভগণ এবং প্রতি ভগণ ১২ বৎসর হিসাবে ৩৬ বৎসর অতীত হইয়া চতুর্থ ভগণের ৮ বৎসর অর্থাৎ উপরি-উক্ত মীন হইতে তুলা পর্য্যন্ত বৃহস্পতির গতি গণনার সংখ্যা ৮ বৎসর, ঐ ৩৬ এর সহিত ৮ যোগ করিলে ৪৪ হইল, অতএব প্রশ্ন কারকের তৎকালে ৪৪ বৎসর বয়স জানা গেল। প্রশ্নকারকের বয়স অনুমানদ্বারা বৃহস্পতির ভগণ নির্ণয় হইয়া থাকে এবং তদ্দ্বারা প্রশ্নকারকের বয়স নিরূপণ হয়। যথা যদি প্রশ্নকারকের ১২ বৎসরের অধিক ২৪ বৎসর মধ্যে বয়স অনুমান হয়, তাহাহইলে কল্পনা করিয়া লইতে হইবে যে, বৃহস্পতির একবার রাশিচক্র পরিভ্রমণ করিতে ১২ বৎসর লাগিয়াছে অর্থাৎ এক ভগণ হইয়াছে, অতএব ঐ ১২ বৎসরের সহিত কথিত ৮ বৎসর যোগ করিলে ২০ বৎসর হয়, অতএব ২০ বৎসর প্রশ্নকারকের প্রশ্নকালে বয়স জানা গেল। যদি প্রশ্নকারকের ২৪ বৎসর গত হইয়া ৩৬ বৎসরের মধ্যে বয়স অনুমান হয়, তাহাহইলে বৃহস্পতির দুই ভগণ ২৪ এর সহিত তৃতীয় ভগণের ৮ যোগ করিলে ৩২ বৎসর প্রশ্নকারকের বয়স জানা যায়। যদি ৩৬ বৎসর গত হইয়া ৪৮ বৎসর সময় অনুমান হয়, তাহাহইলে বৃহস্পতির তিন ভগণ ৩৬ বৎসর সহিত ৮ যোগ করিলে ৪৪ বৎসর প্রশ্নকারকের বয়স নিরূপণ হইবে। যদি ৪৮ বৎসর গতে ৬০ বৎসরের মধ্যে বয়স অনুমান হয়, তাহাহইলে বৃহস্পতির ৪ চারিভগণ ৪৮ বৎসরের সহিত ৮ যোগ করিলে ৫৬ বৎসর বয়স জানা যায়। এইরূপ গণনাদ্বারা প্রশ্নকারকের বয়স স্থির করিবে।

যদি প্রশ্নকারকের অবয়ব দৃষ্টে সহজে বয়স নিরূপণ হইতে না পারে বিবেচনা হয়, তাহাহইলে নিম্নলিখিত বৃহৎসংহিতার লিখিত বচন দৃষ্টে বয়স নিরূপণ করিয়া প্রশ্নলগ্নের দ্রেক্কাণানুসারে জন্মকালীন বৃহস্পতির স্থিতিরাশি পূর্ব্বোক্তমতে স্থির করিয়া এবং প্রশ্নকালে পঞ্জিকাদৃষ্টে বৃহস্পতির স্থিতি পরিজ্ঞাতে কল্পিত জন্মকালের বৃহস্পতির স্থিতিরাশি হইতে প্রশ্নসময়ের বৃহস্পতির স্থিতিরাশি গণনায় যত অঙ্ক হইবে, তাহা যোগ করিয়া বয়স নিরূপণ করিবে।

পাদৌ সগুল্‌ফৌ প্রথমং প্রদিষ্টৌ জঙ্ঘে দ্বিতীয়ঞ্চ সজানুচক্রে।
মেঢ্রোরুমুষ্কঞ্চ ততস্তৃতীয়ং নাভিঃ কটিশ্চেতি চতুর্থমাহুঃ।
উদরং কথয়ন্তি পঞ্চমং হৃদয়ং ষষ্ঠমতঃ স্তনান্বিতং।
অথ সপ্তমমংশজত্রুণী কথয়ন্ত্যষ্টমমোষ্ঠকন্ধরে।
নবমং নয়নে চ সভ্রুণী ললাটং দশমং শিরস্তথা।
অশুভেষ্বশুভং দশাফলং চরণাদ্যেষু শুভেষু শোভনং॥

মানবের দেহ দশভাগে বিভক্ত হইয়া তাহার প্রতিভাগে এক এক দশা ১২ বৎসর করিয়া দশ দশাতে ১২০ বৎসর হয়। এইক্ষণ কোন্ অঙ্গের কোন্ ভাগে কোন্ দশা তাহা কথিত হইতেছে। পাদ এবং গুল্ফ প্রথমভাগ ও প্রথম দশা, ইহার সংখ্যা ১২ বৎসর। জঙ্ঘা এবং জানু দ্বিতীয়ভাগ ও দ্বিতীয়দশা, ইহার সংখ্যা ১৩ হইতে ২৪। মেঢ্র, উরু ও মুষ্ক ইহারা তৃতীয়ভাগ ও তৃতীয়দশা, ইহার সংখ্যা ২৫ হইতে ৩৬। নাভি ও কটি চতুর্থভাগ ও চতুর্থ দশা, ইহার সংখ্যা ৩৭ হইতে ৪৮। উদর পঞ্চমভাগ ও পঞ্চম দশা, ইহার সংখ্যা ৪৯ হইতে ৬০। হৃদয় ও স্তন ষষ্ঠভাগ ও ষষ্ঠ দশা, ইহার সংখ্যা ৬১ হইতে ৭২। স্কন্ধ ও বাহু সপ্তমভাগ ও সপ্তম দশা, ইহার সংখ্যা ৭৩ হইতে ৮৪। ওষ্ঠ ও গলা অষ্টম ভাগ ও অষ্টম দশা, ইহার সংখ্যা ৮৫ হইতে ৯৬। নয়ন ও ভ্রূ নবমভাগ ও নবম দশা, ইহার সংখ্যা ৯৭ হইতে ১০৮। ললাট ও শির দশমভাগ ও দশম দশা ইহার সংখ্যা ১০৯ হইতে ১২০।

এইক্ষণ যেরূপে ঐ অঙ্গ স্পর্শদ্বারা বয়স নিরূপণ করিতে হইবে, তাহা বলা যাইতেছে। যদি প্রশ্নকালে প্রশ্নকর্ত্তা আপন পদ বা গুল্ফ স্পর্শ করে, তাহাহইলে পূর্ব্বকথিত বৃহস্পতিস্থিতিদ্বারা নিরূপিত অঙ্কে ১২ যোগ করিবে এবং জানু ও জঙ্ঘা স্পর্শ করিলে ২৪ যোগ করিবে, উরু, মুষ্ক অথবা মেঢ্র স্পর্শ করিলে ৩৬, নাভি অথবা কটি স্পর্শ করিলে ৪৮, উদর স্পর্শ করিলে ৬০, হৃদয় বা স্তন স্পর্শ করিলে ৭২, স্কন্ধ অথবা বাহু স্পর্শ করিলে ৮৪, গলা বা ওষ্ঠ স্পর্শ করিলে ৯৬, চক্ষু বা ভ্রূ স্পর্শ করিলে ১০৮; ললাট বা শির স্পর্শ করিলে ১২০ যোগ করিয়া বয়স নির্ণয় করিবে।

দৃষ্টান্ত—প্রশ্নকারক পদ স্পর্শ করিলে ১২ অঙ্ক জানা যায়, পূর্ব্বোক্ত ৮ অঙ্কে এই বার যোগ করিলে ২০ হয়। অতএব জানা যাইতেছে যে প্রশ্নকালে প্রশ্নকর্ত্তার ২০ বৎসর বয়স ছিল। এইরূপ জানুজঙ্ঘাদি স্পর্শে যে যে অঙ্ক লাভ হইবে, তাহাতে বৃহস্পতির স্থিতি অনুসারে ঐ লব্ধ ৮ যোগ করিলেই বয়স নিরূপিত হইবে।

যদি প্রশ্নলগ্নে রবি থাকেন কিম্বা রবির দ্রেক্কাণে প্রশ্ন হয়, তবে গ্রীষ্ম ঋতুতে জন্ম হইয়াছে স্থির করিবে। এইরূপ লগ্নে শনি থাকিলে কিম্বা শনির দ্রেক্কাণে প্রশ্ন হইলে শিশিরঋতুতে, লগ্নে শুক্র থাকিলে কিম্বা শুক্রের দ্রেক্কাণে প্রশ্ন হইলে বসন্ত ঋতুতে, লগ্নে মঙ্গল থাকিলে কিম্বা মঙ্গলের দ্রেক্কাণে প্রশ্ন হইলে গ্রীষ্ম ঋতুতে, লগ্নে চন্দ্র থাকিলে কিম্বা চন্দ্রের দ্রেক্কাণে প্রশ্ন হইলে বর্ষা ঋতুতে, লগ্নে বুধ থাকিলে কিম্বা বুধের দ্রেক্কাণে প্রশ্ন হইলে শরৎ ঋতুতে, লগ্নে বৃহস্পতি থাকিলে কিম্বা বৃহস্পতির দ্রেক্কাণে প্রশ্ন হইলে হেমন্তঋতুতে প্রশ্নকর্ত্তার জন্ম হইয়াছে, স্থির করিবে। দুইটী বা ততোঽধিক গ্রহ লগ্নে থাকিলে যে গ্রহ বলবান্ তাহাদ্বারা ঋতু নির্ণয় করিবে। লগ্নে যদি একটীও গ্রহ না থাকে তবে দ্রেক্কাণানুসারে ঋতু নিশ্চয় করিবে। অয়ন ও ঋতুতে অসম্ভব হইলে যেরূপ মীমাংসা করিতে হইবে তাহা পরে প্রকাশিত হইবে।

দ্রেক্কাণানুসারে ঋতুজ্ঞানের দৃষ্টান্ত।

দৃষ্টান্ত—১২৯৪ সালের ১লা বৈশাখ বেলা ১৫ দণ্ড ৩৫ পল সময় প্রশ্নকারক কোন্ ঋতুতে জন্মিয়াছে, তাহা জানিবার জন্য প্রশ্ন হইলে তৎকালীন গ্রহস্ফুট এবং লগ্নস্ফুট করিয়া দেখা গেল কর্কটলগ্নে প্রশ্ন হইয়াছে; ঐ লগ্নে বৃহস্পতি তৎকালে স্থিত নাই এবং পূর্ব্বগণনানুসারে ঐ লগ্নের তৃতীয়দ্রেক্কাণে প্রশ্ন হওয়াতে ঐ তৃতীয়দ্রেক্কাণের অধিপতি বৃহস্পতি হওয়াতে বচনানুসারে প্রশ্নকারকের জন্ম হেমন্তঋতু অর্থাৎ রবি যখন বৃশ্চিক কিম্বা ধনুরাশিতে স্থিত হয়েন, এই দুয়ের মধ্যে কোন এক রাশিতে অর্থাৎ অগ্রহায়ণ বা পৌষ এই দুইমাসের মধ্যে কোন এক মাসে জন্ম হইয়াছে নিরূপণ করিবে।

গ্রহস্ফুট যেরূপ করিতে হয়, তাহা আমার প্রকাশিত নূতন সংস্করণের ফলিত-জ্যোতিষের প্রথমখণ্ড ও তৃতীয়খণ্ডে বাহুল্যরূপে প্রতিবিষয়ের দৃষ্টান্তসহ লিখিত হইয়াছে। ঐ খণ্ডের ১৬৬ পৃষ্ঠায় এবং দ্বিতীয়খণ্ডের ৭৬ পৃষ্ঠায় যে দুইটী কুণ্ডলী অঙ্কিত করা গিয়াছে, তাহা দৃষ্টি করিলে প্রশ্নকালে কর্কটলগ্নে যে কোন গ্রহস্থিত ছিল না, তাহা পরিজ্ঞাত হইতে পারিবেন।


অন্যপ্রকার শকজ্ঞান।

প্রথমতঃ ব্যক্তির আকৃতি দেখিয়া অনুমানদ্বারা বয়ঃক্রম যতদূর স্থির করিতে পার কর, পরে উক্ত অনুমিত বয়োবৎসরকে ২ দ্বারা পূরণ করিয়া ৫ দ্বারা হরণ করিলে যে ভাগফল হয়, তাহাকে বর্ত্তমানবর্ষীয় শনি হইতে দক্ষিণাবর্ত্তে গুণিলে যে রাশিতে ফুরায়, ব্যক্তির কোষ্ঠীতে সেই রাশিতে শনির স্থিতি প্রথমতঃ নিরূপণ করিতে হইবে।

যথা—যদি সিংহরাশিতে বর্ত্তমানবর্ষীয় শনির স্থিতি হয়, তাহাহইলে যাহার আনুমানিক বয়স ২৬ বৎসর তাহার কোষ্ঠীতে কোন্ রাশিতে শনি আছেন তাহা জানিতে হইলে প্রথমত অনুমিত বয়ঃক্রমসংখ্যা ২৬ কে ২ দুই দ্বারা পূরণ করিলে ৫২ হইল, ঐ ৫২ বাহান্নকে ৫ পাঁচ দিয়া হরণ করিলে ১০ দশ লব্ধ হইবে। সিংহরাশি হইতে দক্ষিণাবর্ত্তে ১০ দশ গণনা করিলে বৃশ্চিক রাশিতে শেষ হইবে। অতএব ঐ ব্যক্তির জন্মকালে বৃশ্চিক রাশিতে শনির অবস্থিতি জানা গেল। এই

গণনার সুখবোধার্থে নিম্নে একটী চক্র অঙ্কিত হইল, তদ্দৃষ্টে সহজে বোধগম্য হইবে। সিংহরাশিতে কল্পিত বর্ত্তমান শনি লিখিত আছে, ঐ সিংহরাশি হইতে দক্ষিণাবর্ত্তে গণনা প্রদর্শনার্থ এক দুই ইত্যাদি অঙ্কপাত করা হইয়াছে। ইহাতে দশমগৃহ বৃশ্চিকরাশিতে ১০ অঙ্ক ও জন্ম শনি লিখিত আছে।

পরে পূর্ব্বোক্ত শনির অবস্থিতি বর্ত্তমানবর্ষীয় শনি হইতে যত রাশি অন্তর হইবে, তাহাকে পাঁচ দ্বারা পূরণ করিয়া ৩ তিন দিয়া বিভাগ করিলে ভাগফল যত হয়, বর্ত্তমানবর্ষীয় রাহু হইতে তত্তরাশি অন্তরে উক্ত ব্যক্তির জন্মকালে কেতুর



অবস্থিতি এবং কেতু হইতে সপ্তমরাশিতে রাহুর স্থিতি জানিবে। যথা যদি বর্ত্তমানবৎসরে ধনুরাশিতে রাহুর অবস্থিতি হয়, তবে উক্ত ব্যক্তির জন্মকালে কোন্ রাশিতে কেতু ও রাহুর স্থিতি ছিল? এস্থলে উক্ত ব্যক্তির জন্মকালীন শনি বর্ত্তমানবর্ষীয় শনি হইতে ১০ দশরাশি অন্তর নির্ণীত হইয়াছে, অতএব ঐ ১০ দশকে ৫ পাঁচ দ্বারা গুণ করিলে পঞ্চাশ গুণফল হয়। ঐ পঞ্চাশকে ৩ তিন দিয়া ভাগ করিলে ভাগফল ১৬ ষোল হয়। ঐ ১৬ ষোল হইতে ১২ বার বিয়োগ করিলে অবশিষ্ট ৪ চারি থাকে, ধনুরাশি হইতে দক্ষিণাবর্ত্তগণনায় ৪ চারিতে কন্যারাশি পাওয়া যায়, অতএব জন্মকালে কন্যারাশিতে কেতু এবং কন্যা হইতে দক্ষিণাবর্ত্তে গণনায় সপ্তমরাশি মীন হয়, ঐ মীনে জন্মকালে রাহুর অবস্থিতি স্থির করিবে। বর্ত্তমানবর্ষীয় রাহু হইতে ১২ বার বিয়োগ করিবার পূর্ব্বে জন্মকালীন কেতুর স্থিতি যতরাশি অন্তরে ছিল, তাহাকে ৩ তিন দিয়া গুণ করিয়া ২ দুই দ্বারা ভাগ করিলে ভাগফল যত হইবে বর্ত্তমানবর্ষীয় বৃহস্পতি হইতে তত্তরাশি অন্তরে জন্মকালে বৃহস্পতির অবস্থিতি জানিবে। যথা,—যদি বর্ত্তমানবর্ষে সিংহরাশিতে বৃহস্পতির অবস্থিতি হয় তবে উক্ত ব্যক্তির জন্মসময়ে কোন্ রাশিতে বৃহস্পতি আছেন? এস্থলে উক্ত ব্যক্তির জন্মকালে কেতু বর্ত্তমানবর্ষীয় রাহু হইতে ১৬ ষোল রাশি অন্তরে অবস্থিত ছিলেন ইহা পূর্ব্বদৃষ্টান্তে নির্ণীত হইয়াছে, এইক্ষণ ঐ ১৬ ষোলকে ৩ দিয়া গুণ করিলে গুণফল ৪৮ আটচল্লিশ হইল, ঐ ৪৮ আটচল্লিশকে ২ দুই দিয়া ভাগ করিলে ভাগলব্ধ ফল ২৪ চব্বিশ হইবে। ঐ ২৪ চব্বিশ হইতে ১২ বিয়োগ করিলে অবশিষ্ট ১২ বার রহিল। সিংহরাশি হইতে দক্ষিণাবর্ত্তগণনায় কন্যা রাশি পাওয়া যায়। অতএব উক্ত ব্যক্তির জন্মসময়ে কন্যারাশিতে বৃহস্পতির অবস্থিতি নির্ণীত হইতেছে।

বর্ত্তমানবর্ষীয় বৃহস্পতি হইতে ১২ বার বিয়োগ করিবার পূর্ব্বে যত রাশি অন্তরে জন্মকালে বৃহস্পতির অবস্থিতি নিরূপিত হইবে তত বৎসর ঐ ব্যক্তির বয়সের সংখ্যা হইবে এবং বর্ত্তমানশক হইতে উক্ত বয়সের সংখ্যা বিয়োগ করিয়া তাহাতে ১ এক যোগ করিলে ঐব্যক্তির জন্মশক নিরূপিত হইবে।

যথা—বর্ত্তমানবর্ষীয়বৃহস্পতি হইতে ১২ বার বিয়োগের পূর্ব্বে জন্মকালে বৃহস্পতির স্থিতি ২৪ চব্বিশ রাশি অন্তরে স্থিরীকৃত হইয়াছে অতএব উক্ত ব্যক্তির বয়ঃক্রম ২৪ চব্বিশ বৎসর নিরূপিত হইল এবং বর্ত্তমানশক ১৮০৫ অথবা ১২৯০ সন হইতে উক্ত ২৪ চব্বিশ বিয়োগ করিলে ১৮৮১ অথবা ১২৬৬ হইবে, তাহাতে ১ যোগ করিলে ১৮৮২ শক অথবা ১২৬৭ সন ঐ ব্যক্তির জন্মশক ও সন জানিবে ॥ ২ ॥

চন্দ্রজ্ঞজীবাঃ পরিবর্ত্তনীয়াঃ শুক্রারমন্দৈরয়নেবিলোমে।
দ্রেক্কাণভাগে প্রথমে তু পূর্ব্বো মাসোঽনুপাতাচ্চ তিথির্ব্বিকল্প্যঃ ॥ ৩ ॥

অথায়নে বিলোমে গ্রহপরিজ্ঞানাদৃতুপরিজ্ঞানং মাসপরিজ্ঞানং চেন্দ্রবজ্রয়াহ,—চন্দ্রেতি। অয়নে বিলোমে সতি চন্দ্রজ্ঞজীবাঃ শুক্রারমন্দৈঃ পরিবর্ত্তনীয়াঃ শশিবুধগুরবঃ শিতভৌমশনৈশ্চরৈঃ অয়নব্যত্যয়ে প্রাপ্তে সতি বর্ত্তনীয়াঃ ব্যত্যয়েন ব্যবস্থাপ্যাঃ এতদুক্তং ভবতি। যদ্যুত্তরায়ণে জাতে প্রাবৃট্‌কালে জাতস্তদা বসন্তে জাত ইতি বক্তব্যম্। চন্দ্রাচ্ছুক্রেণাত্র পরিবর্ত্তিতঃ। অথোত্তরায়ণে শরদি প্রাপ্তায়াং গ্রীষ্মে জাতঃ দক্ষিণায়নে গ্রীষ্মে জাতে শরদি জাতঃ। অথ বুধো রবিভৌময়োরপবর্জ্জিতো রবিভৌমৌ বুধেন চ উত্তরায়ণে হেমন্তে জাতে শিশিরে জাতঃ দক্ষিণায়নে শিশিরে প্রাপ্তে হেমন্তে জাতঃ ইতি বক্তব্যং। অত্র জীবমন্দৌ পরস্পরমপবর্জ্জিতৌ এবমুক্তৌ জাতে মাসজ্ঞানমাহ—দ্রেক্কাণভাগ ইতি। প্রথমলগ্নে যো দ্রেক্কাণে বর্ত্ততে তস্য চ দ্রেক্কাণস্য যদি প্রথমভাগো বর্ত্ততে তদা জাতস্তৌ প্রথমে মাসি জাত ইতি বক্তব্যম্। অথ লগ্নে দ্রেক্কাণস্য দ্বিতীয়ো ভাগো বর্ত্ততে তদা জাতস্তৌ দ্বিতীয়ে মাসি জাতঃ। তৃতীয়দ্রেক্কাণে যো বিভাগো পূর্ব্ব-

পদ্মাদজাপ্তি অর্কাবস্থানত এব মাসজ্ঞানম্। অথ এবং মাসং জ্ঞাত্বা তিথিজ্ঞানার্থমাহ—অনুপাতাচ্চ তিথির্বিকল্পাঃ অনুপাতাত্ত্রৈরাশিকাত্তিথির্বিকল্প্যা বিকল্পনীয়ঃ লগ্নত ষট্‌ লিপ্তা শতানি দ্রেষ্কাণঃ দ্রেষ্কাণেন চ জ্ঞাতর্তু ঋতুজ্ঞানং তদর্দ্ধলিপ্তা শতত্রয়ং লিপ্তা শতত্রয়েণ মাসজ্ঞানং অত্রানুপাতঃ তিথিলিপ্তা দশকেনৈকৈকো জ্ঞেয়ঃ এষ চ তিথিরাদিত্যভাগাঃ এবমাদিত্যরাশয়ো ভাগা জ্ঞেয়াঃ মাসা রাশয়স্তিথয়ো ভাগাঃ। যস্মিংশ্চ তিথৌ জ্ঞাতবর্গে যথাপ্রদর্শিতাদিত্যো ভবতি তস্মিন্ তিথৌ তস্য জন্ম ইতি বক্তব্যম্ ॥ ৩॥

অয়ন ও ঋতুর পরস্পর অনৈক্য হইলে ঋতুর অধিপতি-গ্রহের পরিবর্ত্তন করিয়া জন্মকালের ঋতু স্থির করিবে। চন্দ্র এবং শুক্র ইহারা পরস্পর পরিবর্ত্তনীয়, এইরূপ বুধ এবং মঙ্গল, বৃহস্পতি ও শনির পরিবর্ত্তন করিবে। অর্থাৎ যে ঋতুর অধিপতি চন্দ্র তৎস্থলে শুক্রের যে ঋতু হইবে, তাহা পরিবর্ত্তন করিয়া লইবে। এইরূপ বুধের ঋতুতে মঙ্গলের ঋতু এবং বৃহস্পতির ঋতুতে শনির ঋতু গ্রহণ করিবে এবং শুক্রের ঋতুস্থলে চন্দ্রের ঋতু, মঙ্গলের ঋতুতে বুধের ঋতু ও শনির ঋতুতে বৃহস্পতির ঋতুগ্রহণ করিবে।

অয়ন ও ঋতুপ্রভৃতির বিবরণ।

অয়ন	ঋতু	রাশি	মাস	অধিপতি
উত্তরায়ণ	শিশির	মকর, কুম্ভ	মাঘ, ফাল্গুন	শনি
উত্তরায়ণ	বসন্ত	মীন, মেষ	চৈত্র, বৈশাখ	শুক্র
উত্তরায়ণ	গ্রীষ্ম	বৃষ, মিথুন	জ্যৈষ্ঠ, আষাঢ়	রবি, মঙ্গল
দক্ষিণায়ন	বর্ষা	কর্কট, সিংহ	শ্রাবণ, ভাদ্র	চন্দ্র
দক্ষিণায়ন	শরৎ	কন্যা, তুলা	আশ্বিন, কার্ত্তিক	বুধ
দক্ষিণায়ন	হেমন্ত	বৃশ্চিক, ধনু	অগ্রহায়ণ, পৌষ	বৃহস্পতি

পরিবর্ত্তন।

চন্দ্র	তৎস্থলে	শুক্র।	শুক্র	তৎস্থলে	চন্দ্র
বুধ	তৎস্থলে	মঙ্গল।	মঙ্গল	তৎস্থলে	বুধ
বৃহস্পতি	তৎস্থলে	শনি।	শনি	তৎস্থলে	বৃহস্পতি

গ্রহ	মাস		গ্রহ	মাস
চন্দ্র	শ্রাবণ, ভাদ্র	তৎস্থলে	শুক্র	চৈত্র, বৈশাখ
বুধ	আশ্বিন, কার্ত্তিক	তৎস্থলে	মঙ্গল	জ্যৈষ্ঠ, আষাঢ়
বৃহস্পতি	অগ্রহায়ণ, পৌষ	তৎস্থলে	শনি	মাঘ, ফাল্গুন
শুক্র	চৈত্র, বৈশাখ	তৎস্থলে	চন্দ্র	শ্রাবণ, ভাদ্র
মঙ্গল	জ্যৈষ্ঠ, আষাঢ়	তৎস্থলে	বুধ	আশ্বিন, কার্ত্তিক
শনি	মাঘ, ফাল্গুন	তৎস্থলে	বৃহস্পতি	অগ্রহায়ণ, পৌষ

দৃষ্টান্ত—১২৯৪ সনের ১ বৈশাখ বেলা ১৫ দণ্ড, ৩৫ পলের সময়ে নষ্টজাতকসম্বন্ধীয় প্রশ্নে পূর্ব্বসাধিতমতে কর্কটলগ্নের তৃতীয়দ্রেক্কাণে প্রশ্ন হয়। আমার প্রকাশিত ফলিত-জ্যোতিষের দ্বিতীয়খণ্ডে ৭৬ পৃষ্ঠাতে যে দৃষ্টান্তসহ একটী চক্র লিখিত হইয়াছে, তাহাতে দৃষ্ট হইবে যে, প্রশ্নকালে ঐ লগ্নে কোন গ্রহের অবস্থিতি ছিল না, সুতরাং তৃতীয়দ্রেক্কাণের অধিপতি বৃহস্পতি এবং ঐ বৃহস্পতি হেমন্তঋতুর অধিপতি। ঐ হেমন্তঋতুতে অগ্রহায়ণ ও পৌষ এই দুইমাস বুঝাইতেছে। পূর্ব্বে এই নষ্টজাতকের প্রশ্নকালে গণনা করিয়া দক্ষিণায়নে জন্ম স্থিরীকৃত হইয়াছে। উপরের লিখিত চক্রদৃষ্টে জানা যায় যে, হেমন্তঋতু দক্ষিণায়নের অন্তর্গত, অতএব প্রশ্নকারকের দক্ষিণায়নে জন্ম হওয়াতে এস্থলে ঋতু ও অয়নের মধ্যে কোন বিরোধ নাই, সুতরাং এস্থলে ঋতুপরিবর্ত্তনের কোন আবশ্যক হয় না।

যদি এস্থলে প্রশ্নানুসারে দক্ষিণায়নে জন্ম না হইয়া উত্তরায়নে জন্ম নির্ণীত হইত, তাহাহইলে তৃতীয়দ্রেক্কাণের অধিপতি বৃহস্পতির সহিত শনির পরিবর্ত্তনে শনির ঋতু শিশির গ্রহণ করিয়া মাঘ বা ফাল্গুন মাস লইলেই অয়ন ও ঋতুর বিরোধ নিবারণ হইতে পারে।

দ্রেক্কাণের প্রথমার্দ্ধের মধ্যে প্রশ্ন হইলে ঋতুর প্রথমমাস এবং দ্রেক্কাণের দ্বিতীয়ভাগে প্রশ্ন হইলে ঐ ঋতুর দ্বিতীয়মাসে জন্ম হইয়াছে নিশ্চয় করিবে এবং ঐ দ্রেক্কাণার্দ্ধভাগের অংশদ্বারা জন্মদিন নিরূপণ করিবে, অর্থাৎ দ্রেক্কাণের অর্দ্ধভাগে একমাস অর্থাৎ ৩০ দিন পাওয়া যাইবে। এই অর্দ্ধভাগকে পুনর্ব্বার অর্দ্ধাংশ করিলেই ১৫ দিন হইবে।

স্পষ্টার্থ—প্রতি দ্রেক্কাণে ১০ অংশ তাহার অর্দ্ধ ৫ অংশ, এই ৫ অংশে ৩০ দিন বুঝায়। আর ঐ ৫ অংশের অর্দ্ধ ১৫ দিন হয়। বিশেষ দিন জানিতে হইলে ঐ ৫ অংশকে ৩০ ভাগ করিলে প্রতিভাগ ১০ কলা হয়, ঐ দশ কলায় একদিন বা এক তিথি, এইরূপ কলা হিসাব করিয়া জন্মদিন বা জন্মতিথি নির্ণয় করিবে।

অংশকলানুসারে দিননির্ণয়।

অংশ,	কলা,	দিন ও তিথি।	অংশ,	কলা,	দিন ও তিথি।	অংশ,	কলা,	দিন ও তিথি।
,,	১০	১	১	৫০	১১	৩	৩০	২১
,,	২০	২	২	০	১২	৩	৪০	২২
,,	৩০	৩	২	১০	১৩	৩	৫০	২৩
,,	৪০	৪	২	২০	১৪	৪	০	২৪
,,	৫০	৫	২	৩০	১৫	৪	১০	২৫
১	০	৬	২	৪০	১৬	৪	২০	২৬
১	১০	৭	২	৫০	১৭	৪	৩০	২৭
১	২০	৮	৩	০	১৮	৪	৪০	২৮
১	৩০	৯	৩	১০	১৯	৪	৫০	২৯
১	৪০	১০	৩	২০	২০	৫	০	৩০

মাসের কোন তারিখে প্রশ্নকারকের জন্ম হইয়াছে, তাহা জানিতে হইলে উপরিলিখিত টেবিল দৃষ্টি করিলেই সহজে প্রশ্নকর্ত্তার জন্মদিবস নির্ণীত হইবে। যথা—দ্রেক্কাণার্দ্ধের ১০ কলার মধ্যে প্রশ্ন হইলে মাসের প্রথমদিবসে প্রশ্নকর্ত্তার জন্ম জানিবে। এইরূপ ১০ কলার পর ২০ কলার মধ্যে প্রশ্ন হইলে দ্বিতীয়দিবসে, ২০ কলার পর ৩০ কলার মধ্যে প্রশ্ন হইলে তৃতীয়দিবসে, ৩০ কলার পর ৪০ কলার মধ্যে হইলে চতুর্থ-দিবসে, ৪০ কলার পর ৫০ কলার মধ্যে হইলে পঞ্চমদিবসে এবং ৫০ কলার পর ১ অংশের মধ্যে হইলে ষষ্ঠদিবসে প্রশ্নকারকের জন্ম স্থির করিবে। এইরূপে দ্রেক্কাণার্দ্ধ ৫ অংশের কোন্ কলায় প্রশ্ন হইয়াছে তাহা জানিয়া মাসের কোন দিবসে প্রশ্ন-কর্ত্তার জন্ম তাহা জানা যাইবে।

দৃষ্টান্ত—পূর্ব্বে উক্ত হইয়াছে যে, ১২৯৪ সালের ১লা বৈশাখ, বেলা ১৫ দণ্ড ৩৫ পল সময়ে নষ্টজাতকের কোষ্ঠী প্রস্তুতিসম্বন্ধে প্রশ্ন হইলে পূর্ব্বোক্ত প্রক্রিয়ামতে প্রশ্নসময়ে কর্কটলগ্নের ২৭ অংশ, ৯ কলা, ৪৬ বিকলা, ১৯ অনুকলা উদিত এবং ঐ লগ্নের দ্রেক্কাণবিভাগের তৃতীয়দ্রেক্কাণে প্রশ্ন হইয়াছিল, প্রশ্নকালে কর্কটলগ্নে কোন গ্রহ ছিল না, সুতরাং কর্কটলগ্নের তৃতীয়-দ্রেক্কাণের অধিপতি বৃহস্পতি। এইক্ষণ জানা যায় যে, ঐ বৃহস্পতির দ্রেক্কাণে প্রশ্ন হইয়াছে বলিয়া হেমন্তঋতুতে জন্ম হইয়াছিল। দুই দুই মাসে এক এক ঋতু হয়, হেমন্তঋতুতে অগ্রহায়ণ ও পৌষ এই দুই মাস, তৃতীয়দ্রেক্কাণের শেষার্দ্ধে প্রশ্ন হইয়াছে বিধায় পৌষমাসে জন্ম জানা গেল। আর তৃতীয়দ্রেক্কাণের শেষার্দ্ধে ২ অংশ, ৯ কলা, ৪৬ বিকলা, ১৯ অনুকলা সময়ে প্রশ্ন হওয়াতে পৌষমাসের ১৩ দিনে জন্ম জানা গেল।

যেরূপে নষ্টজাতকের দিনানয়নপ্রণালী উক্ত হইল, ঐ প্রণালীতেই জন্মতিথি নির্ণীত হইবে। অর্থাৎ উক্ত ১০ কলার মধ্যে প্রশ্ন হইলে শুক্লপ্রতিপৎ, ঐ ১০ কলার পর ২০ কলার মধ্যে প্রশ্ন হইলে শুক্লদ্বিতীয়া এবং ২০ কলার পর ৩০ কলার মধ্যে প্রশ্ন হইলে শুক্লতৃতীয়া নষ্টজাতকের জন্মতিথি জানা যাইবে। এইরূপে কোন্ কলায় প্রশ্ন হইয়াছে, তাহা জানিয়া অনায়াসে তিথি জানা যাইতে পারে ॥ ৩ ॥

অত্রাপি হোরাপটবো দ্বিজেন্দ্রাঃ সূর্য্যাংশতুল্যাং তিথিমুদ্দিশন্তি। রাত্রিদ্যুসংজ্ঞেষু বিলোমজন্মভাগৈশ্চ বেলাঃ ক্রমশো বিকল্প্যাঃ ॥ ৪ ॥

অথ চন্দ্রমানতিথিজ্ঞানোপায়মিপ্রবজ্রয়াহ—অত্রাপীতি। অত্রাস্মিংস্তিথিজ্ঞানে দ্বিজেন্দ্রাঃ মুনয়ো হোরাশাস্ত্রজ্ঞাঃ সূর্য্যাংশতুল্যাং অংশস্থানে স্ফুটার্কভাগসমাং তিথিমুদ্দিশন্তি কথয়ন্তি। প্রশ্নকালে তাৎকালিকেনাদিত্যেন যাবন্তো ভাগা ভুক্তাস্তাবন্তঃ শুক্লপ্রতিপৎ-প্রভৃতি জাতমাসস্য তিথয়ো ব্যতীতাঃ, অত্র চান্দ্রমানে মকরমাসে জাতে মাঘমাসো জ্ঞেয়ঃ এবমন্যেষ্বপি মাসকল্পনা কার্য্যা। তথাচ মণিথঃ পৃচ্ছাকালে রবিণা যাবন্তোহংশাঃ স্ফুটেন সংভুক্তাঃ রাশেস্তাস্তিথয়ঃ স্যুঃ শুক্লাদ্যাবর্কমাসস্য এবং দিনে জাতে কিময়ং রাত্রৌ জাতো দিবাবেতি তদর্থমাহ—রাত্রিদ্যুসংজ্ঞেষ্বিতি। রাত্রিদ্যুসংজ্ঞা পূর্ব্বং ব্যাখ্যাতাঃ গোঽজাদি-কর্কিমিথুনা ইত্যাদিনা তত্র প্রশ্নকালে যদি রাত্রিসংজ্ঞো লগ্নো ভবতি তদা তত্র বিলো-মতা দিবাজন্ম বক্তব্যং। অথ দ্যুসংজ্ঞো লগ্নো ভবতি তদা রাত্রৌ জন্ম বক্তব্যম্ এবং দিনরাত্রিবিভাগে জাতে বেলাজ্ঞানমাহ ভাগৈশ্চ বেলাঃ ক্রমশো বিকল্প্যাঃ যস্মিন্ দিনে পুরুষস্য জন্মজ্ঞানং তস্মিন্ দিনে অংশাদিত্যোঽপি জাতঃ। ততস্তস্য পুরুষস্য যদি দিবা-জন্ম তদা তস্মাদাদিত্যাদি ন প্রমাণং কার্য্যম্। অথ রাত্রৌ জন্ম তদা রাত্রিপ্রমাণং তত্র প্রশ্নলগ্নস্য তস্মিন্ কালে যাবন্তশ্চষকা ভুক্তাস্তেরনুপাতঃ কার্য্যঃ। যদি পুরুষস্য দিবা জন্ম তদা দিনপ্রমাণেন যদা রাত্রৌ তদা রাত্রিপ্রমাণেন তাৎকাললগ্নভুক্তচষকানাং গুণনাং কৃত্বা তস্যৈব লগ্নস্য স্বদেশরাশ্যুদয়প্রমাণেন ভাগমপহৃত্যাবাপ্তাং বেলাং তাবতা কালেন গতেন দিনস্য রাত্রের্বা জন্ম বক্তব্যং এবং লগ্নভাগৈঃ ক্রমশঃ পরিপাট্যা বেলা সময়ঃ বিকল্প্যা বিকল্পনীয়া ॥ ৪ ॥

হোরাবিদ্ পণ্ডিতগণ বলেন যে, গত শুক্ল প্রতিপদ্ হইতে জন্মসময় পর্য্যন্ত রবি যে কোন নিশ্চিত রাশির যত অংশ ভোগ করিয়াছেন নিরূপিত হইবে, প্রশ্নকর্ত্তার ততসংখ্যক তিথি হইবে, তাহাই জন্মতিথি। প্রশ্নলগ্ন যদি দিবাসংজ্ঞক রাশি হয় তাহাহইলে রাত্রিতে জন্ম এবং রাত্রিসংজ্ঞক রাশি হইলে দিবাতে জন্ম স্থির করিবে।

জন্মদণ্ড জানিতে হইলে প্রশ্নকালে লগ্নস্ফুট করিয়া দেখিবে চক্রবালে উদিতলগ্নের কত অংশ উদয় হইয়াছে, তাহার সংখ্যানুসারে জন্মদণ্ড নিরূপণ করিতে হইবে।

স্পষ্টার্থ—যে দিবস জন্মদিন স্থিরীকৃত হইবে সেই দিবসের দিনমান ও রাত্রিমান অগ্রে গণনা করিয়া স্থির করিবে। পরে সেই দিবসের উদিত রাশি হইতে লগ্নস্ফুটের অংশসংখ্যা জানিয়া ত্রৈরাশিক করত দিবসে জন্ম হইলে দিবসের জন্মদণ্ড সংখ্যা এবং রাত্রিতে জন্ম হইলে রাত্রির জন্মদণ্ডসংখ্যা নিরূপণ করিবে।

তিথি আনয়নের দৃষ্টান্ত—জন্মকালে যদি রবি ধনুরাশির ২৪ অংশে স্থিত জানা যায় তাহাহইলে জন্মকালে শুক্লপ্রতিপদ হইতে গণনায় ২৪ অঙ্কে কৃষ্ণপক্ষের নবমী হয়, এই কৃষ্ণানবমীই প্রশ্নকারকের জন্মতিথি বলিয়া নিরূপিত হইবে ॥ ৪ ॥

কেচিচ্ছশাঙ্কাধ্যুষিতান্নবাংশাচ্ছুক্লান্তসংজ্ঞং কথয়ন্তি মাসং। লগ্নত্রিকোণোত্তমবীর্য্যযুক্তং সম্প্রোচ্যতেঽঙ্গালভ-নাদিভির্ব্বা ॥ ৫ ॥

অথান্তরেণ মাসজ্ঞানমিন্দ্রবজ্রয়াহ—কেচিদিতি। কেচিদাচার্য্যাঃ শশাঙ্কাধ্যুষিতা-চ্চন্দ্রযুক্তান্নবাংশাচ্ছুক্লান্তসংজ্ঞং মাসং কথয়ন্তি প্রশ্নকালে যস্মিন্নবাংশকে নবমেঽংশে চন্দ্রমা ভবতি। তমপি নবাংশকং ত্রিধা পরিকল্প্য তস্মিন্ নবাংশকে নবমেঽংশে চন্দ্রমা ব্যবস্থিত ইতি। চন্দ্রনবাংশকগতং নক্ষত্রমন্বেষ্যম্ তন্নক্ষত্রশুক্লান্তসংজ্ঞকে মাসি তস্য জন্ম বক্তব্যম্। অত্র যস্য নক্ষত্রস্য শুক্লান্তসংজ্ঞো মাসো নাস্তি তস্য বৃহস্পতিচারোক্তবিধিনা শুক্লান্তসংজ্ঞো মাসঃ পরিকল্প্যঃ তত্রোক্তম্ নক্ষত্রেণ সহোদয়মস্তং বা যেন যাতি সুরমন্ত্রী তৎসংজ্ঞং

মেষাদি রাশী
নাংচষকাঃ
মে০ ২০০ মী০
বৃ০ ২৪০ কুং০
মি০ ২৮০ ম০
ক০ ৩২০ ধ০
সিং০ ৩৬০ বৃ০
ক০ ৪০০ তু০

বক্তব্যম্ এবং মাসং ক্রমেণৈব বর্ধানি কার্ত্তিকাদীন্যগ্রহায়ণাদ্যয়া যোজ্যানি ক্রমশস্তিতস্ত পঞ্চমনুপাত্তামন্তাক যদর্থমিতি। তত্র চন্দ্রমা যদি বৃষনবাংশকে তন্নবাংশকসপ্তকস্তাৰ্দ্ধাগ্ ভবতি তদা কার্ত্তিকে মাসি জাত ইতি বক্তব্যম্। অথ বৃষনবাংশকজোৰ্দ্ধং ভবতি মিথুননবাংশকে তন্নবাংশকষট্কস্তাৰ্দ্ধাগ্ যদা চন্দ্রমা ভবতি তদা মার্গশীর্ষে মাসি জাত ইতি বক্তব্যম্। অথ মিথুননবাংশকে তন্নবাংশকষট্কজোৰ্দ্ধং কর্কটনবাংশকে তন্নবাংশকপঞ্চকস্তাৰ্দ্ধাগ্ যদা চন্দ্রমা ভবতি তদা পৌষে মাসি জাত ইতি বক্তব্যম্। অথ কর্কটে তন্নবাংশকপঞ্চকজোৰ্দ্ধং সিংহনবাংশকে তন্নবাংশচতুষ্টয়স্তাৰ্দ্ধাগ্ যদা চন্দ্রমা ভবতি তদা মাঘে মাসি জন্ম ইতি বক্তব্যম্। অথ সিংহনবাংশকে তন্নবাংশচতুষ্টয়জোৰ্দ্ধং কন্যানবাংশকে তন্নবাংশকসপ্তকস্তাৰ্দ্ধাগ্ যদা চন্দ্রমা ভবতি তদা ফাল্গুনে মাসি জাত ইতি বক্তব্যম্। অথ কন্যানবাংশকসপ্তকজোৰ্দ্ধং তুলনবাংশকে তন্নবাংশকষট্কস্তাৰ্দ্ধাগ্ যদা চন্দ্রমা ভবতি তদা চৈত্রে মাসি জাত ইতি বক্তব্যম্। অথ তুলানবাংশকে তন্নবাংশকষট্কজোৰ্দ্ধং বৃশ্চিকনবাংশকে তন্নবাংশকষট্কস্তাৰ্দ্ধাগ্ যদা চন্দ্রমা ভবতি তদা বৈশাখে মাসি জাত ইতি বক্তব্যম্। অথ বৃশ্চিকে তন্নবাংশকপঞ্চকজোৰ্দ্ধং ধন্বিনবাংশকে তন্নবাংশকচতুষ্টয়স্তাৰ্দ্ধাগ্ যদা চন্দ্রমা ভবতি তদা জ্যৈষ্ঠে মাসি জাত ইত্যবগন্তব্যম্। অথ ধন্বিনবাংশকে তন্নবাংশকচতুষ্টয়জোৰ্দ্ধং মকরনবাংশকত্রয়স্তাৰ্দ্ধাগ্ যদা চন্দ্রমা ভবতি তদা আষাঢ়ে মাসি জাত ইতি বক্তব্যম্। অথ মকরনবাংশকে তন্নবাংশকজোৰ্দ্ধং কুম্ভনবাংশকে তন্নবাংশকদ্বয়স্তাৰ্দ্ধাগ্ যদা চন্দ্রমা ভবতি তদা শ্রাবণে মাসি জাত ইতি বক্তব্যম্। অথ কুম্ভনবাংশকে তন্নবাংশকদ্বয়জোৰ্দ্ধং মীননবাংশে তন্নবাংশপঞ্চকস্তাৰ্দ্ধাগ্ যদা চন্দ্রমা ভবতি তদা ভাদ্রপদে মাসি জাত ইতি বক্তব্যম্। অথ মীননবাংশকে তন্নবাংশকপঞ্চকজোৰ্দ্ধং মেষনবাংশে তন্নবাংশষট্কত্রয়স্তাৰ্দ্ধাগ্ যদা চন্দ্রমা ভবতি তদাশ্বযুজি মাসি জাত ইতি বক্তব্যম্। অথ মেষনবাংশকে তন্নবাংশাষ্টকজোৰ্দ্ধং যদি চন্দ্রমা ভবতি তদা কার্ত্তিকে মাসি জাত ইত্যবগন্তব্যম্। যস্মিন্ কৃত্তিকারোহিণী স কার্ত্তিকঃ, মৃগশিরার্দ্রা চ মার্গশীর্ষঃ, পুনর্ব্বসুপুষ্যাশ্চ পৌষঃ, অশ্লেষামঘা চ মাঘঃ, পূর্ব্বাফাল্গুন্যুত্তরাফাল্গুনীহস্তশ্চ ফাল্গুনঃ, চিত্রাস্বাতী চ চৈত্রঃ, বিশাখা অনুরাধা চ বৈশাখঃ, জ্যেষ্ঠামূলে জ্যৈষ্ঠঃ, পূর্ব্বাষাঢ়োত্তরাষাঢ়শ্চাষাঢ়ঃ, শ্রবণধনিষ্ঠা চ শ্রাবণঃ, শতভিষক্পূর্ব্বভাদ্রপদোত্তরভাদ্রপদাশ্চ ভাদ্রপদঃ, রেবত্যশ্বিনীভরণ্যশ্চাশ্বযুজঃ, যস্মাত্তুভম্ ত্রিতস্ত পঞ্চমনুপাত্তামন্তাক যদর্থমিতি এবং শুক্লাং তস্ত মাসস্ত নিশ্চয়ঃ শুক্লান্তগ্রহণেনৈতৎ প্রতিপাদয়তি যতঃ শুক্লপক্ষান্তে যেন নক্ষত্রেণ যুক্তশ্চন্দ্রমাস্তেনোপলক্ষিতো মাসো বক্তব্যঃ। যথা কার্ত্তিকশুক্লপক্ষান্তে কৃত্তিকারোহিণীভ্যামন্যতমেন যশ্চন্দ্রমা ভবতি তেন কার্ত্তিকো মাস উচ্যতে। এবমন্যেষামপি যোজ্যতে তদেতদ্ ক্রমতে এতদুক্তং ভবতি। ন শুক্লান্তো মাস ইত্যতো মাসঃ কৃষ্ণান্ত এব। তথাচ যবনেশ্বরঃ—মাসে তু শুক্লপ্রতিপৎপ্রবৃত্তে পূর্ব্বে শশী মধ্যবলোদয়াহে তথাচ যত্রাশিসংজ্ঞে শীতাংশুঃ প্রশ্নকালে নবাংশকে স্থিতস্তত্রাশিগঃ পূর্ণো যস্মিন্ ভবতি। চন্দ্রমাঃ জন্মমাসঃ স নির্দ্দিষ্টঃ পুরুষস্ত তু পৃষ্টকঃ কৃষ্ণপক্ষাদ্বিকো মাসো জ্ঞেয়োহত্র বিপশ্চিতাঃ। লগ্নত্রিকোণেষ্বত্যাদি লগ্নস্ত প্রশ্নলগ্নস্ত ত্রিকোণয়োশ্চ নবমপঞ্চময়োর্মধ্যাদ্বাস্তবকালমুত্তমেন প্রথমবীর্য্যেণ বলেন যুক্তস্তন্ত রাশিঃ প্রোচ্যতে কথ্যতে যস্মিন্ রাশৌ গতে চন্দ্রমসি জাত ইতি বক্তব্যং তথাচ যবনেশ্বরঃ—হোরাদিবীর্য্যাধিকলগ্নতাভিস্থানে ত্রিকোণে শশিনো বিবাহ অঙ্গালম্ভনাদিভির্ব্বা কালাঙ্গানীত্যনেন প্রদর্শিতো যঃ কালপুরুষস্তাঙ্গবিভাগস্তত্রালম্ভনাভ্যানেন বিধিনা প্রষ্টুঃ স্পৃশতঃ যদেব কালপুরুষস্তাঙ্গং স্পৃশতি তৎস্থে চন্দ্রমসি জাত ইতি বক্তব্যম্। আদিগ্রহণপ্রাণ্যুক্তশব্দদর্শনশ্রবণে গৃহ্যতে॥ ৫॥

কোন কোন জ্যোতির্ব্বিৎ পণ্ডিতের মতের প্রশ্নকালে চন্দ্র যে নবাংশে অবস্থিতি করিবেন সেই নবাংশানুসারে চান্দ্র জন্মমাস নিরূপিত হইবে। অপর কেহ কেহ বলেন যে, যে লগ্নে প্রশ্ন হইবে সেই লগ্ন কিম্বা ঐ প্রশ্নলগ্ন হইতে তাহার পঞ্চমে অথবা নবমে যে রাশি বলবান্ হইবে সেই রাশিতেই জন্মকালে চন্দ্রের স্থিতি জানিবে।

যদি উপরি উক্ত রাশিত্রয়ের মধ্যে কোন্ রাশি বলবান্, তাহা নিরূপণ করা দুঃসাধ্য হয়, তাহাহইলে প্রশ্নকালে প্রশ্নকর্ত্তা তাহার যে অঙ্গে হস্তচালনা করিবে, সেই সেই অঙ্গে (কাল পুরুষের অঙ্গবিভাগানুসারে) যে রাশি হইবে অথবা প্রশ্নকালে কোন রাশির স্বরূপ কোন প্রাণী উপস্থিত দেখিয়া বা তাহার শব্দ শুনিয়া সেই প্রাণী বা প্রাণীর শব্দে যে রাশি কল্পিত হয় সেই রাশি প্রশ্নকর্ত্তার জন্মকালের চন্দ্রের স্থিতি জানিবে।

স্পষ্টার্থ—নবাংশবিবরণ পূর্ব্বে উক্ত হইয়াছে, সুতরাং তাহার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন। নষ্টজাতকের জন্মমাস নিরূপণের সঙ্কেত এই যে, যদি প্রশ্নকালে চন্দ্র মেষরাশির অষ্টমনবাংশের পর বৃষরাশির সপ্তমনবাংশের মধ্যে অবস্থিত হয় তাহাহইলে প্রশ্নকর্ত্তার কার্ত্তিকমাসে জন্ম জানা যাইবে॥ ১॥

বৃষরাশির সপ্তমনবাংশের পর মিথুনের ষষ্ঠনবাংশমধ্যে যদি চন্দ্রের অবস্থান হয় তাহাহইলে চান্দ্র অগ্রহায়ণ মাসে প্রশ্নকর্ত্তার জন্ম জানা যাইবে॥ ২॥

মিথুনরাশির ষষ্ঠনবাংশের পর কর্কটরাশির পঞ্চমনবাংশমধ্যে চন্দ্র থাকিলে প্রশ্নকারকের পৌষমাসে জন্ম জানায়॥ ৩॥

কর্কটরাশির পঞ্চমনবাংশের পর সিংহরাশির চতুর্থনবাংশমধ্যে চন্দ্র থাকিলে প্রশ্নকর্ত্তার মাঘমাসে জন্ম স্থির করিবে॥ ৪॥

সিংহরাশির চতুর্থনবাংশের পর কন্যারাশির সপ্তমনবাংশমধ্যে চন্দ্রের অবস্থান হইলে প্রশ্নকর্ত্তার ফাল্গুনমাসে জন্ম নিশ্চয় করিবে॥ ৫॥

কন্যার সপ্তমনবাংশের পর তুলার ষষ্ঠনবাংশমধ্যে চন্দ্র থাকিলে প্রশ্নকর্ত্তার চৈত্রমাসে জন্ম জানিতে হইবে॥ ৬॥

তুলারাশির ষষ্ঠনবাংশের পর বৃশ্চিকের পঞ্চমনবাংশমধ্যে চন্দ্র অবস্থিত হইলে প্রশ্নকারক বৈশাখমাসে জন্মিয়াছে স্থির করিবে॥ ৭॥

বৃশ্চিকের পঞ্চমনবাংশের পর ধনুর চতুর্থনবাংশমধ্যে চন্দ্রের অবস্থিতি হইলে জ্যৈষ্ঠমাসে প্রশ্নকারকের জন্ম স্থির করিবে॥ ৮॥

ধনুর চতুর্থনবাংশের পর মকরের তৃতীয়নবাংশমধ্যে চন্দ্র অবস্থিত হইলে প্রশ্নকর্ত্তা আষাঢ়মাসে জন্মিয়াছে স্থির করিবে ॥ ৯ ॥

মকরের তৃতীয়নবাংশের পর কুম্ভের দ্বিতীয়নবাংশের মধ্যে চন্দ্র অবস্থিত হইলে শ্রাবণমাসে প্রশ্নকর্ত্তার জন্ম হইয়াছে স্থির করিবে ॥ ১০ ॥

কুম্ভের দ্বিতীয়নবাংশের পর মীনের পঞ্চমনবাংশমধ্যে চন্দ্র থাকিলে ভাদ্রমাসে প্রশ্নকারক জন্মিয়াছে, স্থির করিবে ॥ ১১ ॥

মীনের পঞ্চমনবাংশের পর মেষের অষ্টমনবাংশের মধ্যে চন্দ্র স্থিত হইলে আশ্বিনমাসে প্রশ্নকর্ত্তা জন্মিয়াছে জানিতে হইবে। এইরূপে প্রশ্নকারকের জন্মমাস নিরূপণ করা যায় ॥১২॥

সপাদনক্ষত্রদ্বয়ে এক এক রাশি হয়, ইহা জ্যোতিষকল্পদ্রুমে উক্ত হইয়াছে। এইক্ষণ যে যে নক্ষত্রের নামে যে যে মাসের নাম হইয়াছে, তাহা পাঠকবর্গের বিদিতার্থ নিম্নে লিখিত হইল।

অন্ত্যোপান্ত্যৌ ত্রিভৌ জ্ঞেয়ৌ ফাল্গুনশ্চ ত্রিভো মতঃ। শেষা মাসা দ্বিভা জ্ঞেয়াঃ কৃত্তিকাদিব্যবস্থয়া। তত্রৈব—দ্বে দ্বে চিত্রাদিতারাণাং পূর্ণপর্ব্বেন্দুসঙ্গতে। মাসাশ্চৈত্রাদয়ো জ্ঞেয়াস্ত্রিকঃ ষষ্ঠান্ত্যসপ্তমাঃ ॥

কৃত্তিকা ও রোহিণী এই দুই নক্ষত্রঘটিত কার্ত্তিকমাস, এইরূপে মৃগশিরা ও আর্দ্রা অগ্রহায়ণমাস, পুনর্ব্বসু ও পুষ্যা পৌষমাস, অশ্লেষা ও মঘা মাঘমাস, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী ও হস্তা ফাল্গুনমাস, চিত্রা ও স্বাতী চৈত্রমাস, বিশাখা ও অনুরাধা বৈশাখমাস, জ্যেষ্ঠা ও মূলা জ্যৈষ্ঠমাস, পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়া আষাঢ়মাস, শ্রবণা ও ধনিষ্ঠা শ্রাবণমাস, শতভিষা, পূর্ব্বভাদ্রপদ ও উত্তরভাদ্রপদ ভাদ্রমাস এবং রেবতী, অশ্বিনী ও ভরণী আশ্বিনমাস। এই সকল মাসঘটিতনক্ষত্র সেই সেই মাসের পূর্ণিমাতে যুক্ত হয়, অর্থাৎ কার্ত্তিকমাসের পূর্ণিমাতে কৃত্তিকা বা রোহিণীনক্ষত্র হইবে, অগ্রহায়ণমাসের পূর্ণিমাতে মৃগশিরা বা আর্দ্রা নক্ষত্র হইবে। এইরূপ অন্যান্য নক্ষত্রেরও যোগ জানিবে ॥ ৫ ॥

যাবানুগতঃ শীতকরো বিলগ্নাচ্চন্দ্রাদ্বদেত্তাবতি জন্মরাশিঃ। মীনোদয়ে মীনযুগং প্রদিষ্টং ভক্ষ্যা হৃতাকাররুতৈশ্চ চিন্ত্যম্ ॥ ৬ ॥

অথ প্রকারান্তরেণ জন্মেশরাশিজ্ঞানমিচ্ছবস্ত্রাহ—যাবানিতি। বিলগ্নাৎ পৃচ্ছালগ্নাচ্ছীতকরশ্চন্দ্রো যাবান্ গতো জন্মরাশৌ ব্যবস্থিতস্তস্মাদ্ যস্তাবতি রাশিঃ তত্রস্থে চন্দ্রমসি জাত বক্তব্যং। মীনোদয়ে যদি মীনলগ্নগতো ভবতি তদা মীনযুগমেব প্রদিষ্টমুক্তম্ মীনস্থচন্দ্রমা ইতি বক্তব্যম্। ননু দর্শিতবিধিনা রাশিরনেকপ্রকারো যত্র প্রাপ্তো ভিন্নরূপস্তত্র কো বক্তব্য ইত্যাশঙ্ক্যাহ—ভক্ষ্যাদ্যতাকাররুতৈরিতি যস্য রাশেঃ সদৃশঃ ভক্ষ্যাদ্রব্যং তস্মিন্ কালে কৃত্রিমমানীয়তে তদাকারশ্চ কশ্চিদ্ দৃশ্যতে যথা মার্জ্জারাদিদর্শনে সিংহো মহিষাদিদর্শনে বৃষ ইত্যাদি। অথবা হাস্যাক্রন্দনং পুরুষস্য দৃষ্টাথবা শ্রূয়তে যস্য রাশিসদৃশপ্রাণিনো রুতং শব্দঃ ক্রিয়তে তত্রস্থে চন্দ্রমসি জাত ইতি বক্তব্যম্ ॥ ৬ ॥

প্রশ্নসময়ে প্রশ্নলগ্ন হইতে যতসংখ্যক রাশিতে চন্দ্র অবস্থিত থাকিবেন, সেই চন্দ্রগত রাশিহইতে ততসংখ্যক রাশি প্রশ্নকর্ত্তার জন্মরাশি হইবে। কিন্তু মীনলগ্নে প্রশ্ন হইলে মীনরাশিই প্রশ্নকর্ত্তার জন্মরাশি স্থিরীকৃত হইবে। সন্দেহস্থলে প্রশ্নকালে কোন খাদ্যবস্তু আনীত হইলে সেইসকল বস্তু যে রাশির অনুরূপ বা সংস্রব থাকে অথবা ঐ রাশির আকার কোন জীব উপস্থিত হয় অথবা ঐরূপ জীবের শব্দও হয় তদনুসারে রাশিনির্ণীত হইবে।

দৃষ্টান্ত—প্রশ্নকালে যদি বৃশ্চিকরাশি লগ্ন হয় এবং তৎকালে মীনরাশিতে চন্দ্র অবস্থিতি করে, তাহাহইলে বৃশ্চিক হইতে গণনায় মীনরাশি পঞ্চম হইতেছে, এইক্ষণ ঐ মীনরাশি হইতে গণনায় কর্কট পঞ্চমরাশি হয় এই কর্কটরাশিই প্রশ্নকর্ত্তার জন্মরাশি হইবে ॥ ৬ ॥

হোরানবাংশপ্রতিমং বিলগ্নং লগ্নাদ্রবির্যাবতি চ দৃকাণে। তস্মাদ্বদেত্তাবতি বা বিলগ্নং প্রষ্টুঃ প্রসূতাবিতি শাস্ত্রমাহ ॥ ৭ ॥

এবং জন্মরাশৌ জ্ঞাতে লগ্নজ্ঞানমিচ্ছবস্ত্রাহ—হোরেতি। হোরায়াং প্রশ্নলগ্নে যস্য রাশের্নবাংশকস্তৎকালং বর্ত্ততে তস্মাত্তাবতিতমং তৎপ্রতিমন্তমেবাংশকরাশিং তস্য জন্মলগ্নং বক্তব্যম্। অথবা লগ্নাৎপ্রদ্রেক্কাণাদারভ্য রবিঃ সূর্য্যো যাবতি যাবৎসংখ্যে দ্রেক্কাণে ব্যবস্থিতস্তস্মাল্লগ্নাদারভ্য তাবতি রাশৌ লগ্নগতে তস্য জন্ম বক্তব্যম্। অত্র চ দ্বাদশেভ্যোঽধিকে দ্রেক্কাণে দ্বাদশকমপাস্য সংখ্যানির্দ্দেশঃ চতুর্ব্বিংশতেরধিকে চতুর্ব্বিংশতিমপাস্য শেষং বদেৎ। এবং শাস্ত্রমাহ—শাস্ত্রং কথয়তি ন যবনীবিকল্পোক্তমিত্যেতৎপ্রতিপাদয়তি শাস্ত্রগ্রহণেনৈতৎপ্রতিপাদ্যতে, উক্তঞ্চ পৃচ্ছালগ্ননবাংশস্য যো রাশিঃ সংজ্ঞয়া সমস্তস্মিন লগ্নগতে রাশৌ জন্ম বক্তব্যম্ পৃচ্ছতস্তাবৎ সংখ্যোপগতে লগ্নাদ্দ্রেক্কাণে দিনকৃৎ ততঃ প্রশ্নলগ্নাত্তাবৎসংখ্যে কৃতে লগ্নরাশৌ প্রষ্টুর্জন্ম বিনির্দ্দিশেৎ ॥ ৭ ॥

প্রশ্নকালে উদিতলগ্নের যে নবাংশে প্রশ্ন হইবে সেই নবাংশে যে রাশি নিরূপিত হইবে সেই রাশিই প্রশ্নকারকের জন্মলগ্ন হইবে। অথবা যে দ্রেক্কাণে প্রশ্ন হইবে, সেই দ্রেক্কাণ হইতে রবি যতসংখ্যক দ্রেক্কাণে অবস্থিতি করিবেন, প্রশ্নলগ্ন হইতে ততসংখ্যক রাশি জন্মলগ্ন হইবে। দ্রেক্কাণের সংখ্যা দ্বাদশের অধিক হইলে, তাহাহইতে যতবার দ্বাদশ বিয়োগ হইতে পারে ততবার দ্বাদশ বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে প্রশ্নলগ্ন হইতে ততসংখ্যকরাশি প্রশ্নকারকের জন্মলগ্ন হইবে। ইহাই যবনাচার্য্য প্রভৃতি শাস্ত্রকারদিগের মত।

উদিতনবাংশানুসারে জন্মলগ্ননিরূপণের দৃষ্টান্ত—প্রশ্নকালে প্রশ্নলগ্নের নবাংশগণনায় যদি ঐ উদিতনবাংশে ধনুরাশি হয় তাহাহইলে প্রশ্নকারকের জন্মলগ্ন ধনুরাশি হইবে।

দ্রেক্কাণানুসারে জন্মলগ্নজ্ঞানের দৃষ্টান্ত—মনে কর প্রশ্ন-কালে লগ্নস্ফুটগণনা করিয়া দেখা গেল যে, উদিতলগ্ন মিথুন-রাশির দ্বিতীয়দ্রেক্কাণে প্রশ্ন হইয়াছে এবং তৎকালে রবি-গ্রহ ধনুরাশির তৃতীয়দ্রেক্কাণে অবস্থিতি করিতেছেন। মিথুন-রাশির দ্বিতীয়দ্রেক্কাণ হইতে ধনুরাশির তৃতীয়দ্রেক্কাণ পর্য্যন্ত গণনায় দেখা গেল, মিথুন হইতে ধনুর তৃতীয়দ্রেক্কাণের সংখ্যা ২০ ঐ ২০, হইতে ১২ বিয়োগ করিলে ৮ আট অঙ্ক অবশিষ্ট থাকে, অতএব মিথুনরাশি হইতে গণনায় অষ্টম অঙ্কে মকররাশি জানা যায়, অতএব প্রশ্নকারকের জন্মলগ্ন মকর হইবে॥ ৭॥

জন্মাদিশেল্লগ্নগে বীর্য্যগে বা ছায়াঙ্গুলঘ্নোঽর্কহতে-ঽবশিষ্টং। আসীনসুপ্তোত্থিততিষ্ঠতাভং জায়াসুখাজ্ঞো-দয়গং প্রদিষ্টম্॥ ৮॥

অথ প্রকারান্তরেণ লগ্নানয়নমিশ্রবজ্রয়াহ—জন্মাদিশেদিতি। লগ্নগে গ্রহে জন্মাদিশেৎ প্রশ্নলগ্নে যো গ্রহো ব্যবস্থিতস্তস্যাৎকালিকং কৃত্বা লিপ্তা পিণ্ডীকার্য্যম্। অথ বহবো লগ্নগতা ভবন্তি তদা তেষাং যো বলবান্ তস্যাৎকালিকং কৃত্বা লিপ্তা পিণ্ডীকার্য্যা। ততঃ সলিলসমস্থানবনৌ দ্বাদশাঙ্গুলেন শঙ্কুনা তাৎকালিকানি ছায়াঙ্গুলানি গৃহীত্বা তৈরঙ্গুলৈরেকৈকং গ্রহং সদর্শিতকালে লিপ্তা পিণ্ডীকৃতং গুণয়েৎ। অথবা সর্ব্বগ্রহেভ্যো যো বলবান্ গ্রহস্তস্যাৎকালিকং কৃত্বা লিপ্তা পিণ্ডং কৃত্বা ছায়াঙ্গুলাহতমর্কভক্তং কারয়েৎ দ্বাদশভির্ব্বিভজেৎ তত্র যাবত্তত্র অবশিষ্টং তাবৎসংখ্যো মেষাদ্যেরারভ্য যো রাশির্ভবতি তস্মিন্ রাশৌ লগ্নগতে তত্র জন্ম বক্তব্যম্। অথ প্রকারান্তরেণাহ—আসীনেত্যাদি। আসীন উপবিষ্টো যদা প্রষ্টা পৃচ্ছতি তদা লগ্নাদ্ যজ্জায়াস্থানং সপ্তমরাশিস্তস্মিন্ লগ্নগতে তত্র জন্ম বক্তব্যম্। অথ সুপ্তঃ সুপ্তোঽয়শয়নপতিতো বিহিতঃ লগ্ননিয়ন্ত প্রশ্নাভাবাৎ তত্র পতিতো যদা পৃচ্ছতি তদা লগ্নাৎ যৎসুখস্থানং চতুর্থরাশিস্তস্মিন্ লগ্নগতে তত্র জন্ম বক্তব্যম্। অথোঽত্থিতঃ পৃচ্ছতি তদা তস্মাল্লগ্নাদ্ যদাজ্ঞা দশমো রাশিস্তস্মিন্ লগ্নগতে তত্র জন্ম বক্তব্যম্। অথ শয়নাদাসনাচ্চোত্থিতঃ উত্তিষ্ঠতঃ পৃচ্ছতি তদোদয়লগ্নরাশৌ তস্মিন্নেব জন্ম বক্তব্যম্। উক্তঞ্চ উত্তিষ্ঠতো বিলগ্নাৎ গ্রহৈঃ সুপ্তস্য বন্ধুলগ্নাচ্চ উপবিষ্টস্যাস্তমদে ত্রজতো মেষূরণস্থানাদিতি॥ ৮॥

প্রশ্নলগ্নে যে গ্রহ বা যে বলবান্ গ্রহ অবস্থিতি করিবে সেই গ্রহের স্ফুটকে দ্বাদশ অঙ্গুলি পরিমিত শঙ্কুর ছায়ার অঙ্গুলি-সংখ্যাদ্বারা গুণ করিবে পরে গুণফলকে দ্বাদশ দ্বারা ভাগ করিলে যত সংখ্যা অবশিষ্ট থাকিবে, মেষ হইতে গণনায় তত-সংখ্যক রাশি প্রশ্নকর্ত্তার জন্মলগ্ন নিরূপিত হইবে। মতান্তরে প্রশ্নকর্ত্তা উপবিষ্ট হইয়া প্রশ্ন করিলে প্রশ্নলগ্নের সপ্তমে যে রাশি, সেই রাশিই জন্মলগ্ন হইবে এবং প্রশ্নকর্ত্তা শয়ন করিয়া প্রশ্ন করিলে প্রশ্নলগ্নের চতুর্থ, দণ্ডায়মান থাকিলে প্রশ্নলগ্নের দশম যে রাশি, সেই রাশিই জন্মলগ্ন হইবে এবং প্রশ্নকর্ত্তা উপবেশন হইতে উত্থানকালে প্রশ্ন করিলে যে লগ্নে প্রশ্ন করিবে সেই লগ্নই জন্মলগ্ন নিরূপিত হইবে।

দৃষ্টান্ত—মনে কর প্রশ্নকালে বলবান্ লগ্নাধিপতির স্ফুট ৪।১০।২০ চারি রাশি, দশ অংশ, বিংশতি কলা হয় এবং তৎ-কালে শঙ্কুর ছায়ার পরিমিত অঙ্গুলির সংখ্যা ৪ অঙ্গুল ৩০ ব্যঙ্গুল অর্থাৎ সাড়ে চারি ইঞ্চি হয়, এই উভয় অঙ্ক পরস্পর গুণ করিলে গুণফল ১৯ রাশি ১৬ অংশ ৩০ কলা হইবে। এই ১৯।১৬।৩০ কলাকে ১২ দ্বাদশদ্বারা বিভাগ করিলে অবশিষ্ট ৭ সাত রাশি, ১৬ অংশ, ৩০ কলা থাকিল, মেষ হইতে গণনায় ঐ ৮ রাশির অঙ্কে বৃশ্চিকরাশি হয়, অতএব প্রশ্নকারকের জন্মলগ্ন বৃশ্চিক রাশি জানা গেল॥ ৮॥

গোসিংহৌ জিতুমাষ্টমৌ ক্রিয়তুলে কন্যামৃগৌ চ ক্রমাৎ সম্বর্গ্যা দশকাষ্টসপ্তবিষয়ৈঃ শেষাঃ স্বসংখ্যা গুণাঃ। জীবারাস্ফুজিদৈন্দবাঃ প্রথমবচ্ছেয়া গ্রহাঃ সৌম্যবত্রা-শীনাং নিয়তো বিধিগ্র হযুতৈঃ কার্য্যা চ তদ্বর্গণাঃ॥ ৯॥

অথ প্রকারান্তরেণ সর্ব্বমেব নষ্টজাতকং বক্তি ষড়ঃ প্রশ্নকালে তাৎকালিকং লগ্নং কৃত্বা লিপ্তা পিণ্ডীকার্য্যম্। ততস্তস্য লিপ্তা পিণ্ডীকৃতস্য গুণকারবিজ্ঞানার্থং শার্দ্দূল-বিক্রীড়িতেনাহ—গোসিংহাবিতি। গোসিংহাদয়ো রাশয়ো যথাক্রমং দশাদিভির্গুণ-কারৈঃ সম্বর্গ্যা গুণনীয়াঃ। তদ্যথা গোসিংহৌ বৃষসিংহৌ দশভি ১০ র্গুণয়েৎ বৃষলগ্নং

মে	বৃ	মি	ক	সিং	ক	তু	বৃ	ধ	ম	কু	মী
৭	১০	৮	৪	১০	৫	৭	৮	৯	৫	১১	১২

লিপ্তা পিণ্ডীকৃতং দশভির্গুণয়েৎ এবং সিংহং দশভিরেব জিতুমাষ্টমৌ মিথুনবৃশ্চিকৌ লগ্নগতাবষ্টভি ৮ র্গুণয়েৎ ক্রিয়তুলে মেষতুলে এতৌ সপ্তভির্গুণয়েৎ ৭ কন্যামৃগৌ কন্যা-মকরৌ এতৌ লগ্নগতৌ বিষয়ৈঃ পঞ্চভির্গুণয়েৎ ৫ এবমেতে যথাক্রমং সংবর্গ্যা গুণনীয়াঃ শেষা অনুক্তা রাশয়ঃ স্বসংখ্যা গুণা আত্মীয়সংখ্যয়া গুণনীয়াঃ তত্র গণনয়া কর্কটশ্চতুর্ভি-র্গুণয়েৎ এবং ধন্বী নবভিঃ ৯ কুম্ভমেকাদশভিঃ ১১ এবং মীনো দ্বাদশভিঃ ১২ এবং তাব-ল্লগ্নং স্বগুণকারেণাবশ্যমেব গুণয়েৎ দশকাষ্টসপ্তবিষয়ৈঃ ততস্তত্র যদি গ্রহো ভবতি

সূ	চ	ম	বু	গু	শু	শ	রা	কে
৫	৫	৮	৫	১০	৭	৫	০	০

তদা গ্রহগুণকারেণাবশ্যমেব গুণয়েৎ তত্র গ্রহগুণকারবিধিঃ জীবারাস্ফুজিদৈন্দবাঃ প্রথম-বদ্দশকাষ্টসপ্তবিষয়ৈরিতি জীবে গুরৌ লগ্নগতে তমেব লগ্নং স্বগুণকারৈরাহ তং দশভি-র্গুণয়েৎ আরে ভৌমে লগ্নগতে অষ্টভিঃ আস্ফুজিচ্ছুক্রঃ তস্মিন্ লগ্নগতে সপ্তভিঃ ঐন্দবে বুধে পঞ্চভিঃ শেষা রবিশশিসৌরাস্তে চ সৌম্যবৎ বুধবৎ পঞ্চভির্গুণনীয়া ইত্যর্থঃ। এবং তাৎকালিকং লগ্নং অবশ্যং রাশিগুণকারেণ গুণয়েৎ ততঃ স গ্রহোক্তগুণকারৈরপি তত্র চ যদা গ্রহো ভবতি তদা গ্রহগুণকারেণ গুণয়েৎ যদা বহবো গ্রহা ভবন্তি তদা সর্ব্বেষাং গুণকারৈর্গুণয়েৎ একং তদ্গুণিতমেকান্তে স্থাপয়েৎ॥ ৯॥

প্রশ্নকালে যদি বৃষ কিম্বা সিংহলগ্ন উদিত হয় তাহা হইলে লগ্নস্ফুটের অঙ্ককে ১০ দশদ্বারা গুণ করিবে, মিথুন কিম্বা বৃশ্চিকরাশি হইলে লগ্নস্ফুটের অঙ্ককে ৮ আট দ্বারা গুণ করিবে, মেষ কিম্বা তুলা হইলে লগ্নস্ফুটকে ৭ দ্বারা, কন্যা কিম্বা মকর হইলে ৫ পাঁচ দ্বারা, যদি উল্লিখিত রাশি ভিন্ন অর্থাৎ অবশিষ্ট রাশির মধ্যে কোন রাশির উদয় হয় তাহা

হইলে ঐ রাশি মেষ হইতে গণনায় যতসংখ্যক হইবে তত-সংখ্যক অঙ্ক দ্বারা লগ্নস্ফুটের অঙ্ককে গুণ করিবে। পুনরায় বলা হইতেছে যে উদিতলগ্নে যদি বৃহস্পতি অবস্থিতি করে, তাহা হইলে লগ্নস্ফুটের অঙ্ককে ১০ দশ দ্বারা গুন করিবে, মঙ্গল হইলে ৮, শুক্র হইলে ৭ এবং অবশিষ্ট কোন গ্রহ হইলে ৫ পাঁচ দ্বারা লগ্নস্ফুটের অঙ্ককে গুণ করিবে। যদি অধিক-সংখ্যক গ্রহ লগ্নে অবস্থিত থাকে, তাহা হইলে লগ্নস্ফুটের অঙ্ককে প্রত্যেক গ্রহের গুণকাঙ্ক দ্বারা ভিন্ন ভিন্নরূপে গুণ করিবে পরে ঐসকল যোগ দিলে যোগজাঙ্কের সমষ্টি হইবে।

দৃষ্টান্ত ও সঙ্কেত সহিত স্পষ্টার্থ—প্রশ্নকারকের নিজের, তাহার স্ত্রীর, ভ্রাতার, পুত্রের এবং শত্রুর যেরূপে জন্ম নক্ষত্র জানা যায়, তাহার সঙ্কেত নিম্নে কথিত হইতেছে, উপরে যে সকল অঙ্ক বলা হইয়াছে তাহারা রাশিগুণকর এবং গ্রহগুণকর জানিবেন।

যে সকল রাশির অঙ্ক উল্লেখ হয় নাই, সেই সকল রাশির অঙ্ক মেষ হইতে যতসংখ্যক হইবে ততসংখ্যক গুণকাঙ্ক হইবে যথা—যদি কর্কটরাশি হয় তাহা হইলে মেষ হইতে গণনায় কর্কট ৪ চারি অঙ্ক, ঐ ৪ অঙ্ককেই কর্কটের গুণকর অঙ্ক বলা যায়, ধনুরাশির ৯, কুম্ভের ১১ এবং মীনের ১২ গুণকর অঙ্ক হয়॥ ৯॥

সপ্তাহতং ত্রিঘনভাজিতশেষমৃক্ষং দত্ত্বাথবা নববিশোধ্য নবাথবা স্যাৎ। এবং কলত্রসহজাত্মজশত্রুভেভ্যঃ প্রষ্টুর্ব্বদেদুদয়রাশিবশেন তেষাম্॥ ১০॥

অথ নক্ষত্রানয়নং বসন্ততিলকেনাহ—সপ্তাহতমিতি। সপ্তাহতং সপ্তভিগুর্ণয়েৎ দত্ত্বাথবেতি তত্তত্র নব দেয়াঃ শোধ্যা বা ন কিঞ্চিদ্বা উদেতুচ্যতে যদি স চররাশিলগ্নগতো ভবতি তদা নব দেয়াঃ স্থিরে ন দেয়া নাপি শোধ্যাঃ দ্বিঃস্বভাবে বিলগ্নে নবশোধ্যাঃ এবং কেচিদ্ব্যাচক্ষতে বয়ং পুনরত্র মঃ যদি প্রশ্নলগ্নে প্রথমো দ্রেকাণো ভবতি তদা ন দেয়াঃ দ্বিতীয়ে ন দেয়া নাপি শোধ্যাঃ তৃতীয়ে নবশোধ্যাঃ এবং কৃত্বা তস্য রাশেস্ত্রিঘনেন সপ্তবিংশত্যা ভাগমপহৃত্যাবাপ্তং ত্যাজ্যং তত্র যাবৎসংখ্যোঽঙ্কোঽবশেষো ভবতি তাবৎ-সংখ্যমশ্বিন্যাদিতো যন্নক্ষত্রং তন্নক্ষত্রং তস্য প্রষ্টুর্বক্তব্যম্। কেচিদ্বদন্তি যথস্থিতস্য রাশেঃ সপ্ত-বিংশত্যা ভাগমপহৃত্যাবশেষাঙ্কনবকদানেন বিশোধনেন বা যথা স্থিতেনাঙ্কেন সম্বাদ উৎপদ্যতে তথা নক্ষত্রং বক্তব্যং। এবমিত্যাদি কলত্রসহজাত্মজশত্রুভেভ্য ইতি। ভার্য্যা-ভর্তৃপুত্ররিপূণাং নষ্টজাতকং যদা পৃচ্ছতি তদা তদ্ভেভ্যস্তদ্ভেভ্যঃ এবং প্রষ্টুঃ পৃচ্ছকস্য বদেদ্ ক্রমাৎ তমেবোদয়রাশিং পরিকল্পয়েদিত্যর্থঃ এতদুক্তং ভবতি। যদি পুরুষঃ স্বপত্ন্যা নক্ষত্রং পৃচ্ছতি তদা তাৎকালিকে লগ্নে রাশিষট্কং দেয়ম্। অথ ভ্রাতুঃ পৃচ্ছতি তদা রাশিদ্বয়ং দেয়মথ পুত্রস্য পৃচ্ছতি তদা রাশিচতুষ্কং দেয়মথ শত্রোঃ পৃচ্ছতি তদা রাশি-পঞ্চকং দেয়ং এবং কৃত্বা যদ্ভবতি তমেবোদয়রাশিং প্রকল্প্য তুল্যপ্রকারেণ গুণয়েৎ। তৎস্থগ্রহগুণকারেণ চ তত্তত্র প্রাগ্নবকদানবিশোধনে কৃত্বা সপ্তবিংশত্যা ভাগমপ-হৃত্যাবশেষাঙ্কসমং যস্য প্রষ্টা পৃচ্ছতি তস্য নক্ষত্রং বক্তব্যং। এতদপ্যুপলক্ষণার্থমেব ত্রিরাশিসহিতাৎ তাৎকালিকাল্লগ্নাৎ মিত্রস্য বক্তব্যমেতন্নক্ষত্রানয়নমপ্যুপলক্ষণমেবং সকলমপি নষ্টজাতকং বক্তব্যম্। ১০॥

পূর্ব্বকথিত অঙ্ককে ৭ সাত দিয়া গুণ করিয়া যাহা গুণফল হইবে, তাহার সহিত প্রশ্নলগ্ন চররাশি হইলে ৯ নয় যোগ করিবে, দ্ব্যাত্মকরাশি হইলে ৯ বিয়োগ করিবে, স্থিররাশি হইলে ঐ গুণিত অঙ্ককে ঐ ৯ নয় যোগ বা বিয়োগ কিছুই করিবে না। পরে এইরূপ পরিগৃহীত অঙ্ককে ২৭ দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাদ্বারা অশ্বিন্যাদি নক্ষত্র নির্ণয় করিবে, অর্থাৎ এক অবশিষ্ট থাকিলে অশ্বিনী, দুই থাকিলে ভরণী ইত্যাদি, এইরূপে যে নক্ষত্র অবশিষ্ট থাকিবে সেই নক্ষত্রই প্রশ্নকর্ত্তার জন্মনক্ষত্র নিশ্চয় হইবে। প্রশ্নকর্ত্তা যদি স্বীয় নষ্টজাতকের প্রশ্ন না করিয়া ভ্রাতা, পুত্র শত্রু বা পত্নীর জন্মনক্ষত্র নিরূপণের ইচ্ছুক হইয়া প্রশ্ন করে, তাহা হইলে উপরি উক্ত প্রণালীমতে তৃতীয়ঘরের স্ফুট দ্বারা ভ্রাতার, পঞ্চম ঘরের স্ফুট দ্বারা পুত্রের, ষষ্ঠঘরের স্ফুটদ্বারা শত্রুর এবং সপ্তম ঘরের স্ফুটদ্বারা পত্নীর জন্মনক্ষত্র নিরূপণ করিবে। বৃহজ্জাতকের টীকাকার ভট্টোৎপলের মতে লগ্নের প্রথমদ্রেক্কাণে প্রশ্ন হইলে ৯ নয় যোগ করিবে, দ্বিতীয়দ্রেক্কাণে ৯ নয় যোগ বা বিয়োগ কিছুই করিবে না এবং তৃতীয়দ্রেক্কাণে প্রশ্ন হইলে ৯ নয় বিয়োগ করিয়া যে অঙ্ক হইবে তাহা ২৭ দ্বারা ভাগ করিয়া ভাগাবশেষ অঙ্কে জন্মনক্ষত্র জানিবে। কেহ বলেন যে লগ্নস্ফুটে দুই রাশি যোগ করিলে তৃতীয় ঘরের স্ফুট হইবে, পূর্ব্বপ্রক্রিয়ামতে ভ্রাতার নক্ষত্র জানা যাইবে। লগ্ন-স্ফুটে ৪ রাশি যোগ করিলে পঞ্চম ঘরের স্ফুট হইবে, তদ্দ্বারা পুত্রের নক্ষত্র জানা যাইবে। লগ্নস্ফুটে ৫ রাশি যোগ করিলে ষষ্ঠ ঘরের স্ফুট হইবে। তদ্দ্বারা শত্রুর নক্ষত্র জানা যায় এবং লগ্নস্ফুটে ছয় রাশি যোগ করিলে পূর্ব্বপ্রক্রিয়ামতে পত্নীর নক্ষত্র জানা যাইবে। এইরূপ রাশি অনুসারে ভিন্ন ভিন্ন স্ফুটকে রাশি গুণকরাঙ্ক ও গ্রহগুণকরাঙ্ক দ্বারা পূর্ব্বপ্রণালীমতে গুণ ও যোগ করিয়া তাহাকে পুনর্ব্বার ৭ সাত দ্বারা গুণ করিয়া ২৭ দ্বারা ভাগ করিয়া ভাগাবশেষ অঙ্কদ্বারা ভিন্ন ভিন্ন লোকের নক্ষত্র জানিবে॥ ১০॥*

* যদি প্রশ্নকারকের স্ত্রীর শুভাশুভ গণনা করিতে হয়, তাহা হইলে তাহার গণনা নিম্নকথিত প্রণালী অনুসারে করিবে—প্রশ্নকারকের সপ্তমগৃহকে স্ত্রীর জন্মলগ্ন কল্পনা করিয়া, তদ্দ্বারা তাহার রূপ বর্ণ লক্ষণাদি জানিবে। প্রশ্নকারকের অষ্টমস্থান ঐ স্ত্রীর ধনস্থান, নবমস্থান ঐ স্ত্রীর সহোদরস্থান, দশমস্থান স্ত্রীর বন্ধুস্থান, একাদশস্থান স্ত্রীর পুত্রস্থান, দ্বাদশস্থান স্ত্রীর শত্রুস্থান, লগ্ন স্ত্রীর স্বামিস্থান, দ্বিতীয়গৃহ স্ত্রীর মৃত্যুস্থান, তৃতীয়গৃহ স্ত্রীর ধর্ম্মস্থান, চতুর্থগৃহ স্ত্রীর কর্ম্মস্থান, পঞ্চমগৃহ স্ত্রীর লাভস্থান এবং প্রশ্নকারকের ষষ্ঠগৃহকে তাহার স্ত্রীর ব্যয়স্থান কল্পনা করিয়া তাহার ফল গণনা করিবে।

প্রশ্নকারকের পিতা ও মাতার শুভাশুভ গণনা করিতে হইলে তাহার চতুর্থগৃহ এবং ভ্রাতার শুভাশুভ গণনা করিতে হইলে স্বীয় তৃতীয়গৃহকে যথাক্রমে লগ্ন কল্পনা করিয়া পূর্ব্বোক্তমতে গণনাদ্বারা ফল বলিবে।

ভিন্ন ভিন্ন লোকের শুভাশুভ গণনা অথবা নষ্টকোষ্ঠী উদ্ধার করিতে হইলে যে যে ঘরে যাহাকে বুঝায় সেই সেই ঘর গ্রহণ করিয়া গণনা করিবে। যথা প্রথমঘরে (তনু-

বর্ষর্তু মাসতিথয়ো দ্যুনিশং হ্যুড়ূনি বেলোদয়র্ক্ষনব-ভাগবিকল্পনাঃ স্যুঃ। ভূয়ো দশাদিগুণিতাঃ স্ববিকল্পভক্তা-স্ববর্ষাদয়ো নবকদানবিশোধনাভ্যাম্ ॥ ১১ ॥

অথ বর্ষাদ্যানয়নং যদস্থতিলকেনাহ—বর্ষর্তু মাসেতি। বর্ষাদীনি বর্ষাণি স্ববিকল্পেন কার্যে ক্রমে যথা পাঠক্রমেণানয়িতব্যানি তদ্যথা তাৎকালিকং লগ্নং লিপ্তা পিণ্ডীকৃতং রাশিগুণকারাহতং গ্রহসংযুক্তং চেদ্গ্রহগুণকারা হতমপি যদেকাঙ্কে স্থাপিতং তৎ পুনরপি দশাদিগুণং কার্যম্ এতদুক্তং ভবতি। স রাশিঃ স্থানচতুষ্টয়ে ধার্য্যঃ একত্র দশগুণো-ঽন্যত্র দ্বিতীয়েঽষ্টগুণোঽন্যত্র তৃতীয়ে সপ্তগুণঃ চতুর্থে পঞ্চগুণঃ কার্য্যঃ যত উক্তম্ ভূয়ো দশাদিগুণিতান্ ভূয়ঃ পুনরপি দশকাষ্টসপ্তবিম্বৈর্গুণনীয়াঃ ততস্তস্মিন্ রাশিচতুষ্টয়ে প্রাগ্বন্নবকদানবিশোধনে কৃত্বা স্ববিকল্পৈর্ভাগমপহৃত্যাবাপ্তং বর্ষাদয়ো জ্ঞেয়াঃ ॥ ১১ ॥

পূর্ব্ববচনানুসারে অর্থাৎ পূর্ব্বপ্রক্রিয়ামতে যোগজাঙ্ককে ক্রমে ১০ দশ অঙ্ক, ৮ অঙ্ক, ৭ অঙ্ক ও ৫ অঙ্কদ্বারা পৃথক্ পৃথক্ গুণ করিয়া তাহাতে অবস্থানুসারে পূর্ব্বকথিত মতে ৯ যোগ বা বিয়োগ করিলে যে চারিটী অঙ্ক হইবে তাহা চারিস্থানে স্থাপিত করিবে। পরে ঐ চারিটী অঙ্ককে নিম্নলিখিত প্রক্রিয়ানুসারে স্বীয় স্বীয় হারকাঙ্কদ্বারা পৃথক্ পৃথক্ ভাগ করিয়া ভাগাবশিষ্ট অঙ্কদ্বারা প্রশ্নকারকের বয়স, জন্মঋতু, জন্মমাস, জন্মতিথি, জন্মদিন ও দিবা কি রাত্রিতে জন্ম, জন্মনক্ষত্র, জন্মদণ্ড, জন্মলগ্ন এবং নবাংশাদি পরিজ্ঞাত হওয়া যায় ॥ ১১ ॥

বিজ্ঞেয়া দশকেষ্বব্দা ঋতুমাসাস্তথৈব চ।
অষ্টকেষ্বপি মাসার্দ্ধা তিথয়শ্চ তথা স্মৃতাঃ ॥ ১২ ॥

অথ ন জ্ঞায়তে কস্মাদ্রাশেঃ কস্তানয়নং কার্য্যং তদস্পষ্টং প্রয়েণাহ—বিজ্ঞেয়া দশকেষ্বব্দা ইতি। অত্র বহুবচনং বহুধোপযোগিত্বাৎ কৃতম্ যদুক্তং স্ববিকল্পভক্তাবর্ষাদয় ইত্যাখ্যায়তে। এতে চত্বারো রাশয়ঃ স্থাপিতাস্তেষাং নবকদানবিশোধনং কৃত্বা কর্ম্ম-যোগ্যাঃ সর্ব্বে ভবন্তি। ততো দশগুণস্য পৃথক্কৃতস্য পরমায়ুষা বিংশত্যধিকেন বর্ষশতেন ভাগমপহৃত্য যোঽবশিষ্যতে তদঙ্কসমং তস্য বর্ষসংখ্যাঙ্কং বর্ত্ততে তস্যৈব ষড়্ভি-র্ভাগমপহৃত্য ঋতুসংখ্যয়া তত্র যোঽবশিষ্যতে তদঙ্কসমে শিশিরাদারভ্যর্ত্তৌ জাত ইতি বক্তব্যম্। তস্যৈব তু মাসসংখ্যায়া দ্বাভ্যাং ভাগমপহৃত্য যদ্যেকোঽবশিষ্যতে তদা জাতর্ত্তৌ প্রথমে মাসি জাত ইতি বক্তব্যম্। অথ শূন্যমবশিষ্যতে তদা দ্বিতীয়ে মাসি জাতঃ এবং কৃত্বা দশগুণঃ কর্ম্মযোগ্যো রাশিরপাস্তঃ যস্য বিংশত্যধিকাব্দশতাদপ্যধিকং জন্মনোঽতীতং তস্য নষ্টজাতকজ্ঞানোপায় এব নাস্তি। অষ্টকেষ্বিত্যাদি। যোঽসাবষ্টহতো রাশিস্তস্য পৃথক্কৃতস্য কর্ম্মযোগ্যস্য পক্ষসংখ্যয়া দ্বাভ্যাং ভাগমপহৃত্য যদ্যেকোঽবশিষ্যতে তদা শুক্লপক্ষে জাত ইতি বক্তব্যম্। ন কিঞ্চিদবশিষ্যতে তদা কৃষ্ণপক্ষে তস্যৈব তিথি-সংখ্যয়া পঞ্চদশভির্ভাগমপহৃত্য যোঽংকোঽবশিষ্যতে তদঙ্কসমানে তিথৌ জাত ইতি বক্তব্যম্। এবং কৃত্বাষ্টগুণঃ কর্ম্মযোগ্যো রাশিরপাস্তঃ ॥ ১২ ॥

দশগুণিত অঙ্কদ্বারা বয়স, ঋতু এবং মাস জানিবে (৮) অষ্টগুণিত অঙ্কদ্বারা পক্ষ এবং তিথি ও দিন জানিবে।

স্পষ্টার্থ—উল্লিখিত প্রথমস্থানস্থিত অর্থাৎ দশগুণিত অঙ্ককে একশত কুড়ি দ্বারা ভাগ করিলে যে ভাগাবশেষ থাকিবে তাহাদ্বারা বয়স জানিবে। ঐ অঙ্ককে ৬ ছয় দ্বারা ভাগ করিয়া তাহার অবশিষ্ট অঙ্ক দ্বারা শিশির ঋতু হইতে কোন্ ঋতুতে জন্ম হইয়াছে, তাহা জানিবে। ঋতু পরিজ্ঞাত হইয়া ঐ ঋতুতে কোন্ কোন্ মাস হয়, তাহা স্থির করিবে, পরে ঐ মাসদ্বয়ের কোন্ মাসে জন্ম হইয়াছে তাহা জানিতে হইলে, উপরিউক্ত অঙ্ককে দুই দ্বারা ভাগ করিলে ভাগাবশেষ অঙ্ক দ্বারা ঋতুর প্রথমমাস কি দ্বিতীয়মাস তাহা জানা যাইবে।

দ্বিতীয়স্থান স্থাপিত অর্থাৎ (৮) অষ্টগুণিত অঙ্ককে দুই দ্বারা ভাগ করিলে প্রশ্নকারকের কোন্ পক্ষে জন্ম হইয়াছে তাহা জানা যাইবে। ঐ অঙ্ককে ১৫ দ্বারা ভাগ করিলে ভাগা-বশেষ অঙ্কদ্বারা জন্মতিথি ও দিন জানা যাইবে ॥ ১২ ॥

দিবারাত্রিপ্রসূতিঞ্চ নক্ষত্রানয়নন্তথা।
সপ্তকেষ্বপি বর্গেষু নিত্যমেবোপলক্ষয়েৎ ॥ ১৩ ॥

দিবেত্যাদি। যোঽসৌ সপ্তহতো রাশিস্তত্র প্রাগ্বদেব নবকদানবিশোধনে কৃত্বা তৎ কর্ম্মযোগ্যং রাশিং স্থাপয়েৎ। তত্র দিবারাত্রিসংখ্যয়া দ্বাভ্যাং ভাগমপহৃত্য যদ্যেকো-ঽবশিষ্যতে তদা দিবসে জাতোঽথ ন কিঞ্চিদবশিষ্যতে তদা রাত্রৌ জাত ইতি বক্তব্যম্। যোঽসৌ সপ্তহতো রাশিস্তস্য নক্ষত্রসংখ্যয়া সপ্তবিংশত্যা ভাগমপহৃত্য যোঽংকোঽবশিষ্যতে

ভাবে) প্রশ্নকারকের নিজের ভাগিনেয় বধূ প্রভৃতি, তৃতীয় ঘরে (ভ্রাতৃভাবে) ভ্রাতা, শ্বশুর, পুত্রবধূ, ভৃত্যাদি, দাসী, যোদ্ধা ইত্যাদির। চতুর্থঘরে (বন্ধুভাবে) বন্ধু, পিতা মাতা প্রভৃতি। পঞ্চম ঘরে (পুত্রস্থানে) পুত্র, কন্যা, প্রভৃতি ষষ্ঠ ঘরে (শত্রুস্থানে) রিপু, সেবক, মাতুল প্রভৃতি। সপ্তম ঘরে (জায়াভাবে,) স্ত্রী প্রভৃতি, দশম ঘরে (ধর্ম্মস্থানে) গুরু, (কোন কোন মতে) মাতা, শ্যালক, প্রভৃতি, দ্বাদশঘরে (ব্যয়ভাবে) পিতা, ভ্রাতা, মাতা, ভগিনী, মাতুলানী, প্রভৃতি যে যে ঘরে যে ব্যক্তিকে বুঝাইবে সেই সেই ঘর হইতে ক্রমে তাহার পিতা, মাতা, ভ্রাতা, স্ত্রী, কি স্বামী প্রভৃতি কোন্ কোন্ ঘরে পতিত হয়, তাহা জানিয়া পুনরায় সেই সেই ঘর হইতে সেই সেই ব্যক্তির জন্মলগ্ন-জ্ঞানে শুভাশুভ গণনা কিম্বা নষ্টকোষ্ঠি উদ্ধার করিবে।

"In all questions, you are generally to observe this method following;...The ascendant represents the person of the querent, and the second his estate, the third his kindred, the fourth his father, the fifth his children, the sixth his servant or sickness, the seventh his wife, the eighth the manner of his death, the ninth his religion or journeys, the tenth his estimation or honour, mother, trade, &c. The eleventh his friends, the twelfth his secret enemies, also understand, that when one asks concerning a woman, or any party, signified by the seventh house and the lord thereof, that then the seventh house shall be her ascendant, and signify her person, the eighth house shall signify her estate, and be her second: the ninth house shall signify her brethren and kindred; the tenth shall represent her father; the eleventh her children, or whether apt to have children, the twelfth her sickness and servants; the first house her sweet-heart; the second house her death; the third her journey'; the fourth her mother, or trade, &c.; the fifth her friends; the sixth her sorrow, care and private enemies. Let the question be of or concerning a churchman, minister, or the brother of the wife or sweet-heart, the ninth house shall represent each of these; but the tenth house shall be significator of *his* substance, the eleventh house of his brethren; and so in order and so in all manner of questions, the house signifying the party quesited shall be his ascendant or first house, the next his second house, and so continuing round about the whole heavens of twelve houses. In a question be made of a king or nobleman, the tenth is his first house, the eleventh his second, &c.; but in nativities, the ascendant always influences the party born, whether king or beggar." Extracts from Works on Astrology. Vol. I. Page 292.

তদঙ্কসংখ্যো নক্ষত্রেঽশ্বিন্যাদিত আরভ্য জাতনক্ষত্রং ইতি বক্তব্যম্। অস্য কর্ম্মণঃ পুনরভিধানং নক্ষত্রানয়নস্য বাহুল্যোপযোগিত্বাৎ॥ ১৩॥

সপ্তগুণিত অঙ্কদ্বারা দিবা কি রাত্রিতে জন্ম এবং জন্মনক্ষত্র পরিজ্ঞাত হওয়া যায়।

স্পষ্টার্থ—উপরিউক্ত তৃতীয়স্থানের ৭ সপ্তগুণিত অঙ্ককে ২ দ্বারা ভাগ করিলে অবশিষ্ট ১ থাকিলে দিবা ও ২ থাকিলে রাত্রিতে জন্ম জানা যায়। ঐ অঙ্ককে ২৭ দিয়া ভাগ করিলে ভাগাবশেষ দ্বারা জন্মনক্ষত্র জানা যাইবে। যথা ১ থাকিলে অশ্বিনী, ২ থাকিলে ভরণী ইত্যাদি॥ ১৩॥

বেলামথ বিলগ্নঞ্চ হোরামংশকমেব চ।
পঞ্চকেষু বিজানীয়ান্নষ্টজাতকসিদ্ধয়ে॥ ১৪॥

বেলেত্যাদি। যস্মিন্ দিনে পুরুষস্য জন্মজ্ঞানং তদ্দিনপ্রমাণং ঘটিকাদিকং কর্ত্তব্যং রাত্রৌ চেত্তদা রাত্রিপ্রমাণং ততঃ পঞ্চগুণস্য রাশেস্তেন দিনপ্রমাণেন রাত্রিপ্রমাণেন ভাগমপহৃত্য যোঽঙ্কোঽবশিষ্যতে তস্মিন্ কালে দিনগতে রাত্রিগতে বা তস্য জন্ম বক্তব্যম্। অথ বিলগ্নমিত্যাদি অথশব্দঃ পাদপূরণার্থং কালে জ্ঞাতে রাশ্যাদিলগ্নং কর্ত্তব্যং। ততশ্চ হোরাদ্রেক্কাণনবাংশদ্বাদশাংশত্রিংশাংশভাগাঃ কর্ত্তব্যাঃ তাৎকালিকা গ্রহাশ্চ কর্ত্তব্যাঃ স্ফুটো যথাভিহিতেন বিধিনা দশান্তর্দ্দশাষ্টকবর্গাদেরভিহিতস্য ফলস্য নির্দ্দেশঃ কার্য্যঃ এবং নষ্টজাতকং সাধয়েৎ॥ ১৪॥

৫ পঞ্চগুণিত অঙ্কদ্বারা জন্মদণ্ড, লগ্ন, হোরা এবং উদিতনবাংশ পরিজ্ঞাত হওয়া যায়।

স্পষ্টার্থ—দিবাতে জন্ম হইলে জন্মদিনের বা রাত্রির দিনমান বা রাত্রিমান জ্ঞাত হইয়া উপরিউক্ত চতুর্থস্থানস্থিত পঞ্চগুণিত অঙ্ককে ঐ দিনমানের বা রাত্রিমানের দণ্ডাদি অঙ্কদ্বারা ভাগ করিয়া ভাগাবশেষ অঙ্কদ্বারা দিবা বা রাত্রির কত দণ্ডাদি সময় জন্ম হইয়াছে তাহা পরিজ্ঞাত হইবে। লগ্ন জানিবার সময় ঐ কথিত স্থাপিত অঙ্ককে ১২ দ্বাদশদ্বারা ভাগ করিয়া অবশিষ্ট অঙ্কদ্বারা মেষ হইতে গণনায় যে রাশি হইবে তাহাই প্রশ্নকারকের জন্মলগ্ন হইবে, লগ্নের কোন্ হোরায় জন্ম তাহা জানিতে হইলে ঐ স্থাপিত অঙ্ককে ২ দ্বারা ভাগ করিয়া ভাগাবশেষ ১ থাকিলে প্রথমহোরা, ২ থাকিলে দ্বিতীয়হোরা জানিবে। উপরিউক্ত স্থাপিত অঙ্ককে ৯ নয়দ্বারা ভাগ করিলে ভাগাবশেষ অঙ্ককে উদিত লগ্নের কোন্ নবাংশে প্রশ্নকারকের জন্ম হইয়াছে তাহা জানা যাইবে। ঐরূপ ঐ অঙ্ককে ১২ দ্বাদশ দ্বারা ভাগ করিলে ভাগাবশেষ অঙ্কদ্বারা দ্বাদশাংশ জানা যায়। ঐ অঙ্ককে ৩ তিনদ্বারা ভাগ করিলে ভাগাবশেষ অঙ্কদ্বারা প্রশ্নকারকের লগ্নের কোন্ দ্রেক্কাণে জন্ম হইয়াছে তাহা জানা যাইবে॥ ১৪॥

সংস্কারনামমাত্রা দ্বিগুণা ছায়াঙ্গুলৈঃ সমাযুক্তা।
শেষং ত্রিনবকভক্তা নক্ষত্রং তদ্ধনিষ্ঠাদি॥ ১৫॥

অথ প্রকারান্তরেণ নক্ষত্রানয়নমার্য্যয়াহ—সংস্কারনামেতি। সংস্কারেণ নাম সংস্কারনাম তস্য মাত্রাঃ সংস্কারেণাগতস্য নাম্নো মাত্রাঃ সংস্কারনামমাত্রাঃ সংস্কারগ্রহণেনৈতৎ প্রতিপাদিতং ভবতি। সংস্কারেণ যৎ পুরুষস্য নাম কৃতং তস্য মাত্রা গ্রাহ্যাঃ নান্যস্য কস্যচিৎ কুনাম্নঃ মাত্রাশ্চেহ গৃহ্যন্তে হল্ অর্দ্ধমাত্রিকঃ একমাত্রিকঃ ইত্যনয়া স্থিত্যা তাঃ সংস্কারনামমাত্রাঃ সংগৃহ্য দ্বিগুণী কার্য্যাঃ। ততস্তাৎকালিকানি শঙ্কুচ্ছায়াঙ্গুলানি গৃহীত্বা তাঃ দ্বিগুণমাত্রাস্তৈরঙ্গুলৈঃ সংযুক্তাঃ কার্য্যাঃ। এবং কৃতে যদ্ভবতি তস্য ত্রিনবকেন সপ্তবিংশত্যা ভাগমপহৃত্য যঃ শেষো ভবতি তদঙ্কসমস্তস্য ধনিষ্ঠাদিত আরভ্য নক্ষত্রং বক্তব্যম্॥ ১৫॥

মতান্তরে নক্ষত্রানয়ন।—প্রশ্নকর্ত্তার সংস্কৃতনামে যত অর্থাৎ নামকরণকালে পিত্রাদিকৃত নামে যত মাত্রা থাকিলে তাহাকে দ্বিগুণ করিয়া গুণফলে প্রশ্নসময়ে দ্বাদশাঙ্গুলপরিমিত শঙ্কুর ছায়া যোগ করিলে যত অঙ্ক হইবে, তাহাকে সাতাইশ দিয়া ভাগ করিয়া অবশিষ্ট অঙ্কদ্বারা ধনিষ্ঠাদি নক্ষত্র স্থির করিবে। যথা—এক থাকিলে ধনিষ্ঠা, ২ থাকিলে শতভিষা, ৩ থাকিলে পূর্ব্বভাদ্রপদ ইত্যাদি॥

স্পষ্টার্থ—নামকরণকালে যে নাম রাখা হয়, সেই নামের মাত্রাবর্ণ অর্থাৎ স্বরবর্ণ (ঐ স্বরবর্ণ দুইপ্রকার হ্রস্ব ও দীর্ঘ, হ্রস্বমাত্রা ১, দীর্ঘ মাত্রা ২ এবং ব্যঞ্জনবর্ণ অর্দ্ধমাত্রা,) ঐ স্বরবর্ণকে দুই দ্বারা গুণ করিয়া তাহার অঙ্গুলিপরিমিত শঙ্কুর ছায়া প্রশ্নকালে যাহা পাওয়া যাইবে তাহা যোগ করিয়া ২৭ দ্বারা ভাগ করিয়া ধনিষ্ঠা অবধি গণনায় জন্মনক্ষত্র জানিবে॥ ১৫॥

দ্বিত্রিচতুর্দ্দশদশতিথিসপ্তত্রিগুণা নবাষ্টচেন্দ্রাদ্যাঃ।
পঞ্চদশঘ্নাস্তদ্দিগ্যুথাম্বিতা ভং ধনিষ্ঠাদি॥ ১৬॥

অথ নক্ষত্রানয়নং প্রকারান্তরেণার্য্যয়াহ—দ্বিত্রিচতুর্দ্দশেতি। পূর্ব্বাভিমুখো যদা প্রষ্টা পৃচ্ছতি তদা দ্বয়োরঙ্কাঃ স্থাপ্যাঃ, অথাগ্নেয়াভিমুখস্তদা ত্রয়াণাং, অথ দক্ষিণাভিমুখস্তদা চতুর্দ্দশানাং, অথ নৈঋত্যাভিমুখস্তদা দশানাং, অথ পশ্চিমাভিমুখস্তদা তিথিসংখ্যানাং পঞ্চদশানাং, অথ বায়ব্যাভিমুখস্তদা সপ্তত্রিগুণা একবিংশতিঃ, উত্তরাভিমুখস্তদা নবানাং, ঐশান্যাভিমুখস্তদাষ্টানাং। তদ্যথা এবং দিগভিমুখপ্রষ্টুর্যশেনাঙ্কং গৃহীত্বা ততঃ পঞ্চদশগুণঃ কার্য্যঃ। ততস্তস্মিন্ প্রদেশে যাবন্তঃ পুরুষাস্তদভিমুখাঃ স্থিতাস্তৎসংখ্যয়াস্বিতো যুক্তঃ কার্য্যঃ। এবং কৃতে যদ্ভবতি তস্য সপ্তবিংশত্যা ভাগমপহৃত্য যোঽঙ্কোঽবশিষ্যতে তদঙ্কসমং তস্য ধনিষ্ঠাদ্যারভ্য নক্ষত্রং বক্তব্যং॥ ১৬॥

প্রশ্নকর্ত্তা পূর্ব্বমুখ হইয়া প্রশ্ন করিলে ২ দুই, অগ্নিকোণে ৩ তিন, দক্ষিণে ১৪ চৌদ্দ, নৈঋতকোণে ১০ দশ, পশ্চিমে ১৫ পোনের, বায়ুকোণে ২১ একুশ, উত্তর দিকে ৯ নয়, ঈশানকোণে ৮ আট, ধ্রুবাঙ্ক গ্রহণ করিয়া তাহাকে ১৫ পোনের দ্বারা গুণ করিবে এবং তৎকালে সেইস্থলে সেই মুখে যত পুরুষ থাকিবে তত সংখ্যা যোগ করিয়া ২৭ সাতাইশ দিয়া ভাগ করিয়া অবশিষ্ট অঙ্কদ্বারা ধনিষ্ঠাদি নক্ষত্র নির্ণয় করিবে। ১ এক থাকিলে ধনিষ্ঠা, ২ দুই থাকিলে শতভিষা, ৩ তিনে পূর্ব্বভাদ্রপদ, ৪ চারিতে উত্তরভাদ্রপদ, ৫ পাঁচে রেবতী, ৬ ছয়ে অশ্বিনী, ৭ সাতে ভরণী, ৮ আটে কৃত্তিকা, ৯ নয়ে রোহিণী, ১০ দশে মৃগশিরা, ১১ এগারয় আর্দ্রা, ১২ বারয় পুনর্ব্বসু, ১৩ তেরয় অশ্লেষা ইত্যাদি॥ ১৬॥

ইতি নষ্টজাতকমিদং বহুপ্রকারং ময়া বিনির্দ্দিষ্টম্।
গ্রাহ্যমতঃ সচ্ছিষ্যৈঃ পরীক্ষ্য যত্নাদ্ যথা ভবতি ॥ ১৭ ॥

ইতি নষ্টজাতকাধ্যায়ঃ ষড়্বিংশঃ ॥

অথ নষ্টজাতকোপসংহারং আর্য্যয়াহ—ইতি নষ্টজাতকমিতি। ইতি শব্দ উপসংহারে ময়া বরাহমিহিরাচার্য্যেণ নষ্টজাতকং বহুপ্রকারং বহুভেদং বিনির্দ্দিষ্টম্। উক্তমিদম্ অতোঽস্মাচ্ছেতো: সচ্ছিষ্যৈঃ শোভনসচ্ছাত্রৈঃ গ্রাহ্যং যত্নাৎ পরীক্ষ্য বিচার্য্য যথা যেন প্রকারেণ সম্ভবতি সত্যরূপং তথা গ্রাহ্যমিতি যেন প্রকারেণ সম্ভবতি তথা গৃহীতব্য-মিত্যর্থঃ। বহুভিরাগমৈর্ম্ময়া বিচার্য্য পরাশরবসিষ্ঠযবনসত্যমণিত্থাদীনাং মতানি আলোক্য কৃতং তদেব ভূয়ো নির্ম্মলগুণনিপুণবুদ্ধ্যা বিচার্য্য সধিয়া কার্য্যং যেন স্ফুট-সিদ্ধোঽসৌ সম্পদ্যতে ॥ ১৭ ॥

ইতি শ্রীভট্টোৎপলবিরচিতায়াং বৃহজ্জাতকবিবৃত্তৌ নষ্টজাতকাধ্যায়ঃ ষড়্বিংশঃ ॥

নষ্টজাতকসম্বন্ধীয় গণনার নানাবিধ প্রণালী কথিত হইল, অভিজ্ঞ ছাত্রগণ যত্নপূর্ব্বক পরীক্ষা করিয়া ঐসকল মতের মধ্যে যে মতটী সত্য তাহা গ্রহণ করিবেন ॥ ১৭ ॥

নষ্টজাতকাধ্যায় ষড়্বিংশ সমাপ্ত ॥

অথ সপ্তবিংশোঽধ্যায়ঃ।

অথ দ্রেক্কাণাধ্যায়ঃ।

কট্যাং সিতবস্ত্রবেষ্টিতঃ কৃষ্ণঃ শক্ত ইবাভিরক্ষিতুম্।
রৌদ্রঃ পরশুং সমুদ্যতং ধত্তে রক্তবিলোচনঃ পুমান্ ॥১॥

অথ দ্রেক্কাণাধ্যায়ো ব্যাখ্যায়তে তত্রাদৌ মেষাদ্যদ্রেক্কাণস্য স্বরূপজ্ঞানং বৈতালীয়েনাহ—কট্যামিতি। কট্যাং জঘনে সিতং শ্বেতং বস্ত্রমম্বরং বেষ্টিতং যেন, কৃষ্ণঃ অসিতবর্ণঃ শক্ত ইব অভিরক্ষিতুমাভিমুখ্যেন রক্ষাং কর্ত্তুং শক্তঃ সমর্থ ইব রৌদ্রো ভীষণঃ যঃ পরশুং কুঠারং সমুদ্যতং ধত্তে ধারয়তি, রক্তবিলোচনো লোহিতাক্ষঃ স চ পুমান্ পুরুষঃ এষ পুরুষদ্রেক্কাণঃ সায়ুধো ভৌমসজ্ঞঃ ॥ ১ ॥

মেষের প্রথমদ্রেক্কাণে পুরুষ, সেই ব্যক্তি কটিদেশে শুক্লবর্ণ বস্ত্রবেষ্টন রাখিবে, কৃষ্ণবর্ণ, ক্রোধী, বিপদগ্রস্তব্যক্তিকে রক্ষা করিতে সমর্থ, ভীষণস্বভাব, কুঠারধারী এবং রক্তচক্ষু হইবে ॥১॥

রক্তাম্বরা ভূষণভক্ষ্যচিন্তা কুম্ভাকৃতির্ব্বাজিমুখী তৃষার্ত্তা।
একেন পাদেন চ মেষমধ্যে দ্রেক্কাণরূপং যবনোপদিষ্টং ॥২॥

অথ মেষদ্বিতীয়দ্রেক্কাণস্য স্বরূপমিন্দ্রবজ্রয়াহ—রক্তাম্বরেতি। রক্তাম্বরা লোহিতবস্ত্রা ভূষণমলঙ্করণং ভক্ষ্যং ভোজ্যং তত্র চিন্তং যস্যাঃ কুম্ভাকৃতিঃ ঘটোদরী বাজিমুখী অশ্ববক্ত্রা তৃষার্ত্তা পিপাসার্ত্তা একেন পাদেন চরণেনোপলক্ষিতা ইদং দ্রেক্কাণরূপং মেষমধ্যে মেষদ্বিতীয়ং যবনোপদিষ্টং যবনাচার্য্যৈঃ কথিতম্ এষ চতুষ্পদদ্রেক্কাণঃ স্ত্রীদ্রেক্কাণোঽর্কসজ্ঞশ্চ যবনাচার্য্যৈশ্চতুষ্পাদ্মুখাজ্জপাদদ্রেক্কাণ ইতি ব্যাখ্যাতস্তথা খগমুখো দ্রেক্কাণশ্চ ॥ ২ ॥

মেষের দ্বিতীয়দ্রেক্কাণে স্ত্রী, ঐ স্ত্রী রক্তবর্ণ বস্ত্র পরিধান করিবে, ভূষণ এবং ভোজনীয় দ্রব্যে লালসা, কুম্ভোদরী, অশ্বমুখী, পিপাসাযুক্তা এবং খঞ্জা হইবে ॥ ২ ॥

ক্রূরঃ কলাজ্ঞঃ কপিলঃ ক্রিয়ার্থী ভগ্নব্রতোঽভ্যুদ্যত-দণ্ডহস্তঃ। রক্তানি বস্ত্রাণি বিভর্ত্তি চণ্ডো মেষে তৃতীয়ঃ কথিতঃ ত্রিভাগঃ ॥ ৩ ॥

অথ মেষতৃতীয়দ্রেক্কাণস্য স্বরূপমিন্দ্রবজ্রয়াহ—ক্রূর ইতি। ক্রূরো বিষমস্বভাবঃ কলাজ্ঞঃ কলাবিৎ কপিলঃ পিঙ্গঃ ক্রিয়ার্থী কর্ম্মাভিলাষুকঃ ভগ্নব্রতঃ স্খলিতনিয়মঃ আভিমুখ্যেনোদ্যতো দণ্ডঃ হস্তে পাণৌ যস্য রক্তানি লোহিতানি বস্ত্রাণ্যম্বরাণি বিভর্ত্তি ধারয়তি চণ্ডঃ ক্রোধশীলঃ অয়ং মেষতৃতীয়স্ত্রিভাগো দ্রেক্কাণঃ কথিতঃ উক্তঃ এষ নরদ্রেক্কাণঃ সায়ুধো জীবসজ্ঞশ্চ ॥ ৩ ॥

মেষের তৃতীয়দ্রেক্কাণে পুরুষ, ঐ পুরুষ ক্রূর, চতুঃষষ্টি-কলাজ্ঞ, কপিলবর্ণ, সর্ব্বদা কর্ম্মে অভিলাষী, নিয়ম রক্ষা করিতে অসমর্থ, উদ্যত দণ্ডহস্ত, রক্তবর্ণবস্ত্রপরিধানপ্রিয় এবং ক্রোধী হইবে ॥ ৩ ॥

কুঞ্চিতলূনকচা ঘটদেহা দগ্ধপটা তৃষিতাশনচিন্তা।
আভরণান্যভিবাঞ্ছতি নারী রূপমিদং বৃষভে প্রথমস্য ॥ ৪ ॥

অথ বৃষপ্রথমদ্রেক্কাণজাতস্য স্বরূপং দোধকেনাহ—কুঞ্চিতেতি। কুঞ্চিতাঃ কুটিলাঃ লূনাঃ কচাঃ কেশা যস্যাঃ কুটিলচ্ছিন্নকেশা ঘটদেহা কুম্ভসদৃশোদরী দগ্ধপটা দগ্ধবস্ত্রা তৃষিতা পিপাসার্ত্তা অশনে ভোজনে চিত্তং যস্যাঃ আভরণানি ভূষণানি অভিবাঞ্ছতি সা চ নারী স্ত্রী ইদং বৃষভপ্রথমদ্রেক্কাণস্য স্বরূপং এষঃ স্ত্রীদ্রেক্কাণঃ সাগ্নিকঃ শুক্রসজ্ঞশ্চ ॥ ৪ ॥

বৃষের প্রথমদ্রেক্কাণে স্ত্রী, ঐ স্ত্রী কেশকুঞ্চিত ও লূন এবং উদর কুম্ভাকৃতি হইবে, সে দগ্ধবস্ত্রপরিধৃতা, পিপাসান্বিতা, ভোজনে, পানে এবং অলঙ্কারপরিধানে সর্ব্বদা অভিলাষিণী হইবে ॥ ৪ ॥

ক্ষেত্রধান্যগৃহধেনুকলাজ্ঞো লাঙ্গলে সশকটে কুশলশ্চ।
স্কন্ধমুদ্বহতি গোপতিতুল্যং ক্ষুৎপরোঽজবদনো মল-বাসাঃ ॥ ৫ ॥

অথ বৃষদ্বিতীয়দ্রেক্কাণস্য স্বরূপং স্বাগতয়াহ—ক্ষেত্রধান্যেতি। ক্ষেত্রং কেদারঃ ধান্যানি শালয়ঃ গৃহং বেশ্মঃ ধেনুঃ গৌঃ কলাঃ গীতবাদ্যনৃত্যালেখ্যচিত্রকর্ম্মাদি এতাসাং জ্ঞঃ পণ্ডিতঃ লাঙ্গলে হলে সশকটে শকটসহিতে কুশলঃ শিক্ষিতঃ গোপতিতুল্যং বৃষভসদৃশং স্কন্ধং ককুদমুদ্বহতি ধারয়তি ক্ষুৎপরঃ ক্ষুধার্ত্তঃ অজবদনঃ ছাগবক্ত্রঃ মলবাসা মলিনাম্বরঃ এষঃ নরদ্রেক্কাণঃ চতুষ্পাদদ্রেক্কাণো বুধসজ্ঞশ্চ ॥ ৫ ॥

বৃষের দ্বিতীয়দ্রেক্কাণে পুরুষ, ঐ পুরুষ কৃষি, ধান্য, গৃহ, ধেনু এবং চতুঃষষ্টি কলাজ্ঞ, পণ্ডিত, লাঙ্গল ও শকট চালনে দক্ষ ও তাহার বৃষের ন্যায় স্কন্ধ, সে ক্ষুধার্ত্ত, ছাগমুখ ও মলিন বস্ত্রধারী হইবে ॥ ৫ ॥

দ্বিপসমকায়ঃ পাণ্ডুরদংষ্ট্রঃ শরভসমাঙ্ঘ্রিঃ পিঙ্গলমূর্ত্তিঃ।
অবিমৃগলোভব্যাকুলচিত্তো বৃষভবনস্য প্রান্তগতোঽয়ং ॥৬॥

অথ বৃষতৃতীয়দ্রেক্কাণস্য স্বরূপং দোধকেনাহ—দ্বিপসমকায় ইতি। দ্বিপসমকায়ো মহাশরীরো হস্তিতুল্যদেহঃ ন পুনঃ হস্তিশরীরঃ পাণ্ডুরদংষ্ট্রঃ শ্বেতদন্তঃ শরভসমাঙ্ঘ্রিঃ বৃহৎপাদো ন পুনঃ শরভসদৃশপাদঃ পিঙ্গলমূর্ত্তিঃ কপিলদেহঃ অবিঃ প্রসিদ্ধঃ মৃগ আরণ্যপশুঃ অবিমৃগলোভার্ত্তং ব্যাকুলং চিত্তং যস্য অয়ং বৃষভবনস্য বৃষরাশেঃ প্রান্তগতস্তৃতীয়দ্রেক্কাণঃ এষ নরদ্রেক্কাণঃ চতুষ্পাদঃ সৌরসজ্ঞশ্চ ॥ ৬ ॥

বৃষের তৃতীয়দ্রেক্কাণে পুরুষ, ঐ পুরুষের শরীর হস্তীর সদৃশ বৃহৎ, দন্ত পাণ্ডুরবর্ণ, চরণ বৃহৎ, বর্ণ পিঙ্গল এবং সে মেষ ও মৃগমাংসভক্ষণে লোভী হইবে॥ ৬॥

সূচ্যাশ্রয়ং সমভিবাঞ্ছতি কর্ম্ম নারী রূপান্বিতাভরণ-কার্য্যকৃতাদরা চ। হীনপ্রজোচ্ছ্রিতভুজার্ত্তুমতী ত্রিভাগ-মাদ্যং তৃতীয়ভবনস্য বদন্তি তজ্জ্ঞাঃ॥ ৭॥

অথ মিথুনস্য প্রথমদ্রেক্কাণস্য স্বরূপজ্ঞানং বসন্ততিলকেনাহ—সূচ্যাশ্রয়মিতি। নারী স্ত্রী সূচ্যাশ্রয়কর্ম্ম সীবনক্রিয়াং সম্যগভিবাঞ্ছতি ইতি রূপান্বিতা সুরূপা আভরণকার্য্যে ভূষণকর্ম্মণি কৃত আদরো অভিলাষো শ্রদ্ধা যয়া হীনপ্রজা অপত্যরহিতা উচ্ছ্রিতভুজোর্দ্ধ-বাহুকী ঋতুমতী সার্ত্তবা কামার্ত্তা বা তৃতীয়ভবনস্য মিথুনস্যাদ্যং প্রথমং ত্রিভাগং দ্রেক্কাণং তজ্‌জ্ঞাঃ পণ্ডিতাঃ প্রবদন্তি কথয়ন্তি এষ স্ত্রীদ্রেক্কাণো বুধসঙ্গশ্চ॥ ৭॥

মিথুনের প্রথমদ্রেক্কাণে স্ত্রী, ঐ স্ত্রী সূচীকর্ম্মে অভি-লাষিণী, সুন্দরী, আভরণ পরিতে এবং পরাইতে আহ্লাদান্বিতা. সন্তানরহিতা, সর্ব্বদা ঊর্দ্ধে হস্ত রাখিতে অভিলাষিণী, ঋতুমতী অথবা কামার্ত্তা হয়॥ ৭॥

উদ্যানসংস্থঃ কবচী ধনুষ্মান্ শূরোঽস্ত্রধারী গরুড়া-ননশ্চ। ক্রীড়াত্মজালঙ্করণার্থচিন্তাং করোতি মধ্যে মিথুনস্য রাশেঃ॥ ৮॥

অথ মিথুনদ্বিতীয়দ্রেক্কাণস্য স্বরূপমুপজাতিকয়াহ—উদ্যানসংস্থ ইতি। উদ্যানসংস্থ উপবনে তিষ্ঠতি কবচী সন্নাহপ্রাবৃতশরীরঃ ধনুষ্মান্ চাপহস্তঃ শূরো রণপ্রিয়ঃ শরাস্ত্রধারী বা পাঠঃ শরাঃ কাণ্ডানি তান্যেবাস্ত্রাণি তদ্ধারণে শীলং যস্যেতি গরুড়াননঃ পক্ষিসদৃশ-বক্ত্রঃ ক্রীড়নং ক্রীড়া আত্মজাঃ পুত্রাঃ অলঙ্করণমাভরণং অর্থো বিত্তং এষাং সম্বন্ধিনীং চিন্তাং করোতি। অথ মিথুনস্য রাশের্ম্মধ্যে দ্বিতীয়দ্রেক্কাণ ইত্যর্থঃ। এষ নরদ্রেক্কাণঃ সায়ুধঃ খগদ্রেক্কাণঃ শুক্রসঙ্গশ্চ॥ ৮॥

মিথুনের দ্বিতীয়দ্রেক্কাণে পুরুষ, ঐ পুরুষ উদ্যানস্থিত, কবচ ও ধনুর্দ্ধারী, বলবান্, অস্ত্রধারী, পক্ষীর সদৃশ মুখ, ক্রীড়া, পুত্র, অলঙ্কার এবং অর্থচিন্তায় সর্ব্বদা নিমগ্নচিত্ত হয়॥ ৮॥

ভূষিতো বরুণবদ্বহুরত্নো বদ্ধতূণকবচঃ স ধনুষ্কঃ।
নৃত্যবাদিত্রকলাসু চ বিদ্বান্ কাব্যকৃন্মিথুনরাশ্যবসানে॥৯॥

অথ মিথুনস্য তৃতীয়দ্রেক্কাণস্বরূপং স্বাগতয়াহ—ভূষিত ইতি। ভূষিতোঽলঙ্কৃতঃ বরুণ-বৎ সমুদ্রবৎ বহুরত্নঃ প্রভূতমণিঃ তূণং শরাধানং কবচং সন্নাহঃ এতৌ বদ্ধৌ গ্রথিতৌ যেন স ধনুষ্কঃ চাপযুক্তঃ নৃত্যে বাদিত্রে বাদ্যবিষয়ে কলাসু চ নিঃশেষা সুবিদ্বাংস্তজ্জ্ঞঃ কাব্যকৃৎ পণ্ডিতঃ কাব্যকর্ম্মকার্য্যং তৎ করোতি। এষ মিথুনস্য রাশেরবসানে তৃতীয়দ্রেক্কাণে ইত্যর্থঃ, এষ নরদ্রেক্কাণঃ সায়ুধঃ সৌরসঙ্গশ্চ॥ ৯॥

মিথুনের তৃতীয়দ্রেক্কাণে পুরুষ, ঐ পুরুষ অলঙ্কারে ভূষিত, সমুদ্রের ন্যায় বহুরত্নযুক্ত, তূণ, কবচ এবং ধনুর্দ্ধারী, নৃত্য-বাদ্যাদি কলায় বিদ্বান্ এবং কাব্য অর্থাৎ পরিহাসকার্য্যে পটু হইবে॥ ৯॥

পত্রমূলফলভৃদ্দ্বিপকায়ঃ কাননে মলয়গঃ শরভাঙ্ঘ্রিঃ।
ক্রোড়তুল্যবদনো হয়কণ্ঠঃ কর্কটে প্রথমরূপমুশন্তি॥১০॥

অথ কর্কটপূর্ব্বস্য স্বরূপং স্বাগতয়াহ—পত্রেতি। পত্রাণি মূলানি ফলানি চ বিভর্ত্তি ধারয়তি দ্বিপকায়ো হস্তিসদৃশশরীরঃ কাননে মলয়গঃ মলয়শ্চন্দনবৃক্ষঃ তত্রোপগতঃ স্থিতঃ শরভাঙ্ঘ্রিঃ শরভসদৃশপাদঃ ক্রোড়ঃ শূকরস্তত্তুল্যবদনঃ তৎসদৃশবক্ত্রঃ হয়কণ্ঠোঽশ্বগ্রীবঃ কর্কটে কর্কটরাশৌ প্রথমদ্রেক্কাণস্য স্বরূপমুশন্তি কথয়ন্তি এষ দ্রেক্কাণশ্চতুষ্পাচ্চন্দ্র-সঙ্গশ্চ॥ ১০॥

কর্কটের প্রথমদ্রেক্কাণে পুরুষ, ঐ পুরুষের হস্তীর ন্যায় শরীর এবং সে ফলমূলপত্রধারী, মলয়কাননবাসপ্রিয় এবং সে শূকরমুখ ও হয়গ্রীব॥ ১০॥

পদ্মার্চ্চিতা মূর্দ্ধনি ভোগিযুক্তা স্ত্রীকর্কশারণ্যগতা বিরৌতি। শাখাং পলাশস্য সমাশ্রিতা চ মধ্যে স্থিতা কর্কটকস্য রাশেঃ॥ ১১॥

অথ কর্কটদ্বিতীয়দ্রেক্কাণস্য স্বরূপমিন্দ্রবজ্রয়াহ—পদ্মার্চ্চিতেতি। স্ত্রী যোষিন্মূর্দ্ধনি শিরসি পদ্মৈঃ কমলৈরর্চ্চিতা পূজিতা ভোগিযুক্তা সসর্পা কর্কশা কঠিনযৌবনোপেতা অরণ্যগতা একান্তস্থিতা বিরৌতি আক্রুশতি পলাশবৃক্ষস্য শাখাং লতাং সমাশ্রিতা তত্রা-সক্তা স্থিতা কর্কটস্য রাশের্মধ্যে স্থিতা দ্বিতীয়দ্রেক্কাণে সমবস্থিতা এষ স্ত্রীদ্রেক্কাণো ভৌম-সঙ্গশ্চ॥ ১১॥

কর্কটের দ্বিতীয়দ্রেক্কাণে স্ত্রী, ঐ স্ত্রী মস্তকে পদ্ম ও সর্প-যুক্তা, কর্কশা, পূর্ণযৌবনা, কাননে রোদনশীলা, পলাশবৃক্ষের শাখাশ্রিতা॥ ১১॥

ভার্য্যাভরণার্থমর্ণবং নৌস্থো গচ্ছতি সর্পবেষ্টিতঃ। হৈমৈশ্চ যুতো বিভূষণৈশ্চিপিটাস্যোঽন্ত্যগতশ্চ কর্কটে॥১২॥

অথ কর্কটস্য তৃতীয়দ্রেক্কাণস্য স্বরূপং বৈতালীয়েনাহ—ভার্য্যেতি। ভার্য্যা জায়া তস্যা আভরণার্থং অলঙ্করণনিমিত্তমর্ণবং সমুদ্রং নৌস্থো বেড়কারূঢ়ঃ সর্পবেষ্টিতাঙ্গো গচ্ছতি যাতি হৈমৈঃ সুবর্ণৈর্নির্ম্মিতৈঃ বিভূষণৈরলঙ্করণৈর্যুতঃ চিপিটাস্যঃ চর্পটমুখঃ কর্কটেঽন্ত্যগতঃ তৃতীয়দ্রেক্কাণ ইত্যর্থঃ। এষ নরদ্রেক্কাণো ব্যালদ্রেক্কাণো জীবসঙ্গশ্চ॥ ১২॥

কর্কটের তৃতীয়দ্রেক্কাণে পুরুষ, ঐ পুরুষ তাহার স্ত্রীর আভরণ জন্য সর্পবেষ্টিত হইয়া নৌকারোহণে সমুদ্রে গমন করিবে। সে স্বর্ণ অলঙ্কারে বিভূষিত এবং তাহার চিপিট মুখ হইবে॥ ১২॥

শাল্মলেরুপরিগৃধ্রজম্বুকৌ শ্বা নরশ্চ মলিনাম্বরান্বিতঃ। রৌতি মাতৃপিতৃবিপ্রযোজিতঃ সিংহরূপমিদমাদ্য-মুচ্যতে॥ ১৩॥

অথ সিংহপূর্ব্বস্য স্বরূপজ্ঞানং রথোদ্ধতয়াহ—শাল্মলেরিতি। শাল্মলিবৃক্ষস্যোপরি গৃধ্রঃ পক্ষী জম্বুকঃ শৃগালঃ এতৌ স্থিতৌ তথা শ্বা সা রমেয়ঃ নরো মনুষ্যঃ স চ মলিনৈঃ মলোপেতৈরম্বরৈর্বস্ত্রৈরন্বিতো যুক্তঃ মাতৃপিতৃবিপ্রযোজিতো জননীজনকবিরহিতো রৌতা-ক্রুশতি ইদমাদ্যং প্রথমং রূপং সিংহস্যোচ্যতে কথ্যতে সিংহপ্রথমদ্রেক্কাণ ইত্যর্থঃ। এষ নরদ্রেক্কাণ চতুষ্পদদ্রেক্কাণঃ খগদ্রেক্কাণোঽর্কসঙ্গশ্চ॥ ১৩॥

সিংহের প্রথমদ্রেক্কাণে পুরুষ, ঐ পুরুষ মলিনবস্ত্রধারী এবং পিতৃমাতৃবিয়োগবিধুর ও মলিনবস্ত্রধারী হইয়া শাল্মলী-বৃক্ষের উপর পক্ষী, শৃগাল এবং কুক্কুরের ন্যায় রোদন করিবে॥ ১৩॥

হয়াকৃতিঃ পাণ্ডুরমাল্যশেখরো বিভর্ত্তি কৃষ্ণাজিন-কম্বলং নরঃ। দুরাসদঃ সিংহ ইবাত্তকার্ম্মুকো নতাগ্র-নাসো মৃগরাজমধ্যমঃ ॥ ১৪ ॥

অথ সিংহদ্বিতীয়স্য স্বরূপং বংশস্থেনাহ—হয়াকৃতিরিতি। হয়াকৃতিঃ অশ্বাকারঃ পাণ্ডুরমীষচ্ছুক্লং মাল্যং পুষ্পনিচয়ং শেখরে শিরসি যস্য কৃষ্ণাজিনং কৃষ্ণমৃগচর্ম্ম-কম্বলমৌর্ণিকং বিভর্ত্তি ধারয়তি, কেচিৎ কৃষ্ণাজিনচীরমিতি পঠন্তি। চীরং কৌশেয়বাসসঃ নরো মনুষ্যো দুরাসদো দুর্জ্জেয়ঃ দুঃসাধ্যঃ সিংহ ইব আত্তকার্ম্মুকঃ গৃহীতচাপঃ নতাগ্র-নাসঃ নতাগ্রা নাসা যস্য মৃগরাজস্য সিংহস্য মধ্যমো দ্বিতীয়ো দ্রেক্কাণঃ হয়াকৃতিঃ পুরুষ এবায়ং ন চতুষ্পদদ্রেক্কাণঃ এষ নরদ্রেক্কাণঃ সায়ুধো জীবসঙ্গশ্চ ॥ ১৪ ॥

সিংহের দ্বিতীয়দ্রেক্কাণে পুরুষ, ঐ পুরুষের অশ্বসদৃশ আকৃতি, মস্তকে পাণ্ডুরবর্ণমালাযুক্ত, কৃষ্ণসার চর্ম্ম এবং কম্বল-ধারী, দুরাসদ, ধনুর্দ্ধারী এবং তাহার নাসার অগ্রভাগ নত হয় ॥ ১৪ ॥

ঋক্ষাননো বানরতুল্যচেষ্টো বিভর্ত্তি দণ্ডং ফল-মামিষঞ্চ। কূর্চ্চী মনুষ্যঃ কুটিলৈশ্চ কেশৈর্মৃগেশ্চরস্যান্ত-গতস্ত্রিভাগঃ ॥ ১৫ ॥

অথ সিংহতৃতীয়স্য স্বরূপমুপজাতিকয়াহ—ঋক্ষানন ইতি। ঋক্ষঃ প্রাণী ঋক্ষাননঃ ঋক্ষসদৃশবক্ত্রঃ বানরতুল্যচেষ্টঃ বানরেণ কপিনা তুল্যা সদৃশা চেষ্টা স্বভাবো যস্য, দণ্ডং আয়ুধং ফলং আম্রাদি আমিষং মাংসঞ্চ বিভর্ত্তি ধারয়তি কূর্চ্চী দীর্ঘশ্মশ্রুঃ মনুষ্যঃ পুরুষঃ কুটিলৈঃ কেশৈর্মূর্দ্ধজৈর্যুক্তঃ মৃগেশস্য সিংহস্যান্ত্যগত্রিভাগঃ এষ নরদ্রেক্কাণঃ চতুষ্পদ-দ্রেক্কাণঃ সায়ুধো ভৌমসঙ্গশ্চ ॥ ১৫ ॥

সিংহের তৃতীয়দ্রেক্কাণে পুরুষ, ঐ পুরুষের ভল্লূকসদৃশ মুখ ও বানরের ন্যায় স্বভাব, দণ্ড, ফল এবং আমিষধারী, দীর্ঘ-শ্মশ্রু ও কুটিলকুন্তল হইবে ॥ ১৫ ॥

পুষ্পপ্রপূর্ণেন ঘটেন কন্যা মলপ্রদিগ্ধাম্বরসংবৃতাঙ্গী। বস্ত্রার্থসংযোগমভীষ্টমানা গুরোঃ কুলং বাঞ্ছতি কন্য-কাদ্যঃ ॥ ১৬ ॥

* হিন্দিভাষাতে ছিন্নহস্তপাদ মনুষ্যকে চৌরঙ্গী বলে। কোন সময়ে মৎস্যেন্দ্র আদিনাথের নিকট যোগজ্ঞান করিয়া পৃথিবীর সর্ব্বত্র বিচরণ করিতে করিতে কোন এক অরণ্যমধ্যে ছিন্নহস্তপাদ এক ব্যক্তিকে দেখিতে পাইয়া তাহার প্রতি কৃপাবলোকন করিলেন। অনন্তর তাহার কৃপাদৃষ্টিতে চৌরঙ্গীর হস্তপাদ অঙ্কুরিত হইল। তৎপর চৌরঙ্গী মৎস্যেন্দ্রের কৃপাতে আমার হস্তপাদ উৎপন্ন হইয়াছে, ইহা জানিতে পারিয়া মৎস্যেন্দ্রের পাদদ্বয়ে প্রণিপাতপূর্ব্বক প্রার্থনা করিলেন। প্রভো! আপনি এ অধমের প্রতি অনুকম্পা করুন, তখন মৎস্যেন্দ্র চৌরঙ্গীর প্রতি অনুগ্রহ করিয়া তাহাকে যোগশিক্ষা প্রদান করিলেন এবং সেই যোগশিক্ষাবলেই চৌরঙ্গী প্রসিদ্ধ যোগী হইয়াছিলেন।

চিত্ত, মুক্তিকামী ও সর্ব্বপ্রকার দোষসম্পর্করহিত, সেই সকল ব্যক্তিকেই এই যোগবিদ্যা প্রদান করিবে। এতদ্ভিন্ন অর্থাৎ ইন্দ্রিয়পরায়ণতাদিদোষবান্ ব্যক্তিদিগকে হঠযোগ প্রদান করিবে না। হঠযোগবিদ্যায় অধিকারিবিষয়ে যাজ্ঞবল্ক্যঋষি বলিয়াছেন, যাঁহারা সর্ব্বদা শাস্ত্রোক্ত কর্ম্মের অনুষ্ঠান করেন, যাঁহাদিগের কোনরূপ কামনা বা কর্ম্মমানস নাই, যাঁহারা যমাদিনিয়মযুক্ত, সংসারসম্পর্করহিত, বিদ্বান্, দোষশূন্য, সত্যধর্ম্মপালনে একান্ত অনুরক্ত, গুরুশুশ্রূষাপরায়ণ, পিতৃমাতৃভক্ত, স্বাশ্রমস্থিত, সদাচারনিরত এবং সুশিক্ষিত, এইরূপ ব্যক্তিই হঠযোগবিদ্যার যথার্থ অধিকারী। আর যাঁহারা বেশধারী অর্থাৎ গৈরিকবসন ও জটাবল্কলাদি বাহ্যিকআড়ম্বর প্রদর্শন করেন ও শিশ্নোদরপরায়ণ, তাহাদিগকে হঠযোগবিদ্যা প্রদান করিবে না। যোগচিন্তামণিকার লিখিয়াছেন যে, যদিও হঠযোগ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, স্ত্রী ও শূদ্র ইত্যাদি সকলকেই পবিত্র করে এবং যোগ ব্যতিরেকে অন্য কিছুতেই কর্ম্মক্ষয় হয় না, ইত্যাদি পৌরাণিক বাক্যে প্রাণিমাত্রেরই যোগসাধনে অধিকার আছে, তথাপি যাহারা সংসারে বিরক্ত, তাহারাই মোক্ষলাভ করিতে পারে, অতএব বিরাগী ব্যক্তিরাই যোগসাধনের প্রকৃত অধিকারী। বায়ুসংহিতা প্রমাণে জানা যায় যে, যাহার মন বিষয়ে অনাশক্ত, তাহারাই যোগসাধনে অধিকারী, বিষয়াশক্তচিত্ত ব্যক্তির যোগাধিকার নাই। সুরেশ্বরাচার্য্য বলেন যে, ইহকালে বা পরকালে যাহার ভোগাভিলাষ নাই এবং যে ব্যক্তি সংসার পরিত্যাগ করিয়াছেন, তিনি যদি ব্রহ্মবিজ্ঞান ইচ্ছা করেন, তাহা হইলে সেই ব্যক্তিকেই যোগসাধনের প্রকৃত অধিকারী পাত্র বলিয়া জানিবে ॥ ১১ ॥

সুরাজ্যে ধার্ম্মিকে দেশে সুভিক্ষে নিরুপদ্রবে। ধনুঃপ্রমাণপর্য্যন্তং শিলাগ্নিজলবর্জ্জিতে। একান্তে মঠিকামধ্যে স্থাতব্যং হঠযোগিনা ॥ ১২ ॥

অথ হঠাভ্যাসযোগ্যং দেশমাহ সার্দ্ধেন সুরাজ্য ইতি। রাজ্ঞঃ কর্ম্মভাবো বা রাজ্যং তচ্ছোভনং যস্মিন্ স সুরাজ্যস্তস্মিন্ সুরাজ্যে। যথা রাজা তথা প্রজেতি মহদুক্তেঃ। রাজ্ঞঃ শোভনত্বাৎ প্রজানামপি শোভনত্বং সূচিতং। ধার্ম্মিকে ধর্ম্মবতি অনেন হঠাভ্যাসিনোঽনুকূলাহারাদিলাভঃ সূচিতঃ। সুভিক্ষ ইত্যনেনানায়াসেন তল্লাভঃ সূচিতঃ। নিরুপদ্রবে চৌরব্যাঘ্রাদ্যুপদ্রবরহিতে। এতেন দেশস্য দীর্ঘকালবাসযোগ্যতা সূচিতা। ধনুষঃ প্রমাণং ধনুঃপ্রমাণঃ চতুর্হস্তমাত্রং তৎপর্য্যন্তং শিলাগ্নিজলবর্জ্জিতে শিলা প্রস্তরঃ অগ্নির্বহ্নিঃ জলং তোয়ং তৈর্ব্বর্জ্জিতে রহিতে। যত্রাসনং ততশ্চতুর্হস্তমাত্রে শিলাগ্নিজলানি ন স্যুরিত্যর্থঃ। তেন শীতোষ্ণবিকারাভাবঃ সূচিতঃ। একান্তে বিজনে। অনেন জনসমাগমাভাবাৎ কলহাদ্যভাবঃ সূচিতঃ। জনসম্বন্ধে তু কলহাদিকং স্যাদেব। তদুক্তং ভাগবতে বাসে বহুনাং কলহো ভবেদ্বার্ত্তাদ্বয়োরপীতি। তাদৃশে মঠিকামধ্যে। অল্পো মঠো মঠিকা অল্পীয়সি কন্ তস্যাঃ মধ্যে হঠযোগিনা হঠাভ্যাসী যোগী হঠযোগী তেন। শাকপার্থিবাদিবৎ সমাসঃ স্থাতব্যং স্থাতুং যোগ্যং। মঠিকামধ্য ইত্যনেন শীতাতপাদিজনিতক্লেশাভাবঃ সূচিতঃ। অত্র যুক্তাহারবিহারেণ হঠযোগস্য সিদ্ধয়ে। ইত্যর্দ্ধং কেনচিৎ ক্ষিপ্তত্বান্ন ব্যাখ্যাতং। মূলশ্লোকানামেব ব্যাখ্যানং। এবমগ্রেঽপি যেময়া ন ব্যাখ্যাতাঃ শ্লোকা হঠপ্রদীপিকায়াংমূলশ্লোকসংঘে সর্ব্বে ক্ষিপ্তা ইতি বোদ্ধব্যাঃ ॥ ১২ ॥

এইক্ষণ কিরূপ স্থানে হঠযোগসাধন করিবে, তাহাই বলিতেছি। যে দেশে রাজা ও প্রজা সুশীল, সর্ব্বপ্রকার ধর্ম্মকর্ম্মের অনুষ্ঠান হয়, ভক্ষ্যদ্রব্য দুষ্প্রাপ্য নহে, চৌরব্যাঘ্রাদির উপদ্রব নাই, অথচ সর্ব্বদা সুখস্বচ্ছন্দে বহুকাল বাস করা যায়, এইরূপ সুশোভন দেশের মধ্যে কোন নির্জ্জনস্থানে ক্ষুদ্র মঠ নির্ম্মাণ করিয়া তাহার মধ্যে উপবেশন করত হঠযোগীরা যোগসাধন করিবে। যেস্থানে উপবেশন করিয়া হঠযোগ সাধন করিবে, তাহার চারি হস্তপ্রমাণ স্থানের মধ্যে শিলা, অগ্নি ও জল না থাকে, এইরূপ করিবে, অর্থাৎ যে স্থানে বসিয়া যোগসাধন করিতে শীতোষ্ণাদি কোনরূপ বাধা দিতে না পারে, এইরূপ স্থানই হঠযোগীরা মনোনীত করিবে। ভাগবতে লিখিত আছে যে, জনাকীর্ণস্থানে যোগ অভ্যাস করিতে গেলে কলহ উপস্থিত হইয়া যোগসিদ্ধির বাধা দিতে পারে, অতএব নির্জ্জনস্থানই যোগাভ্যাসের পক্ষে প্রশস্ত। অনাবৃতস্থানে শীতাতপাদিতে সাধকের ক্লেশ হইতে পারে, এই নিমিত্ত মঠমধ্যে যোগসাধন করাই বিধেয় ॥ ১২ ॥

অল্পদ্বারমরন্ধ্রগর্ত্তবিবরং নাত্যুচ্চনীচায়তং সম্যগ্গোময়সান্দ্রলিপ্তমমলং নিঃশেষজন্তূজ্ঝিতং। বাহ্যে মণ্ডপবেদিকূপরুচিরং প্রাকারসংবেষ্টিতং প্রোক্তং যোগমঠস্য লক্ষণমিদং সিদ্ধৈর্হঠাভ্যাসিভিঃ ॥ ১৩ ॥

অথ মঠলক্ষণমাহ অল্পদ্বারমিতি। অল্পদ্বারং যস্মিংস্তত্তথোক্তং রন্ধ্রং গবাক্ষাদিঃ গর্ত্তো নিম্নপ্রদেশঃ বিবরো মূষকাদিবিলং তে ন সন্তি যস্মিংস্তত্তথোক্তং। অত্যুচ্চঞ্চ তন্নীচং চাত্যুচ্চনীচং তচ্চ তদায়তং চাত্যুচ্চনীচায়তং। বিশেষণং বিশেষ্যেণ বহুলমিত্যত্র বহুলগ্রহণাদ্বিশেষণানাং কর্ম্মধারয়ঃ। ননূচ্চনীচায়তশব্দানাং ভিন্নার্থকানাং কথং কর্ম্মধারয়ঃ। তৎপুরুষঃ সমানাধিকরণঃ কর্ম্মধারয় ইতি তল্লক্ষণাদিতি চেন্ন। মঠে তেষাং সামানাধিকরণ্যাসম্ভবাৎ ন চাত্যুচ্চনীচায়তং নাত্যুচ্চনীচায়তং ন শব্দেন সমাসান্নলোপাভাবঃ নেতি পৃথক্পদং বা। অত্যুচ্চ আরোহণে শ্রমঃ স্যাদতিনীচেঽবরোহণে শ্রমো ভবেৎ। অত্যায়তে দূরং দৃষ্টির্গচ্ছেত্তন্নিবারণার্থমুক্তং নাত্যুচ্চনীচায়তমিতি। সম্যক্ সমীচীনতয়া গোময়েন গোপুরীষেণ সান্দ্রং যথা ভবতি তথা লিপ্তং। অমলং নির্ম্মলং নিঃশেষা নিখিলা যে জন্তবো মশকমৎকুণাদয়স্তৈরুজ্ঝিতং ত্যক্তং রহিতং বাহ্যে মঠাদ্বহিঃ প্রদেশে মণ্ডপঃ শালাবিশেষঃ বেদিঃ পরিষ্কৃতা ভূমিঃ কূপো জলাশয়বিশেষঃ তৈ রুচিরং রমণীয়ং প্রাকারেণ বরণেন সম্যগ্বেষ্টিতং পরিতো ভিত্তিযুক্তমিত্যর্থঃ। হঠাভ্যাসিভিঃ হঠযোগাভ্যাসশীলৈঃ সিদ্ধৈঃ। ইদং পূর্ব্বোক্তমল্পদ্বারাদিকং যোগমঠস্য লক্ষণং স্বরূপং প্রোক্তং কথিতং। নন্দিকেশ্বরপুরাণে প্যেবং মঠলক্ষণমুক্তং। মন্দিরং রম্যবিন্যাসং মনোজ্ঞং গন্ধবাসিতং ধূপামোদাদিসুরভি কুসুমোৎকরমণ্ডিতং। মুনিতীর্থনদীবৃক্ষপদ্মিনীশৈলশোভিতং। চিত্রকর্ম্মনিবদ্ধঞ্চ চিত্রভেদবিচিত্রিতং। কুর্য্যাদ্যোগগৃহং ধীমান্ সুরম্যং শুভবর্ত্মনা। দৃষ্ট্বা চিত্রগতান্ স্বাস্থ্যনীন্ যাতি মনঃ শমং। সিদ্ধান্ দৃষ্ট্বা চিত্রগতানভিরত্যুদ্যমে ভবেৎ। মধ্যে যোগ-

এইক্ষণ গোমুখাসন কথিত হইতেছে। বামপার্শ্বে দক্ষিণ গুল্ফ এবং দক্ষিণপার্শ্বে বামগুল্ফ ন্যস্ত করিয়া উপবেশন করিবে। এইরূপ উপবেশন করিলে গোমুখাকার হয়, অতএব এইরূপ আসনকে যোগিগণ গোমুখাসন বলিয়া থাকেন। কটির অধোভাগে পৃষ্ঠ ও গুল্ফ বিন্যস্ত করিতে হইবে ॥ ২২ ॥

একং পাদং তথৈকস্মিন্ বিন্যসেদূরুণি স্থিতম্।
ইতরস্মিংস্তথা চোরুং বীরাসনমিতীরিতম্ ॥ ২৩ ॥

বীরাসনমাহ। একমিতি একং দক্ষিণং পাদং। তথা পাদপূরণে একস্মিন্ বামোরুণি স্থিতং বিন্যসেৎ। ইতরস্মিন্ বামে পাদে উরুং দক্ষিণং বিন্যসেৎ। তদ্বীরাসনমিতীরিতং কথিতং ॥ ২৩ ॥

অতঃপর বীরাসন বলিতেছেন, বাম উরুতে দক্ষিণপাদ এবং দক্ষিণ উরুতে বামপাদ নিয়োজিত করিয়া উপবেশন করিলে বীরাসন হয় এবং যোগিগণ এই আসনকে বীরাসন বলিয়া থাকেন ॥ ২৩॥

গুদং নিরুধ্য গুল্ফাভ্যাং ব্যুৎক্রমেণ সমাহিতঃ।
কূর্ম্মাসনং ভবেদেতদিতি যোগবিদো বিদুঃ ॥ ২৪ ॥

কূর্ম্মাসনমাহ গুদমিতি। গুল্ফাভ্যাং গুদং নিরুধ্য নিয়ম্য ব্যুৎক্রমেণ যত্র সম্যগাহিতঃ স্থিতো ভবেৎ। এতৎ কূর্ম্মাসনং ভবেৎ ইতি যোগবিদো বিদুরিত্যন্বয়ঃ ॥ ২৪ ॥

অনন্তর কূর্ম্মাসন কথিত হইতেছে। উভয় গুল্ফদ্বারা গুহ্যদ্বার নিরোধ করিয়া সাবধানে পূর্ব্বের বিপরীতভাবে অবস্থিতি করিবে, এইরূপ অবস্থান করিলেই কূর্ম্মাসন হয় এবং যোগিগণ ইহাকে কূর্ম্মাসন বলেন ॥ ২৪ ॥

পদ্মাসনন্তু সংস্থাপ্য জানূর্ব্বোরন্তরে করৌ।
নিবেশ্য ভূমৌ সংস্থাপ্য ব্যোমস্থং কুক্কুটাসনম্ ॥ ২৫ ॥

কুক্কুটাসনমাহ পদ্মাসনমিতি। পদ্মাসনং তু ঊর্ব্বোরুপরি উত্তানচরণস্থাপনরূপং সম্যক্ স্থাপয়িত্বা। জানুপদেন জানুসন্নিহিতো জঙ্ঘাপ্রদেশঃ। তচ্চ উরুশ্চ জানূরূ তয়োরন্তরে মধ্যে করৌ নিবেশ্য ভূমৌ সংস্থাপ্য। করাবিত্যত্রাপি সম্বধ্যতে। ব্যোমস্থং খস্থং পদ্মাসনসদৃশং যত্তৎকুক্কুটাসনং ॥ ২৫ ॥

এইক্ষণ কুক্কুটাসন নিরূপণ করিতেছেন। উভয় উরুর উপরি উত্তান চরণদ্বয় স্থাপনপূর্ব্বক পদ্মাসনবৎ আসন বদ্ধ করিবে এবং উরুদ্বয় ও জানুদ্বয়ের মধ্যে করদ্বয় প্রবেশিত করিয়া সেই করদ্বয় ভূমিতে স্থাপনপূর্ব্বক সেই ভূমিগত করদ্বয়ের উপরি নির্ভর করিয়া শূন্যে অবস্থিতি করিবে, এইরূপ অবস্থান করিলেই কুক্কুটাসন হয় ॥ ২৫ ॥

কুক্কুটাসনবন্ধস্থো দোর্ভ্যাং সম্বধ্য কন্ধরাম্।
ভবেৎ কূর্ম্মবদুত্তান এতদুত্তানকূর্ম্মকম্ ॥ ২৬ ॥

উত্তানকূর্ম্মাসনমাহ। কুক্কুটাসনেতি কুক্কুটাসনস্য যো বন্ধঃ পূর্ব্বশ্লোকোক্তস্তস্মিন্ স্থিতঃ দোর্ভ্যাং বাহুভ্যাং কন্ধরাং গ্রীবাং সম্বধ্য কূর্ম্মবদুত্তানো যস্মিন্ ভবেদেতদাসনমুত্তানকূর্ম্মকং নাম ॥ ২৬ ॥

অনন্তর উত্তানকুক্কুটাসনের লক্ষণ কথিত হইতেছে। পূর্ব্ববৎ কুক্কুটাসনে অবস্থিতি করিয়া বাহুদ্বয়দ্বারা গ্রীবাদেশ আবদ্ধ করিবে। এইরূপ করিয়া কূর্ম্মের ন্যায় উত্তানভাবে অবস্থিত হইলেই উত্তানকুক্কুটাসন হয় ॥ ২৬ ॥

পাদাঙ্গুষ্ঠৌ তু পাণিভ্যাং গৃহীত্বা শ্রবণাবধি।
ধনুরাকর্ষণং কুর্য্যাদ্ধনুরাসনমুচ্যতে ॥ ২৭ ॥

ধনুরাসনমাহ পাদাঙ্গুষ্ঠৌ স্থিতি। পাণিভ্যাং পাদয়োরঙ্গুষ্ঠৌ গৃহীত্বা শ্রবণাবধি কর্ণপর্য্যন্তং ধনুষ আকর্ষণং যথা ভবতি তথা কুর্য্যাৎ। গৃহীতাঙ্গুষ্ঠমেকং পাণিং প্রসারিতং কৃত্বা গৃহীতাঙ্গুষ্ঠমিতরং পাণিং কুর্য্যাদিত্যর্থঃ। এতদ্ধনুরাসনমুচ্যতে ॥ ২৭ ॥

অতঃপর ধনুরাসন নিরূপণ করিতেছেন. দুই হস্তদ্বারা দুই পায়ের অঙ্গুষ্ঠ গ্রহণ করিয়া কর্ণপর্য্যন্ত আকুঞ্চিত করিবে, এইরূপ করিলে ধনুরাকার হয়, অতএব এইরূপ আসনকে ধনুরাসন কহে ॥ ২৭ ॥

বামোরুমূলার্পিতদক্ষপাদং জানোর্ব্বহির্ব্বেষ্টিতবামপাদম্। প্রগৃহ্য তিষ্ঠেৎ পরিবর্ত্তিতাঙ্গঃ শ্রীমৎস্যনাথোদিতমাসনং স্যাৎ ॥ ২৮ ॥

মৎস্যেন্দ্রাসনমাহ। বামোরুমূলেঽর্পিতঃ স্থাপিতো যো দক্ষপাদঃ তং সংপ্রদায়াৎ পৃষ্ঠতোগতবামপাণিনা গুল্ফস্যোপরিভাগে পরিগৃহ্য। জানোর্দক্ষিণপাদজানোর্ব্বহিঃপ্রদেশে বেষ্টিতো যো বামপাদস্তং বামপাদজানোর্ব্বহির্ব্বেষ্টিতদক্ষিণপাণিনাঙ্গুষ্ঠে প্রগৃহ্য পরিবর্ত্তিতাঙ্গঃ বামভাগেন পৃষ্ঠতো মুখং যথা স্যাদেবং পরিবর্ত্তিতং পরাবর্ত্তিতমঙ্গং যেন স তথা তাদৃশো যত্র তিষ্ঠেৎ স্থিতিং কুর্য্যাত্তদাসনং মৎস্যেন্দ্রনাথোদিতং কথিতং স্যাৎ। তদুদিতত্বাত্তন্নামকমেব বদন্তি। এবং দক্ষোরুমূলার্পিতবামপাদং পৃষ্ঠতোগতদক্ষিণপাণিনা প্রগৃহ্য বামজানোর্ব্বহির্ব্বেষ্টিতদক্ষপাদং দক্ষিণপাদজানোর্ব্বহির্ব্বেষ্টিতবামপাণিনা প্রগৃহ্য দক্ষভাগেন পৃষ্ঠতো মুখঃ যথা স্যাদেবং পরিবর্ত্তিতাঙ্গশ্চাভ্যসেৎ ॥ ২৮ ॥

এইক্ষণ মৎস্যেন্দ্রাসন কথিত হইতেছে। বামোরুর মূলদেশে দক্ষিণপাদমূল স্থাপনপূর্ব্বক পৃষ্ঠদেশগত দক্ষিণ হস্তদ্বারা দক্ষিণপাদের গুল্ফের উপরিভাগ ধারণ করিবে, অনন্তর দক্ষিণপাদ জানুর বাহ্যপ্রদেশে বামপাদ বেষ্টিত করিয়া বামজানুর বামপাদের বহিঃপ্রদেশে বেষ্টিত দক্ষিণ হস্তদ্বারা পূর্ব্ব পরিবেষ্টিত বামপাদের অঙ্গুষ্ঠপ্রদেশ গ্রহণপূর্ব্বক বামভাগে মুখ পরিবর্ত্তন করিয়া পৃষ্ঠদেশে স্থাপন করিবে। এইরূপে অবস্থিত হইলে যে আসন হয়, তাহাকে যোগিগণ মৎস্যেন্দ্রাসন বলেন। পরমযোগী মৎস্যেন্দ্রনাথ এই আসন আবিষ্কার করিয়াছিলেন, এইনিমিত্ত এই আসনকে মৎস্যেন্দ্রাসন বলা যায়, এইরূপে দক্ষিণ উরুর মূলদেশে বামপাদ স্থাপন করিয়া পৃষ্ঠদেশগত বামহস্তদ্বারা সেই বামপাদের গুল্ফের উপরিভাগ ধারণ করিবে এবং বামজানুর বহিঃপ্রদেশে দক্ষিণপাদ পরিবেষ্টিত করিয়া দক্ষিণজানুর বহিঃপ্রদেশে পরিবেষ্টিত বাম হস্তদ্বারা পূর্ব্ব পরিবেষ্টিত দক্ষিণপাদের অঙ্গুষ্ঠ ধারণপূর্ব্বক দক্ষিণভাগে মুখপরিবর্ত্তিত করিয়া পৃষ্ঠভাগে স্থাপন করিতে হইবে। এইরূপ আসনকে মৎস্যেন্দ্রাসন বলা যায় ॥ ২৮ ॥

মৎস্যেন্দ্রপীঠং জঠরপ্রদীপ্তিং প্রচণ্ডরুগ্মণ্ডলখণ্ডনাস্ত্রম্। অভ্যাসতঃ কুণ্ডলিনীপ্রবোধং চন্দ্রস্থিরত্বঞ্চ দদাতি পুংসাম্ ॥ ২৯ ॥

মৎস্যেন্দ্রাসনস্য ফলমাহ। মৎস্যেন্দ্রেতি প্রচণ্ডং দুঃসহং রুজাং রোগাণাং মণ্ডলং সমূহঃ তস্য খণ্ডনে ছেদনে অস্ত্রমস্ত্রমিব তাদৃশং মৎস্যেন্দ্রপীঠং মৎস্যেন্দ্রাসনং অভ্যাসতঃ প্রত্যহমাবর্ত্তনরূপাদভ্যাসাৎ পুংসাং জঠরস্য জঠরাগ্নেঃ প্রকৃষ্টাং দীপ্তিং বৃদ্ধিং দদাতি। তথা কুণ্ডলিন্যা আধারশক্তেঃ প্রবোধং নিদ্রাভাবং তথা চন্দ্রস্য তালুন উপরিভাগে স্থিতস্য নিত্যং ক্ষরতঃ স্থিরত্বং ক্ষরণাভাবঞ্চ দদাতীত্যর্থঃ ॥ ২৯ ॥

যে যোগসাধক ব্যক্তি প্রতিদিন পূর্ব্বোক্ত মৎস্যেন্দ্রাসন অভ্যাস করে, তাহার জঠরাগ্নি প্রদীপ্ত হয়, দুঃসহ রোগসকল শীঘ্র বিনাশ পায়, কুণ্ডলিনী শক্তির প্রবোধ জন্মে এবং সেই সাধকের কখনও নিদ্রার আবির্ভাব হয় না, আর চন্দ্র যে তালুর উপরি থাকিয়া নিয়ত অমৃতক্ষরণ করিয়া থাকেন, উক্ত সাধকের পক্ষে তাহাও নিবারিত হইয়া যায় ॥ ২৯ ॥

প্রসার্য্য পাদৌ ভুবি দণ্ডরূপৌ দোর্ভ্যাং পদাগ্রদ্বিতয়ং গৃহীত্বা। জানূপরি ন্যস্তললাটদেশো বসেদিদং পশ্চিমতানমাহুঃ ॥ ৩০ ॥

পশ্চিমতানাসনমাহ—প্রসার্য্যেতি। ভুবি ভূমৌ দণ্ডস্য রূপমিব রূপং যয়োস্তৌ দণ্ডাকারৌ শ্লিষ্টগুল্ফৌ প্রসার্য্য প্রসারিতৌ কৃত্বা দোর্ভ্যামাকুঞ্চিততর্জ্জনীভ্যাং ভুজাভ্যাং পদোঃ পাদয়োশ্চাগ্রেঽগ্রভাগৌ তয়োর্দ্বিতয়ং দ্বয়মঙ্গুষ্ঠপ্রদেশযুগ্মং বলাদাকর্ষণপূর্ব্বকং যথা জান্বধোভাগস্য ভূমেরুত্থানং ন স্যাত্তথা গৃহীত্বা জানোরুপরি ন্যস্তো ললাটদেশো যেন তাদৃশো যত্র বসেৎ। ইদং পশ্চিমতাননামকমাসনমাহুঃ ॥ ৩০ ॥

এইক্ষণ পশ্চিমতানাসন কহিতেছেন। পাদদ্বয়কে ভূমিতে দণ্ডাকারে স্থাপন করিয়া হস্তদ্বয়ের উভয় তর্জ্জনী আকুঞ্চিত করত তদ্দ্বারা পাদদ্বয়ের অগ্রভাগ অর্থাৎ অঙ্গুষ্ঠদ্বয় ধারণ করিবে এবং জানুর উপরি ললাট স্থাপন করিতে হইবে। এইরূপ আসনকে পশ্চিমতানাসন কহে ॥ ৩০ ॥

ইতি পশ্চিমতানমাসনাগ্র্যং পবনং পশ্চিমবাহিনং করোতি। উদয়ং জঠরানলস্য কুর্য্যাদুদরে কার্শ্যমরোগতাঞ্চ পুংসাম্ ॥ ৩১ ॥

অথ তৎফলমাহ ইতীতি। ইতি পূর্ব্বোক্তমাসনেষগ্র্যং মুখ্যং পশ্চিমতানং পবনং প্রাণং পশ্চিমবাহিনং পশ্চিমেন পশ্চিমমার্গেণ সুষুম্নামার্গেণ বহতীতি পশ্চিমবাহী তং তাদৃশং করোতি। জঠরানলস্য জঠরে যোঽনলোঽগ্নিস্তস্যোদয়ং বৃদ্ধিং কুর্য্যাৎ। উদরে মধ্যপ্রদেশে কার্শ্যং কৃশত্বং কুর্য্যাৎ অরোগতামারোগ্যং চকারান্নাড়ীবলনাদিসাম্যং কুর্য্যাৎ ॥ ৩১ ॥

পশ্চিমতানাসন অভ্যাসকরিলে সাধকের যেরূপ ফল হয়, এইক্ষণ তাহাই কথিত হইতেছে। যে ব্যক্তি পশ্চিমতাননামক আসন অভ্যাস করে, তাহার প্রাণবায়ু সুষুম্না নাড়ীদ্বারা প্রবাহিত হইতে থাকে, উদরস্থিত অগ্নি বৃদ্ধি পায়, উদরের মধ্যভাগ কৃশ হয় এবং সর্ব্বপ্রকার রোগের বিনাশ হইয়া থাকে ॥ ৩১ ॥

ধরামবষ্টভ্য করদ্বয়েন তৎকূর্পরস্থাপিতনাভিপার্শ্বঃ। উচ্চাসনো দণ্ডবদুত্থিতঃ স্যান্মায়ূরমেতৎ প্রবদন্তি পীঠম্ ॥ ৩২ ॥

অথ মায়ূরাসনমাহ—ধরামিতি। করদ্বয়েন করয়োর্দ্বয়ং যুগ্মং তেন ধরাং ভূমিং অবষ্টভ্যাবলম্ব্য প্রসারিতাঙ্গুলী ভূমিসংলগ্নতলৌ সন্নিহিতৌ করৌ কুর্য্যাদিত্যর্থঃ। তস্য করদ্বয়স্য কূর্পরয়োর্ভুজমধ্যসন্ধিভাগয়োঃ স্থাপিতে ধৃতে নাভেঃ পার্শ্বে পার্শ্বভাগৌ যেন সঃ। উচ্চাসনঃ উচ্চমুন্নতমাসনং যস্যৈতাদৃশঃ খে শূন্যে দণ্ডবদ্দণ্ডেন তুল্যমুত্থিত ঊর্দ্ধং স্থিতো যত্র ভবতি। তন্মায়ূরং ময়ূরস্যেদং তৎসম্বন্ধিত্বাত্তন্নামকং প্রবদন্তি যোগিনঃ ইতি শেষঃ ॥ ৩২ ॥

এইক্ষণ মায়ূরাসন কথিত হইতেছে। হস্তদ্বয়ের অঙ্গুলিসকল প্রসারণ করিয়া সেই সকল অঙ্গুলি দ্বারা ভূমি অবলম্বনপূর্ব্বক সেই হস্তদ্বয়ের মধ্য সন্ধিভাগ (কনুই) নাভিকূপের উভয় পার্শ্বে স্থাপন করিবে এবং দণ্ডবদ্ভাবে উত্থিত হইয়া উচ্চাসনে উপবেশ করিবে। যোগিগণ এইরূপ আসনকে মায়ূরাসন বলিয়া থাকেন ॥ ৩২ ॥

হরতি সকলরোগানাশু গুল্মোদরাদীনভিভবতি চ দোষানাসনং শ্রীময়ূরম্। বহু কদশনভুক্তং ভস্ম কুর্য্যাদশেষং জনয়তি জঠরাগ্নিং জারয়েৎকালকূটম্ ॥ ৩৩ ॥

ময়ূরাসনগুণানাহ—হরতীতি। গুল্মো রোগবিশেষঃ উদরং জলোদরং তে আদৌ যেষাং প্লীহাদীনাং তে তথা তান্ সকলরোগান্ সকলা যে রোগাস্তানাশু ঝটিতি হরতি নাশয়তি। শ্রীময়ূরমাসনমিতি সর্ব্বত্র সম্বধ্যতে। দোষান্ বাতপিত্তকফানালস্যাদীংশ্চাভিভবতি তিরস্করোতি বহ্বতিশয়িতং কদশনং কদন্নং যদ্ভুক্তং তদশেষং সমস্তং ভস্ম কুর্য্যাৎ পাচয়েদিত্যর্থঃ। জঠরাগ্নিং জঠরানলং জনয়তি প্রাদুর্ভাবয়তি। কালকূটং বিষং কালকূটবন্মরণকারকান্নং পরন্তং জারয়েজ্জীর্ণং কুর্য্যাৎ পাচয়েদিত্যর্থঃ ॥ ৩৩ ॥

মায়ূরাসন অভ্যাস করিলে সাধকের অনেক প্রকার ফল হইয়া থাকে, যথা—যে সাধক মায়ূরাসন অভ্যাস করে, তাহার গুল্ম, জলোদর, প্লীহা প্রভৃতি সকলপ্রকার ঔদরিক রোগ শীঘ্র বিনাশ পায়, বায়ু, পিত্ত ও কফ-দোষ বিনষ্ট হয় ও শরীরে আলস্য থাকে না। আর মায়ূরাসন সাধন করিয়া সাধক বহুপরিমাণে কদন্ন ভোজন করিলেও তাহা সম্যক্ পরিপাক হইয়া থাকে, উদরাগ্নির প্রাদুর্ভাব বৃদ্ধি পায়, সেই ব্যক্তি কালকূট অর্থাৎ বিষবৎ অনিষ্টকর দ্রব্য ভোজন করিলেও তাহা জীর্ণ হইয়া যায় ॥ ৩৩ ॥

উত্তানং শববদ্ভূমৌ শয়নং তচ্ছবাসনম্।
শবাসনং শ্রান্তিহরং চিত্তবিশ্রান্তিকারকম্ ॥ ৩৪ ॥

শবাসনমাহার্দ্ধেন উত্তানমিতি। শবেন মৃতশরীরেণ তুল্যং শববদুত্তানং ভূমিসংলগ্নং পৃষ্ঠং যথা স্যাত্তথা শয়নং নিদ্রায়ামিব সন্নিবেশো যত্তচ্ছবাসনং শবাখ্যমাসনং। শবাসনপ্রয়োজনমাহ উত্তরার্দ্ধেন শবাসনং শ্রান্তিহরং হঠাভ্যাসশ্রমং হরতীতি শ্রান্তিহরং চিত্তস্য বিশ্রান্তির্বিশ্রামস্তস্যাঃ কারকং ॥ ৩৪ ॥

এইক্ষণ শবাসন কথিত হইতেছে। উত্তানভাবে ভূতলে শবের ন্যায়

শয়ন করিয়া থাকিলেই শবাসন হয়, অর্থাৎ উক্তরূপ শয়নকেই শবাসন বলা যায়। এই আসন সাধন করিয়া সিদ্ধ হইলে হঠযোগ সাধনে সাধকের যে পরিশ্রম হয়, তাহা নিবৃত্তি পায় এবং চিত্তে বিশ্রামজনিত সুখলাভ হইতে থাকে॥ ৩৪॥

চতুরশীত্যাসনানি শিবেন কথিতানি চ।
তেভ্যশ্চতুষ্কমাদায় সারভূতং ব্রবীম্যহম্ ॥ ৩৫ ॥

বক্ষ্যমাণাসনচতুষ্টয়স্য শ্রেষ্ঠত্বং বদন্নাহ চতুরশীতীতি। শিবেনেশ্বরেণ চতুরধিকাশীতিসংখ্যকান্যাসনানি কথিতানি চকারাচ্চতুরশীতিলক্ষাণি চ। তদুক্তং গোরক্ষনাথেন। আসনানি চ তাবন্তি যাবন্ত্যো জীবজাতয়ঃ। এতেষামখিলান্ ভেদান্ বিজানাতি মহেশ্বরঃ। চতুরশীতিলক্ষাণি একৈকং সমুদাহৃতং। ততঃ শিবেন পীঠানাং ষোড়শোনং শতং কৃতমিতি। তেভ্যঃ শিবোক্তচতুরশীতিলক্ষাসনানাং মধ্যে প্রশস্তানি যানি চতুরশীত্যাসনানি তেভ্য আদায় গৃহীত্বা সারভূতং শ্রেষ্ঠভূতং চতুষ্কমহং ব্রবীমীত্যন্বয়ঃ॥ ৩৫॥

পরে সিদ্ধাসনাদি চতুর্ব্বিধ আসন কথিত হইবে, এই শ্লোকে সেই আসন চতুষ্টয়ের শ্রেষ্ঠতা বলিতেছেন। পরম যোগী শিব চতুরশীতি প্রকার আসন ও তাহাদিগের লক্ষণ কহিয়াছেন। আর শিব যে চতুরশী লক্ষ সংখ্যক আসন বলিয়াছেন, তাহারও প্রমাণ আছে। গোরক্ষ সংহিতার লিখিত প্রমাণে জানা যায় যে, জগতে জীবের সংখ্যা যত, আসনের সংখ্যাও তত। একমাত্র শিবই ঐ সকল আসনের ভেদ জানেন। ঐ চতুরশীতি লক্ষ আসনের মধ্যে চতুরশীতি আসন প্রশস্ত, ইহাদিগের মধ্যে আবার আসন-চতুষ্টয় সর্ব্বপ্রধান। সেই সারভূত চারিপ্রকার আসনেরই লক্ষণ কথিত হইবে॥ ৩৫॥

সিদ্ধং পদ্মং তথা সিংহং ভদ্রং চেতি চতুষ্টয়ম্।
শ্রেষ্ঠং তত্রাপি চ সুখে তিষ্ঠেৎ সিদ্ধাসনে সদা ॥ ৩৬॥

তদেব চতুষ্কং নাম্না নির্দ্দিশতি সিদ্ধমিতি। সিদ্ধং সিদ্ধাসনং পদ্মং পদ্মাসনং সিংহং সিংহাসনং ভদ্রং ভদ্রাসনং ইতি চতুষ্টয়ং শ্রেষ্ঠমতিশয়েন প্রশস্তং। তত্রাপি চতুষ্টয়ে সুখে সুখকরে সিদ্ধাসনে সদা তিষ্ঠেৎ। এতেন সিদ্ধাসনং চতুষ্টয়েপ্যুৎকৃষ্টমিতি সূচিতং॥ ৩৬॥

পূর্ব্বে যে আসনচতুষ্টয়ের শ্রেষ্ঠতা বলিয়াছেন, এইক্ষণ সেই সকল আসনের নাম নির্দ্দেশ করিতেছেন। সিদ্ধাসন, পদ্মাসন, সিংহাসন ও ভদ্রাসন। এই চারিপ্রকার আসনই সর্ব্বশ্রেষ্ঠ, এই চারি প্রকার আসনের মধ্যেও আবার সিদ্ধাসন সাধকের পক্ষে অতি সুখকর; এই নিমিত্ত যোগসাধনকামী ব্যক্তি সদাকাল সিদ্ধাসনে উপবেশন করিবে, ইহাতেই সিদ্ধাসনের সর্ব্বপ্রধান্য জানা যাইতেছে॥ ৩৬॥

যোনিস্থানকমঙ্ঘ্রিমূলঘটিতং কৃত্বা দৃঢ়ং বিন্যসেন্মেঢ়্রে পাদমথৈকমেব হৃদয়ে কৃত্বা হনুং সুস্থিরম্। স্থাণুঃ সংযমিতেন্দ্রিয়োঽচলদৃশা পশ্যেদ্ভ্রুবোরন্তরং হ্যেতন্মোক্ষ-কপাটভেদজনকং সিদ্ধাসনং প্রোচ্যতে ॥ ৩৭ ॥

আসনচতুষ্টয়েপ্যুৎকৃষ্টত্বাৎ প্রথমং সিদ্ধাসনমাহ যোনিস্থানকমিতি। যোনিস্থানমেব যোনিস্থানকং স্বার্থে কপ্রত্যয়ঃ। গুদোপস্থয়োর্মধ্যপ্রদেশে পদং যোনিস্থানকং তৎ। অঙ্ঘ্রির্ব্বামশ্চরণস্তস্য মূলেন পার্ষ্ণিভাগেন ঘটিতং সংলগ্নং কৃত্বা স্থানান্তরং একং পাদং দক্ষিণং পাদং মেঢ়্রেন্দ্রিয়স্যোপরিভাগে দৃঢ়ং যথা স্যাত্তথা বিন্যসেৎ। হৃদয়ে হৃদয়সমীপে হনুং চিবুকং সুস্থিরং সম্যক্ স্থিরং কৃত্বা হনুহৃদয়য়োশ্চতুরঙ্গুলমন্তরং যথা ভবতি তথা কৃত্বেতি রহস্যং। সংযমিতানি বিষয়েভ্যঃ পরাবৃত্তানীন্দ্রিয়াণি যেন স তথা। অচলা যা দৃক্ দৃষ্টিস্তথা ভ্রুবোরন্তরং মধ্যং পশ্যেৎ। হি প্রসিদ্ধং মোক্ষস্য যৎ কপাটং প্রতিবন্ধকং তস্য ভেদং নাশং জনয়তীতি তাদৃশং সিদ্ধানাং যোগিনাং। আস্তেঽত্রাস্যতেঽনেনেতি বা আসনং সিদ্ধাসননামকমিদং ভবেদিত্যর্থঃ॥ ৩৭॥

পূর্ব্বে যে চারিপ্রকার আসনের নাম উল্লেখ করা হইয়াছে, তাহাদিগের মধ্যে সিদ্ধাসনই শ্রেষ্ঠ, অতএব প্রথমে সিদ্ধাসন কথিত হইতেছে। গুহ্য-দ্বার ও উপস্থ এই দুইস্থানের মধ্যভাগের নাম যোনিদেশ, এই যোনিদেশে বাম পাদ সংলগ্ন করিয়া মেঢ়্রদেশের উপরিভাগে দৃঢ়রূপে সংযুক্ত করিবে। তৎপরে চিবুক হৃদয়ের উপরি সুস্থির করিয়া রাখিবে, অর্থাৎ চিবুক ও হৃদয় ইহাদিগের মধ্যে যেন চারি অঙ্গুলি অন্তর থাকে এইরূপ করিতে হইবে। পরে ইন্দ্রিয় সকলকে আপন আপন বিষয় হইতে নিবারিত করিয়া নিশ্চল নেত্রে ভ্রূদ্বয়ের মধ্যভাগ অবলোকন করিতে থাকিবে। যোগিগণ এইরূপ উপবেশনকে সিদ্ধাসন বলিয়া থাকেন। এই আসন সাধন করিলে মোক্ষ লাভের প্রতিবন্ধক সকল বিনাশ পায়॥ ৩৭॥

মতান্তরেতু—

মেঢ়্রাদুপরি বিন্যস্য সব্যং গুল্ফং তথোপরি।
গুল্ফান্তরঞ্চ নিক্ষিপ্য সিদ্ধাসনমিদং ভবেৎ ॥ ৩৮ ॥

মৎস্যেন্দ্রসম্মতং সিদ্ধাসনমুক্ত্বান্যসম্মতং বক্তুমাহ মতান্তরে স্থিতি। তদেব দর্শয়তি মেঢ়্রাদিতি। মেঢ়্রাদুপস্থাদুপর্য্যূর্দ্ধভাগে সব্যং বামগুল্ফং। চ বিন্যস্য তথা সব্যবদুপরি মুখ্যপাদস্যোপরি ন তু সব্যগুল্ফস্য। গুল্ফো-ন্তরং দক্ষিণগুল্ফং চ নিক্ষিপ্য বসেদিতি শেষঃ। ইদং সিদ্ধাসনং মতান্তরাভি-মতমিত্যভেদ ইত্যর্থঃ॥ ৩৮॥

পূর্ব্বে যে সিদ্ধাসন উক্ত হইল, এইরূপ সিদ্ধাসন মৎস্যেন্দ্রসম্মত। অপর প্রকার সিদ্ধাসন এই;— উপস্থ দেশের উপরিভাগে বামপাদের মূল স্থাপন করিয়া বামপাদের উপরি দক্ষিণপাদের মূল স্থাপনকরিবে। এইরূপ আস-নের নাম সিদ্ধাসন॥ ৩৮॥

এতৎসিদ্ধাসনং প্রাহুরন্যে বজ্রাসনং বিদুঃ।
মুক্তাসনং বদন্ত্যেকে প্রাহুর্গুপ্তাসনং পরে ॥ ৩৯ ॥

তত্র প্রথমং মহাসিদ্ধসম্মতমিতি স্পষ্টীকর্ত্তুমন্যেষাং মতভেদান্নামভেদা-নাহ এতদিতি। এতৎ পূর্ব্বোক্তং সিদ্ধাসনং সিদ্ধাসননামকং প্রাহুঃ। কেচিদিত্যধ্যাহারঃ। অন্যে বজ্রাসনং বজ্রাসনসংজ্ঞকং বিদুঃ জানন্তি। একে মুক্তাসনং মুক্তাসনাভিধং বদন্তি। পরে গুপ্তাসনং গুপ্তাসনাখ্যং প্রাহুঃ। অত্রাসনাভিজ্ঞাঃ। যত্র বামপাদপার্ষ্ণিং যোনিস্থানে নিয়োজ্য দক্ষিণপাদপার্ষ্ণিং মেঢ়্রাদুপরি স্থাপ্যতে তৎ সিদ্ধাসনং। যত্র বামপাদপার্ষ্ণিং

যোনিস্থানে নিযোজ্য দক্ষিণপাদপার্ষ্ণিং মেঢ্রাদুপরি স্থাপ্যতে তদ্বজ্রাসনং যত্র তু দক্ষিণসব্যপার্ষ্ণিদ্বয়মুপর্য্যধোভাগেন সংযোজ্য যোনিস্থানে সংযোজ্যতে তন্মুক্তাসনং। যত্র চ পূর্ব্ববৎ সংযুক্তং পার্ষ্ণিদ্বয়ং মেঢ্রাদুপরি নিধীয়তে তদ্‌গুপ্তাসনমিতি ॥ ৩৯ ॥

পূর্ব্বোক্ত সিদ্ধাসনের নানাপ্রকার নাম আছে, কেহ কেহ এই আসনকে সিদ্ধাসন বলে, অপর কেহ বা বজ্রাসন বলিয়া থাকেন, কোন কোন যোগীর মতে ইহার নাম মুক্তাসন, অন্য যোগিগণ এই আসনকে গুপ্তাসন বলিয়া থাকেন। উক্ত চারি প্রকার নামের বিশেষ আছে, যখন বামপাদমূল যোনিস্থানে স্থাপন করিয়া দক্ষিণপাদমূল উপস্থের উপরি স্থাপন করা যায়, তখনই ইহার সিদ্ধাসন নাম হয়। যখন দক্ষিণ পাদমূল যোনিস্থানে স্থাপন করিয়া বাম পাদমূল মেঢ্রদেশে রাখা যায়, তখন এই আসনকে বজ্রাসন বলিয়া থাকে। যখন উভয় পাদের মূলদেশ মেঢ্রের উপরি ও অধোভাগে স্থাপন করা যায়, তখন ইহাকে মুক্তাসন নামে কীর্ত্তন করে, আর যখন উভয় পাদমূল সংযুক্ত করিয়া মেঢ্রের উপরি স্থাপন করা যায়, তখন এই আসনকে গুপ্তাসন বলে ॥ ৩৯ ॥

যমেম্বিব মিতাহারমহিংসাং নিয়মেম্বিব।
মুখ্যং সর্ব্বাসনেম্বেকং সিদ্ধাঃ সিদ্ধাসনং বিদুঃ ॥ ৪০ ॥

অথ সপ্তভিঃ শ্লোকৈঃ সিদ্ধাসনং প্রশংসন্তি। যমেম্বিত্যাদিভিঃ। যমেষু মিতাহারমিব মিতাহারো বক্ষ্যমাণঃ সুস্নিগ্ধমধুরাহার ইত্যাদিনা। নিয়মেষু অহিংসামিব। সর্ব্বাণি যান্যাসনানি তেষু সিদ্ধাঃ একং সিদ্ধাসনং মুখ্যং বিদুরিতি সম্বন্ধঃ ॥ ৪০ ॥

সিদ্ধাসনসিদ্ধ যোগীর কি কি ইষ্ট সাধন হয়, পরবর্ত্তী সপ্তশ্লোকে সেই সকল ফল বর্ণন করিতেছেন। যেমন সংযমের মধ্যে পরিতাহার এবং নিয়মের মধ্যে অহিংসা শ্রেষ্ঠ, সেইরূপ সকলপ্রকার আসনের মধ্যে সিদ্ধাসনকে শ্রেষ্ঠ বলিয়া জানিবে ॥ ৪০ ॥

চতুরশীতিপীঠেষু সিদ্ধমেব সদাভ্যসেৎ।
দ্বাসপ্ততিসহস্রাণাং নাড়ীনাং মলশোধনম্ ॥ ৪১ ॥

চতুরশীতীতি। চতুরধিকাশীতিসংখ্যাকানি যানি পীঠানি তেষু সিদ্ধমেব সিদ্ধাসনমেব সদা সর্ব্বদা অভ্যসেৎ। সিদ্ধাসনস্য সদাভ্যাসে হেতুগর্ভং বিশেষণং দ্বাসপ্ততিসহস্রাণাং নাড়ীনাং মলশোধনং শোধকং ॥ ৪১ ॥

চতুরশীতি প্রকার আসনের মধ্যে এই সিদ্ধাসনের অভ্যাসকরা যোগিগণের অবশ্য কর্ত্তব্য কর্ম্ম। সর্ব্বদা যাহারা সিদ্ধাসন অভ্যাসকরে, তাহাদিগের শরীরস্থ দ্বিসপ্ততি সহস্র নাড়ীর মলবিশোধন হইয়া থাকে ॥ ৪১ ॥

আত্মধ্যায়ী মিতাহারী যাবৎ দ্বাদশবৎসরম্।
সদা সিদ্ধাসনাভ্যাসাদ্‌যোগী নিষ্পত্তিমাপ্নুয়াৎ ॥ ৪২ ॥

আত্মধ্যায়ীতি। আত্মানং ধ্যায়তীত্যাত্মধ্যায়ী মিতাহারোঽস্যাস্তীতি মিতাহারী যাবন্তো দ্বাদশবৎসরাঃ [যাবদ্দ্বাদশবৎসরং। যাবদবধারণ ইত্যব্যয়ীভাবঃ সমাসঃ। দ্বাদশবৎসরপর্য্যন্তমিত্যর্থঃ। সদা সর্ব্বদা সিদ্ধাসনাভ্যাসাদ্‌যোগী যোগাভ্যাসী নিষ্পত্তিং যোগসিদ্ধিমাপ্নুয়াৎ প্রাপ্নুয়াৎ যোগান্তরাভ্যাসমন্তরেণ সিদ্ধাসনাভ্যাসমাত্রেণ সিদ্ধিং প্রাপ্নুয়াদিত্যর্থঃ ॥ ৪২ ॥

যে কোন যোগী পরিমিত আহার করিয়া পরমাত্মচিন্তনপুরঃসর দ্বাদশ বৎসর এই সিদ্ধাসন অভ্যাস করে, তাহার যোগসিদ্ধি হইয়া থাকে। সিদ্ধাসন অভ্যাস করিলে অন্য কোন যোগ সাধন না করিলেও তাহার যোগ সাধনের ফললাভ হয় ॥ ৪২ ॥

কিমন্যৈর্ব্বহুভিঃ পীঠৈঃ সিদ্ধে সিদ্ধাসনে সতি।
প্রাণানিলে সাবধানে বদ্ধে কেবলকুম্ভকে ॥ ৪৩ ॥

কিমন্যৈরিতি। সিদ্ধাসনে সিদ্ধে সত্যন্যৈর্ব্বহুভিঃ পীঠৈরাসনৈঃ কিং ন কিমপীত্যর্থঃ সাবধানে প্রাণানিলে প্রাণবায়ৌ কেবলকুম্ভকে বদ্ধে সতি ॥ ৪৩ ॥

যাঁহারা সিদ্ধাসন সাধনকরিয়া সিদ্ধি লাভ করিয়াছেন, তাঁহাদের অন্য কোন আসন সাধন করিতে হয় না। পূরক ও রেচক না করিয়া কেবল কুম্ভক সাধনপূর্ব্বক, প্রাণবায়ু ধারণ করিতে পারিলেই সর্ব্বকার্য্য সুসিদ্ধ হয় ॥ ৪৩ ॥

উৎপদ্যতে নিরায়াসাৎ স্বয়মেবোন্মনী কলা।
তথৈকস্মিন্নেব দৃঢ়ে সিদ্ধে সিদ্ধাসনে সতি।
বন্ধত্রয়মনায়াসাৎ স্বয়মেবোপজায়তে ॥ ৪৪ ॥

উন্মনী উন্মন্যবস্থা সা কলেবাহ্লাদকত্বাচ্চন্দ্রলেখেব নিরায়াসাদনায়াসাৎ স্বয়মেবোৎপদ্যত উদেতি। তথেতি। তথোক্তপ্রকারেণৈকস্মিন্নেব সিদ্ধে দৃঢ়ে বদ্ধে সতি বন্ধত্রয়ং মূলবন্ধোড্ডীয়ানবন্ধজালন্ধরবন্ধরূপমনায়াসাৎ। পার্ষ্ণিমার্গেণ সম্পীড্য যোনিমাকুঞ্চয়েদ্‌গুদমিত্যাদিবক্ষ্যমাণমূলবন্ধাদিধায়াসন্তং বিনৈব স্বয়মেবোপজায়তে স্বত এবোৎপদ্যত ইত্যর্থঃ ॥ ৪৪ ॥

যে যোগী কেবল সিদ্ধাসন মাত্র সাধন করিয়া সিদ্ধিলাভ করিয়াছেন, তাঁহার আহ্লাদ দায়িনী উন্মনী অবস্থা উপস্থিত হয়, অর্থাৎ, তাঁহার চিত্তে সর্ব্বদাই সন্তোষ থাকে, কখনও তাহার কোন অসুখ বোধ হয় না, আর এই সিদ্ধাসনে সিদ্ধ হইতে পারিলে তাহার অনায়াসে মূলবন্ধ, জালন্ধর বন্ধ ও উড্ডীয়ান বন্ধ এই ত্রিবিধ বন্ধ সিদ্ধ হয় ॥ ৪৪ ॥

নাসনং সিদ্ধসদৃশং ন কুম্ভঃ কেবলোপমঃ।
ন খেচরী সমা মুদ্রা ন নাদসদৃশো লয়ঃ ॥ ৪৫ ॥

নাসনমিতি। সিদ্ধেন সিদ্ধাসনেন সদৃশমাসনং নাস্তীতি শেষঃ। কেবলেন কেবলকুম্ভকেনোপমীয়ত ইতি কেবলোপমঃ কুম্ভকো নাস্তি। খেচরীমুদ্রাসমা মুদ্রা নাস্তি নাদসদৃশো লয়ো লয়হেতুর্নাস্তি ॥ ৪৫ ॥

সিদ্ধাসন সকলপ্রকার আসনের মধ্যে প্রধান, ঐরূপ আসন আর নাই। কেবল কুম্ভক সর্ব্ববিধ কুম্ভকের শ্রেষ্ঠ, ইহার তুল্য কুম্ভক নাই, খেচরীমুদ্রাই মুদ্রা প্রধান, এই মুদ্রার তুল্য মুদ্রা নাই এবং নাদের মধ্যে লয়ই সর্ব্বপ্রধান এইরূপ লয় অর্থাৎ পরমাত্মাতে লয় হইবার অন্য কারণ নাই ॥ ৪৫ ॥

অথ পদ্মাসনং।

বামোরূপরি দক্ষিণং হি চরণং সংস্থাপ্য বামং তথা
দক্ষোরূপরি পশ্চিমেন বিধিনা ধৃত্বা করাভ্যাং দৃঢ়ম্।

অঙ্গুষ্ঠৌ হৃদয়ে নিধায় চিবুকং নাসাগ্রমালোকয়েদেতদ্ব্যাধি-
বিনাশকারি যমিনাং পদ্মাসনং প্রোচ্যতে ॥ ৪৬ ॥

যমাসনং বক্তুমুপক্রমতে। অথেতি পদ্মাসনমাহ বামোরূপরীতি। বামো য উরুস্তস্যোপরি দক্ষিণং। চকারঃ পাদপূরণে। সংস্থাপ্য সম্যগুত্তানং স্থাপয়িত্বা বামং সব্যং চরণং তথা দক্ষিণচরণবদ্দক্ষো দক্ষিণো য উরুস্তস্যোপরি সংস্থাপ্য পশ্চিমেন ভাগেন পৃষ্ঠভাগেনেতি। বিধির্বিধানং করয়োরিত্যর্থাৎ। তেন করাভ্যাং হস্তাভ্যাং দৃঢ়ং যথা স্যাত্তথা পাদাঙ্গুষ্ঠৌ ধৃত্বা গৃহীত্বা। দক্ষিণং করং পৃষ্ঠতঃ কৃত্বা। বামোরুস্থিতদক্ষিণচরণাঙ্গুষ্ঠং গৃহীত্বা বামকরং পৃষ্ঠতঃ কৃত্বা। দক্ষিণোরুস্থিতবামচরণাঙ্গুষ্ঠং গৃহীত্বেত্যর্থঃ। হৃদয়ে হৃদয়সমীপে। সামীপিকাধারে সপ্তমী। চিবুকং হনুং নিধায়োরসশ্চতুরঙ্গুলান্তরে চিবুকং নিধায়েতি রহস্যং। নাসাগ্রং নাসিকাগ্রমালোকয়েৎ পশ্যেদেতদ্বৈ তদযমিনাং যোগিনাং ব্যাধেব্বিনাশং করোতীতি ব্যাধিবিনাশকারি পদ্মাসনমেতন্নামকং প্রোচ্যতে সিদ্ধৈরিতি শেষঃ ॥ ৪৬ ॥

কিরূপে পদ্মাসন করিতে হয়, তাহা কহিতেছেন। বাম উরুর উপরি দক্ষিণপাদ উত্তানভাবে স্থাপনকরিয়া দক্ষিণ উরুর উপরি সেইরূপে বামপাদ স্থাপন করিতে হইবে। অনন্তর দক্ষিণহস্ত দক্ষিণভাগে পৃষ্ঠোপরি পরিবর্তন করিয়া বামোরুর উপরিস্থ দক্ষিণপাদের অঙ্গুষ্ঠাগ্র গ্রহণ করিবে। এইরূপে বামহস্ত বামভাগে পৃষ্ঠোপরি পরিবর্তন করিয়া বামপাদের অঙ্গুষ্ঠাগ্র ধারণ করিবে। তৎপরে বক্ষঃস্থলে চিবুক স্থাপন করিয়া অর্থাৎ বক্ষঃস্থল ও চিবুক ইহাদিগের মধ্যে চারি অঙ্গুল অন্তর থাকে, এইরূপে চিবুক রাখিয়া নিশ্চল নয়নে নাসিকার অগ্রভাগ দৃষ্টিকরিবে। এইরূপ করিলেই পদ্মাসন হয়। এই আসন সাধনকরিলে সাধকের সর্ব্বপ্রকার রোগ বিনাশ পায় ॥ ৪৬ ॥

উত্তানৌ চরণৌ কৃত্বা উরুসংস্থৌ প্রযত্নতঃ।
উরুমধ্যে তথোত্তানৌ পাণী কৃত্বা ততো দৃশৌ ॥৪৭॥
নাসাগ্রে বিন্যসেদ্রাজদন্তমূলে তু জিহ্বয়া।
উত্তম্ভ্য চিবুকং বক্ষস্যুত্থাপ্য পবনং শনৈঃ ॥ ৪৮ ॥

মৎস্যেন্দ্রনাথাভিমতং পদ্মাসনমাহ। উত্তানাবিতি। উত্তানৌ উরুসংলগ্নপৃষ্ঠভাগৌ চরণৌ পাদৌ প্রযত্নতঃ প্রকৃষ্টাদযত্নাদূরুসংস্থাবূর্ব্বোঃ সম্যক্ স্থিতৌ ইত্যুরুসংস্থৌ তাদৃশৌ কৃত্বা। উর্ব্বোর্ম্মধ্যে উরুমধ্যে। তথা চার্থে পাণী করাবুত্তানৌ কৃত্বা। উরুসংস্থোত্তানপাদোভয়পার্ষ্ণি সংলগ্নপৃষ্ঠং সব্যং পাণিমুত্তানং কৃত্বা তদুপরি দক্ষিণং পাণিং চোত্তানং কুর্য্যাদিত্যর্থঃ। ততস্তদনন্তরং দৃশৌ দৃষ্টী ॥ ৪৭ ॥

নাসাগ্রে নাসিকাগ্রে বিন্যসেদ্বিশেষেণ নিশ্চলতয়া ন্যসেদিত্যর্থঃ। রাজদন্তানাং দংষ্ট্রানাং সব্যদক্ষিণভাগে স্থিতানাং মূলে উভে মূলস্থানে জিহ্বয়া উত্তম্ভ্য ঊর্দ্ধং স্তম্ভয়িত্বা। গুরুমুখাদবগন্তব্যোঽয়ং জিহ্বাবন্ধঃ চিবুকং বক্ষসি নিধায়েতি শেষঃ। শনৈর্ম্মন্দং মন্দং পবনং বায়ুমুত্থাপ্য। অনেন মূলবন্ধঃ প্রোক্তঃ। মূলবন্ধোঽপি গুরুমুখাদেবাবগন্তব্যঃ। বস্তুতস্তু জিহ্বাবন্ধেনৈবায়ং চরিতার্থ ইতি হঠরহস্যবিদঃ ॥ ৪৮ ॥

মৎস্যেন্দ্রনাথ যেরূপ পদ্মাসন নিরূপণ করিয়াছেন, তাহা এই—উত্তান পদদ্বয়কে উরুদ্বয়ের উপরি যত্নপূর্ব্বক স্থাপন করিয়া অর্থাৎ চরণদ্বয়ের পৃষ্ঠভাগ যেন উভয় উরুর উপরি সংলগ্ন হয়, এইরূপে পাদদ্বয় স্থাপনকরিয়া উভয় উরুর মধ্যভাগে উত্তান করদ্বয় স্থাপন করিতে হইবে। অর্থাৎ উভয় উরুর উপরি সংস্থাপিত পাদদ্বয়ের উভয় পার্ষ্ণিদেশে উত্তানভাবে বামহস্তের অঙ্গুলি সংযোজনপূর্ব্বক তদুপরি উত্তানভাবে দক্ষিণহস্ত স্থাপন করিবে, অনন্তর নেত্রদ্বয়কে অনায়াস অবলম্বনভাবে নাসিকাগ্রে স্থাপন করিবে। তৎপর বামদক্ষিণভাগে অবস্থিত দন্তসকলের মূলে জিহ্বাদ্বারা ঊর্দ্ধস্তম্ভন করিয়া * বক্ষঃস্থলে চিবুক স্থাপনপূর্ব্বক ক্রমে ক্রমে বায়ু উত্থাপন করিবে †। ইহাকেই মৎস্যেন্দ্রসম্মত পদ্মাসন কহে ॥ ৪৭—৪৮ ॥

ইদং পদ্মাসনং প্রোক্তং সর্ব্বব্যাধিবিনাশনম্।
দুর্লভং যেন কেনাপি ধীমতা লভ্যতে ভুবি ॥ ৪৯ ॥

এবং যত্রাগুতে তদিদং পদ্মাসনং পদ্মাসনাভিধানং প্রোক্তং। আসনজ্ঞৈরিতি শেষঃ। কীদৃশং সর্ব্বেষাং ব্যাধীনাং বিশেষেণ নাশনং যেন কেনাপি ভাগ্যহীনেন দুর্লভং। ধীমতা ভুবি ভূমৌ লভ্যতে প্রাপ্যতে ॥৪৯॥

পূর্ব্বোক্তপ্রকারে উপবেশন করিলেই মৎস্যেন্দ্রসম্মত পদ্মাসন হইয়া থাকে। এই পদ্মাসন অভ্যাস করিলে সাধকের সর্ব্বপ্রকার রোগ বিনাশ পায়। ইহা সাধারণের পক্ষে অতি দুর্লভ, সুধীর সাধকেরাই এই আসন সাধনকরিয়া তাহার ফলভোগ করিয়া থাকেন ॥ ৪৯ ॥

কৃত্বা সংপুটিতৌ করৌ দৃঢ়তরং বদ্ধা তু পদ্মাসনং গাঢ়ং বক্ষসি সন্নিধায় চিবুকং ধ্যায়ংশ্চ তচ্চেতসি। বারং বারমপানমূর্দ্ধমনিলং প্রোৎসারয়ন্ পূরিতম্ন্যঞ্চন্ প্রাণমুপৈতি বোধমতুলং শক্তিপ্রভাবান্নরঃ ॥ ৫০ ॥

এতচ্চ মহাযোগিসম্মতমিতি স্পষ্টয়িতুমন্তদপি পদ্মাসনে কৃত্যবিশেষমাহ। কৃত্বেতি। সংপুটিতৌ সংপুটীকৃতৌ করাবুৎসঙ্গস্থাবিতি শেষঃ। দৃঢ়তরমতিশয়েন দৃঢ়ং সুস্থিরং পদ্মাসনং বদ্ধা কুর্য্যাদিত্যর্থঃ। চিবুকং হনুং গাঢ়ং দৃঢ়ং যথা স্যাত্তথা বক্ষসি বক্ষঃসমীপে সন্নিধায় সন্নিহিতং কৃত্বা চতুরঙ্গুলান্তরেণেতি যোগিসম্প্রদায়াজ্জ্ঞেয়ং। জালন্ধরবন্ধং কুর্য্যাদিত্যর্থঃ। তৎস্বস্বেষ্টদেবতারূপং ব্রহ্ম বা। ওম তৎসদিতি নির্দ্দেশো ব্রহ্মণস্ত্রিবিধঃ স্মৃত ইতি ভগবদুক্তেঃ। চেতসি চিত্তে ধ্যায়ন্ চিন্তয়ন্। অপানমনিলং অপানবায়ুং ঊর্দ্ধং প্রোৎসারয়ন্মূলবন্ধং কৃত্বা সুষুম্নামার্গেণ প্রাণমূর্দ্ধং নয়ন্ পূরিতং পূরকেণ অন্তর্ধারিতং প্রাণং ন্যঞ্চন্নীচৈরধোঽঞ্চন্ গময়ন্। অন্তর্ভাবিতণ্যর্থোঽঞ্চতিঃ। প্রাণাপানয়োরৈক্যং কুর্য্যাদিত্যর্থঃ নরঃ পুমানতুলং বোধং নিরুপমজ্ঞানং শক্তিপ্রভাবাচ্ছক্তিরাধারশক্তিঃ কুণ্ডলিনী তস্যাঃ প্রভাবাৎ সামর্থ্যাদুপৈতি প্রাপ্নোতি। প্রাণাপানয়োরৈক্যে কুণ্ডলিনীবোধো ভবতি। কুণ্ডলিনীবোধে সুষুম্নামার্গেণ প্রাণো ব্রহ্মরন্ধ্রং গচ্ছতি। তত্র গতে চিত্তস্থৈর্য্যং ভবতি। চিত্তস্থৈর্য্যে সংযমাদাত্মসাক্ষাৎকারো ভবতীত্যর্থঃ ॥ ৫০ ॥

---

* গুরুর নিকট এইরূপ জিহ্বাস্তম্ভন অভ্যাস করিয়া কার্য্য করিবে।

† ইহাতে একপ্রকার মূলবন্ধ কথিত হইল, এই মূলবন্ধও গুরুর নিকট জানিতে হইবে। বাস্তবিক জিহ্বা বন্ধনেই উক্ত কার্য্য সাধিত হইয়া থাকে।

পূর্ব্বোক্ত পদ্মাসনই প্রধান প্রধান যোগিদিগের সম্মত। উক্ত পদ্মাসনের যে যে বিশেষ কার্য্য আছে, এই ক্ষণ তাহাই নিরূপণ করিতেছেন। পূর্ব্বোক্ত পদ্মাসনে উপবেশন করিয়া হস্তদ্বয় সংপুটিত করিবে এবং ঐ হস্তদ্বয় ক্রোড়দেশে স্থাপনপূর্ব্বক দৃঢ়রূপে পদ্মাসন বদ্ধ করিবে। অনন্তর চিবুকদেশ বক্ষঃস্থলের সমীপে অর্থাৎ চতুরঙ্গুলি অন্তরে স্থাপিত করিয়া জালন্ধর বন্ধ সাধনপূর্ব্বক ইষ্টদেবতারূপী ব্রহ্মকে স্থিরমনে ধ্যান করিতে করিতে পুনঃপুনঃ অপান বায়ুকে উর্দ্ধে আনয়ন করিবে। অনন্তর প্রাণায়ামদ্বারা পূরণ করিয়া ঐ প্রাণ বায়ু ও অপান বায়ুর ঐক্য সম্পাদন পুরঃসর ঐ বায়ুকে অধোদেশ দিয়া নিঃসারিত করিবে। এইরূপ কার্য্য করিলে যোগসাধক ব্যক্তি কুণ্ডলিনীর প্রভাবে অতুল জ্ঞান লাভ করিতে পারে, অর্থাৎ প্রাণ বায়ু ও অপান বায়ুর ঐক্য সাধিত হইলেই কুণ্ডলিনীর চৈতন্য হয়, তাহা হইলেই প্রাণ বায়ু সুষুম্না মার্গদ্বারা ব্রহ্মরন্ধ্রে গমন করিতে থাকে, প্রাণ বায়ু ব্রহ্মরন্ধ্রে গমন করিলেই চিত্তের স্থৈর্য্য জন্মে এবং চিত্ত স্থির হইলেই সংযম হইয়া ব্রহ্ম সাক্ষাৎকার লাভ হয় ॥ ৫০ ॥

পদ্মাসনে স্থিতো যোগী নাড়ীদ্বারেণ পূরিতম্।
মারুতং ধারয়েদ্যস্তু স মুক্তো নাত্র সংশয়ঃ ॥ ৫১ ॥

পদ্মাসন ইতি। পদ্মাসনে স্থিতো যোগী যোগাভ্যাসী পূরিতং পূরকেণান্তর্নীতং মারুতং বায়ুং সুষুম্নামার্গেণ মূর্দ্ধানং নীত্বেতি শেষঃ। ধারয়েৎ স্থিরীকুর্য্যাৎ স মুক্তঃ অত্র সংশয়ো নাস্তীত্যন্বয়ঃ ॥ ৫১ ॥

যোগসাধনতৎপর সাধক পূর্ব্বকথিত পদ্মাসনে উপবিষ্ট হইয়া পূরকদ্বারা বায়ুকে অন্তরে বদ্ধ করিবে এবং ঐ বায়ুকে সুষুম্নাদ্বারা মূর্দ্ধাস্থানে আনয়নপূর্ব্বক স্থির করিয়া ধারণ করিবে। এইরূপ বায়ু ধারণ করিতে পারিলে সেই ব্যক্তির নিশ্চয় মুক্তিলাভ হইয়া থাকে ॥ ৫১ ॥

অথ সিংহাসনং।

গুল্ফৌ চ বৃষণস্যাধঃ সীবন্যাঃ পার্শ্বয়োঃ ক্ষিপেৎ।
দক্ষিণে সব্যগুল্ফন্তু দক্ষগুল্ফন্তু সব্যকে ॥ ৫২ ॥

সিংহাসনমাহ—গুল্ফৌ চেতি। বৃষণস্যাধঃ অধোভাগে সীবন্যাঃ পার্শ্বয়োঃ সীবন্যা উভয়ভাগয়োঃ ক্ষিপেৎ প্রেরয়েৎ স্থাপয়েদিতি যাবৎ। গুল্ফস্থাপনপ্রকারমেবাহ দক্ষিণ ইতি। সীবন্যা দক্ষিণে ভাগে সব্যগুল্ফং স্থাপয়েৎ। সব্যকে সীবন্যাঃ সব্যভাগে দক্ষিণগুল্ফং স্থাপয়েৎ ॥ ৫২ ॥

এই ক্ষণ সিংহাসন বন্ধন কথিত হইতেছে। যোগসাধক ব্যক্তি অণ্ডকোষের অধোভাগে সীবনীর উভয়পার্শ্বে গুল্ফদ্বয় স্থাপন করিবে, অর্থাৎ সীবনীর দক্ষিণপার্শ্বে বামগুল্ফ এবং বামপার্শ্বে দক্ষিণ গুল্ফ নিক্ষেপ করিতে হইবে ॥ ৫২ ॥

হস্তৌ তু জান্বোঃ সংস্থাপ্য স্বাঙ্গুলীঃ সম্প্রসার্য্য চ।
ব্যাত্তবক্ত্রো নিরীক্ষেত নাসাগ্রং সুসমাহিতঃ ॥ ৫৩ ॥

হস্তাবিতি। জান্বোরুপরি হস্তৌ তু সংস্থাপ্য সম্যক্ জানুসংলগ্নতলৌ যথা স্যাতাং তথা স্থাপয়িত্বা। স্বাঙ্গুলীঃ হস্তাঙ্গুলীঃ সংপ্রসার্য্য সম্যক্ প্রসারয়িত্বা। ব্যাত্তবক্ত্রঃ সম্প্রসারিতলগজ্জিহ্বমুখঃ সুসমাহিতঃ একাগ্রচিত্তঃ নাসাগ্রং নাসিকাগ্রং বক্ষিন্নিরীক্ষেত ॥ ৫৩ ॥

পূর্ব্বে যেরূপ সীবনীর উভয়পার্শ্বে গুল্ফদ্বয় স্থাপনের উল্লেখ আছে, ঐরূপ গুল্ফদ্বয় স্থাপনকরিয়া উভয় জানুর উপরি উভয় হস্ত স্থাপনকরিবে, অর্থাৎ যাহাতে হস্ততল জানুর উপরি সম্যক্ সংলগ্ন হয়, সেইরূপ করিতে হইবে। পরে হস্তের অঙ্গুলিসকল সম্যক্ প্রসারণ করিয়া মুখব্যাদানপূর্ব্বক লোলজিহ্ব হইবে এবং অনন্যমনে নাসিকার অগ্রভাগ দর্শন করিতে থাকিবে ॥ ৫৩ ॥

সিংহাসনং ভবেদেতৎ পূজিতং যোগিপুঙ্গবৈঃ।
বন্ধত্রিতয়সন্ধানং কুরুতে চাসনোত্তমম্ ॥ ৫৪ ॥

এতৎ সিংহাসনং ভবেৎ। কীদৃশং যোগিপুঙ্গবৈঃ যোগিশ্রেষ্ঠৈঃ পূজিতং প্রশস্তমাসনেষূত্তমং সিংহাসনং বন্ধানাং মূলবন্ধাদীনাং ত্রিতয়ং তস্য সন্ধানং সন্নিধানং কুরুতে ॥ ৫৪ ॥

পূর্ব্বে যে আসনবন্ধ উক্ত হইয়াছে, তাহার নাম সিংহাসন। প্রধান প্রধান যোগিগণ এই সিংহাসনকে বারম্বার প্রশংসা করিয়াছেন। এই সিংহাসন সিদ্ধ হইলে মূলবন্ধাদি ত্রিবিধ আসনও সিদ্ধ হইয়া থাকে। যোগিগণ এই আসনকে সর্ব্বপ্রকার আসনের মধ্যে শ্রেষ্ঠ বলিয়াছেন ॥ ৫৪ ॥

অথ ভদ্রাসনং।

গুল্ফৌ চ বৃষণস্যাধঃ সীবন্যাঃ পার্শ্বয়োঃ ক্ষিপেৎ।
সব্যগুল্ফং তথা সব্যে দক্ষগুল্ফন্তু দক্ষিণে ॥ ৫৫ ॥

ভদ্রাসনমাহ—গুল্ফাবিতি। বৃষণস্যাধঃ সীবন্যাঃ পার্শ্বয়োঃ সীবন্যা উভয়তঃ গুল্ফৌ পাদগ্রন্থী ক্ষিপেৎ। ক্ষেপণপ্রকারমেবাহ—সব্যগুল্ফমিতি। সব্যে সীবন্যাঃ পার্শ্বে সব্যগুল্ফং ক্ষিপেৎ। তথা পাদপূরণে। দক্ষগুল্ফন্তু দক্ষিণে সীবন্যাঃ পার্শ্বে ক্ষিপেৎ ॥ ৫৫ ॥

এই ক্ষণ ভদ্রাসন কহিতেছেন। যোগসাধক ব্যক্তি আপন অণ্ডকোষের অধোভাগে সীবনীর পার্শ্বদ্বয়ে গুল্ফদ্বয় নিক্ষেপকরিবে, ইহার বিশেষ এই, সীবনীর বামপার্শ্বে বাম গুল্ফ এবং দক্ষিণপার্শ্বে দক্ষিণ গুল্ফ স্থাপনকরিবে ॥ ৫৫ ॥

পার্শ্বপাদৌ চ পাণিভ্যাং দৃঢ়ং বদ্ধা সুনিশ্চলম্।
ভদ্রাসনং ভবেদেতৎ সর্ব্বব্যাধিবিনাশনম্ ॥ ৫৬ ॥

পার্শ্বপাদৌ চ পার্শ্বসমীপগতৌ পাদৌ পাণিভ্যাং ভুজাভ্যাং দৃঢ়ং বদ্ধা পরস্পরসংলগ্নাঙ্গুলিভ্যামুদরসংলগ্নতলাভ্যাং পাণিভ্যাং বদ্ধেত্যর্থঃ। এতদ্‌ভদ্রাসনং ভবেৎ কীদৃশং সর্ব্বেষাং ব্যাধীনাং বিশেষেণ নাশনং ॥ ৫৬ ॥

পূর্ব্বোক্ত প্রকারে সীবনীর পার্শ্বে গুল্ফ স্থাপনকরিয়া পাদদ্বয় পার্শ্বের সমীপে রাখিবে, পরে উভয় হস্তদ্বারা উক্ত পাদদ্বয় বন্ধন করিতে হইবে অর্থাৎ অঙ্গুলি সকলকে পরস্পর সংলগ্ন ও করতলদ্বয়কে উদরসংলগ্ন করিয়া পাদদ্বয় বন্ধন করিবে। এইরূপে সুদৃঢ় বন্ধন করিয়া স্থিরভাবে অবস্থিতি করিবে, ইহাতেই ভদ্রাসন হয়। যোগিগণ এইরূপ আসনকে ভদ্রাসন কহিয়া থাকেন। এই আসনবন্ধ অভ্যাসকরিলে সাধকের সর্ব্ববিধ রোগ বিনাশ পায়। ইহার অন্যথা হয় না ॥ ৫৬ ॥

গোরক্ষাসনমিত্যাহুরিদং বৈ সিদ্ধযোগিনঃ।
এবমাসনবন্ধেষু যোগীন্দ্রো বিগতশ্রমঃ ॥ ৫৭ ॥

গোরক্ষেতি। সিদ্ধাশ্চ তে যোগিনশ্চ সিদ্ধযোগিনঃ ইদং তত্রাসনং গোরক্ষাসনমিত্যাহুঃ। গোরক্ষেণ প্রায়শোঽভ্যস্তত্বাদেতদ্গোরক্ষাসনমিতি বদন্তি। যান্যাসনান্যুক্তানি—তেষু যৎ কর্ত্তব্যং তদাহ এবমিতি। এবমুক্তেষ্বাসনবন্ধেষু বন্ধনপ্রকারেষু বিগতঃ শ্রমো যস্য স বিগতশ্রমঃ। আসনানাং বন্ধেষু শ্রমরহিতঃ যোগিনামিন্দ্রো যোগীন্দ্রঃ॥ ৫৭॥

সিদ্ধ যোগিগণ এই আসনকে গোরক্ষাসন বলিয়া থাকেন। অর্থাৎ গোরক্ষনাথ সর্ব্বদা এই আসন অভ্যাসকরিতেন, এই নিমিত্তই এই আসনের গোরক্ষাসন নাম প্রসিদ্ধ হইয়াছে। এই আসনবন্ধ সাধন করিতে পারিলে যোগসাধনে যোগীর কোন পরিশ্রম হয় না॥ ৫৭॥

অভ্যসেন্নাড়িকাশুদ্ধিং মুদ্রাদিপবনক্রিয়াম্।
আসনং কুম্ভকং চিত্রং মুদ্রাখ্যং করণং তথা॥ ৫৮॥

নাড়িকানাং নাড়ীনাং শুদ্ধিং। প্রাণং চেদিড়য়া পিবেন্নিয়মিতমিতি বক্ষ্যমাণরূপা মুদ্রা আদির্যস্যাঃ সূর্য্যভেদাদেস্তাদৃশীং। পবনস্য প্রাণবায়োঃ ক্রিয়াং প্রাণায়ামরূপাং চাভ্যসেৎ। অথ হঠাভ্যাসনক্রমমাহ—আসনমিতি। আসনমুক্তলক্ষণং চিত্রং নানাবিধং কুম্ভকং সূর্য্যভেদনমুজ্জায়ীত্যাদিবক্ষ্যমাণং। মুদ্রা ইত্যাখ্যা যস্য তন্মুদ্রাখ্যং মহামুদ্রাদিরূপকরণং হঠসিদ্ধৌ প্রকৃষ্টোপকারকং তথা চার্থে॥ ৫৮॥

সাধকগণ বক্ষ্যমাণ নাড়ীশুদ্ধি, মুদ্রা ও প্রাণায়াম এই সকল যোগ অভ্যাস করিবে। কারণ হঠযোগসাধনের পক্ষে আসন, কুম্ভক ও মুদ্রা এই সকলই প্রধান কারণ বলিয়া নির্দ্দিষ্ট আছে॥ ৫৮॥

অথ নাদানুসন্ধানমভ্যাসানুক্রমো হঠে। ব্রহ্মচারী মিতাহারী ত্যাগী যোগপরায়ণঃ॥ অব্দাদূর্দ্ধং ভবেৎসিদ্ধো নাত্র কার্য্যা বিচারণা॥ ৫৯॥

অথৈতত্রয়ানুষ্ঠানানন্তরং নাদস্যানাহতধ্বনেরনুসন্ধানমনুচিন্তনং হঠে হঠযোগেঽভ্যাসোঽভ্যসনং তস্যানুক্রমঃ পৌর্ব্বাপর্য্যক্রমঃ। হঠসিদ্ধেরবধিমাহ—ব্রহ্মচারীতি। ব্রহ্মচর্য্যবান্ মিতাহারো বক্ষ্যমাণঃ সোঽস্যাস্তীতি মিতাহারী ত্যাগী দানশীলো বিষয়পরিত্যাগী বা যোগপরায়ণঃ যোগাভ্যাসনপরঃ। অব্দাদ্বর্ষাদূর্দ্ধং সিদ্ধঃ সিদ্ধহঠো ভবেৎ। অত্রোক্তেঽর্থে বিচারণা স্যান্ন বেতি সংশয়প্রযুক্তা ন কার্য্যা এতন্নিশ্চিতমেবেত্যর্থঃ॥ ৫৯॥

আসন, কুম্ভক ও মুদ্রা এই ত্রিবিধ যোগ অভ্যাসকরিয়া সাধক নাদানুসন্ধান করিবে, ইহাই হঠযোগসিদ্ধির উপক্রম। আর যোগসাধন কালে যোগীজন এক বৎসর ব্রহ্মচর্য্য করিবে, মিতাহারী হইবে, দান করিবে, বিষয়বাসনা পরিত্যাগকরিবে এবং যোগাভ্যাসে সর্ব্বদা নিরত থাকিবে। এইরূপে এক বৎসর পর্য্যন্ত যোগাভ্যাস করিলে এক বৎসরের পরে সেই যোগী সিদ্ধি লাভ করিতে পারে, ইহাতে কোন সংশয় নাই এবং কদাচ ইহার অন্যথা হয় না॥ ৫৯॥

সুস্নিগ্ধমধুরাহারশ্চতুর্থাংশবিবর্জ্জিতঃ।
ভুজ্যতে শিবসম্প্রীত্যৈ মিতাহারঃ স উচ্যতে॥ ৬০॥

পূর্ব্বশ্লোকে মিতাহারীত্যুক্তং তত্র যোগিনাং কীদৃশো মিতাহার ইত্যপেক্ষায়ামাহ—সুস্নিগ্ধেতি। সুস্নিগ্ধোঽতিস্নিগ্ধঃ স চাসৌ মধুরশ্চ তাদৃশ আহারশ্চতুর্থাংশবিবর্জ্জিতশ্চতুর্থভাগরহিতঃ। তদুক্তমভিযুক্তৈঃ—দ্বৌ ভাগৌ পূরয়েদন্নৈস্তোয়েনৈকং প্রপূরয়েৎ। বায়োঃ সঞ্চরণার্থায় চতুর্থমবশেষয়েদিতি। শিবো জীবঃ ঈশ্বরো বা ভোক্তা দেবো মহেশ্বর ইতি বচনাৎ। তস্য সম্প্রীত্যৈ সম্যক্প্রীত্যর্থং যো ভুজ্যতে স মিতাহার ইত্যুচ্যতে॥ ৬০॥

মিতাহারী কাহাকে বলা যায়? এই আশঙ্কায় বলিতেছেন। যাহার মিতাহার করিবার মানস আছে, সেই ব্যক্তি সুস্নিগ্ধ ও মধুর দ্রব্য ভোজন করিবে, কদাচ উদর পূর্ণ করিয়া আহার করিবে না, উদরের চতুর্থাংশ শূন্য রাখিবে। শাস্ত্রান্তরে কথিত আছে যে, অন্নদ্বারা উদরের দুই ভাগ পরিপূর্ণ করিয়া এক ভাগ জলদ্বারা পূরণ করিবে, অবশিষ্ট চতুর্থ ভাগ বায়ু সঞ্চারণার্থ শূন্য রাখিবে। যে ব্যক্তি জীবের প্রীতির নিমিত্ত উক্তরূপে ভোজন করে তাহাকে মিতাহারী বলা যায়॥ ৬০॥

কট্বম্লতীক্ষ্ণলবণোষ্ণহরীতশাকসৌবীরতৈলতিলসর্ষপমদ্যমৎস্যান্। আজাদিমাংসদধিতক্রকুলত্থকোলপিণ্যাকহিঙ্গুলশুনাদ্যমপথ্যমাহুঃ॥ ৬১॥

অথ যোগিনামপথ্যমাহ দ্বাভ্যাং—কট্বিতি। কটু কারবেল্ল ইত্যাদি অম্লং চিঞ্চাফলাদি তীক্ষ্ণং মরীচাদি লবণং প্রসিদ্ধং উষ্ণং গুড়াদি হরীতশাকং পত্রশাকং সৌবীরং কাঞ্জিকং তৈলং তিলসর্ষপাদিস্নেহঃ তিলাঃ প্রসিদ্ধাঃ সর্ষপাঃ সিদ্ধার্থাঃ মদ্যং সুরা মৎস্যো ঝষঃ। এষামিতরেতরদ্বন্দ্বঃ এতানপথ্যানাহুঃ। অজস্যেদমাজং তদাদির্যস্য শৌকরাদেস্তদাজাদি তচ্চ তন্মাংসং চাজাদিমাংসং। দধি দুগ্ধপরিণামবিশেষঃ তক্রং গৃহীতসারং দধি। কুলত্থাদিদ্বিদলবিশেষঃ কোলং কোল্যাঃ ফলং বদরং। কর্কন্ধুর্বদরী কোলিরিত্যমরঃ। পিণ্যাকং তিলপিণ্ডং হিঙ্গু রামঠং লশুনং এষামিতরেতরদ্বন্দ্বঃ। এতাস্যাদ্যাদি যস্য তত্তথা আদ্যশব্দেন পলাণ্ডুগৃঞ্জনমাদকদ্রব্যমাষান্নাদিকং গ্রাহ্যং। অপথ্যমহিতং যোগিনামিতি শেষঃ আহুর্যোগিন ইত্যধ্যাহারঃ॥ ৬১॥

করলা প্রভৃতি কটু দ্রব্য তেঁতুলাদি অম্ল বস্তু, মরীচাদি তীক্ষ্ণ পদার্থ, গুড়াদি উষ্ণ বস্তু, পত্র, শাক, কাঁজি, তৈল, সর্ষপ, মদ্য, মৎস্য, ছাগাদির মাংস, দধি, ঘোল, কুলত্থাদি দ্বিদল (ডাইল) বদরীফল, তিলপিণ্ড, হিঙ্গু, রশুন, পলাণ্ডু এবং গৃঞ্জনাদি মাদকদ্রব্য এই সকল যোগিদিগের অভক্ষ্য। যোগসিদ্ধিকামী ব্যক্তি যোগসাধনকালে উক্ত দ্রব্যসকল ভোজন করিবে না॥ ৬১॥

ভোজনমহিতং বিদ্যাৎ পুনরস্যোষ্ণীকৃতং রূক্ষম্।
অতিলবণমম্লযুক্তং কদশনশাকোৎকটং বর্জ্জ্যম্॥ ৬২॥

ভোজনমিতি। পশ্চাদগ্নিসংযোগেনোষ্ণীকৃতং যদ্ভোজনং সূপোদনরোটিকাদিরূক্ষং ঘৃতাদিহীনং অতিশয়িতং লবণং যস্মিংস্তদতিলবণং যদ্বা লবণমতিক্রান্তমতিলবণং চাকুবা ইতি লোকে প্রসিদ্ধং শাকং যবক্ষারাদিকঞ্চ। লবণস্য সর্ব্বথা বর্জ্জনীয়ত্বাদুত্তরঃ পক্ষঃ সাধুঃ। তথাচ দত্তাত্রেয়ঃ—অথ বর্জ্জ্যানি বক্ষ্যামি যোগবিঘ্নকরাণি চ। লবণং সর্ষপং চাম্লমুগ্রং তীক্ষ্ণ রূক্ষকং। অতীব ভোজনং ত্যাজ্যমতিনিদ্রাতিভাষণমিতি। স্কন্দপুরাণেঽপি—ত্যজেৎ কট্বম্ললবণং ক্ষীরভোজী সদা ভবেদিতি অন্নযুক্তমন্নপ্রযোগ

যুক্তং। অম্লদ্রব্যেণ যুক্তমপি ত্যাজ্যং কিমুত সাক্ষাদম্লং। অত্র তৃতীয়পদং পললং বা তিলপিণ্ডমিতি কেচিৎ পঠন্তি তস্যায়মর্থঃ। পললং মাংসং তিলপিণ্ডঃ পিণ্যাকং কদশনং কদন্নং যাবনালকোদ্রবাদি। শাকং বিহিতেতরশাকমাত্রং উৎকটং বিদাহি মিরচীতি লোকে প্রসিদ্ধং। মিরচা ইতি হিন্দুস্থানভাষায়াং। কদশনাদীনাং সমাহারদ্বন্দ্বঃ অতিলবণাদিকং বর্জ্জ্যং বর্জ্জনার্হং। দুষ্টমিতি পাঠে দুষ্টং পূতিপর্য্যুষিতাদি অহিতমিতি যোজনীয়ং ॥ ৬২ ॥

যে সকল দ্রব্য পাকের পরে অগ্নিসংযোগে পুনর্ব্বার উষ্ণ করা হইয়াছে, যোগিগণ যোগসাধনকালে সেই সকল দ্রব্যভোজন করিবে না এবং ঘৃতবিহীন সূপাদি, রুটি, অধিক লবণাক্ত দ্রব্য ও যবক্ষারাদি এই সকল দ্রব্য যোগিগণের পক্ষে অহিতকর জানিবে। দত্তাত্রেয় বলিয়াছেন লবণ, সর্ষপ, অম্ল, উগ্র ও তীক্ষ্ণ দ্রব্য ভোজন করিবে না এবং অতিভোজন, অতি নিদ্রা ও অতিভাষণ, যোগিগণ এই সকল পরিবর্জ্জন করিবে। স্কন্দপুরাণে লিখিত আছে যে, কটু, অম্ল ও লবণ এই সকল দ্রব্য যোগসাধনকালে পরিত্যাগ করিয়া কেবল দুগ্ধ ভোজন করিবে। আর যোগীরা অম্লযুক্ত দ্রব্য ভোজন করিবে না। কোন কোন যোগীর মতে মাংস ও তিলের তৈল অবশ্য বর্জ্জন করিবে। যাবক (যাউ) কোদ্রবাদি কদন্ন, উৎকট * এবং পূতিগন্ধযুক্ত দ্রব্য, এই সকল অবশ্য বর্জ্জন করা কর্ত্তব্য ॥ ৬২ ॥

বহ্নিস্ত্রীপথিসেবানামাদৌ বর্জ্জনমাচরেৎ। তথাহি গোরক্ষবচনং—বর্জ্জয়েদ্দুর্জ্জনপ্রান্তং বহ্নিস্ত্রীপথিসেবনম্। প্রাতঃস্নানোপবাসাদি কায়ক্লেশবিধিং তথা ॥ ৬৩ ॥

এবং যোগিনাং সদা বর্জ্জ্যান্যুক্ত্বাভ্যাসকালে বর্জ্জ্যান্যাহার্দ্ধেন—বহ্নীতি। বহ্নিশ্চ স্ত্রী চ পন্থাশ্চ তেষাং সেবা বহ্নিসেবনস্ত্রীসঙ্গতীর্থযাত্রাগমনাদিরূপা তাসাং বর্জ্জনমাদাবভ্যাসকালে আচরেৎ। সিদ্ধেঽভ্যাসে তু কদাচিৎ শীতে বহ্নিসেবনং গৃহস্থস্য ঋতৌ স্বভার্য্যাগমনং তীর্থযাত্রাদৌ মার্গগমনঞ্চ ন নিষিদ্ধমিত্যাদিপদেন সূচ্যতে। তত্র প্রমাণং গোরক্ষবচনমবতারয়তি। তথাহীতি তৎপঠতি বর্জ্জয়েদিতি। দুর্জ্জনপ্রান্তং দুর্জ্জনসমীপবাসং দুর্জ্জনপ্রীতিমিতি কচিৎ পাঠঃ। বহ্নিস্ত্রীপথিসেবনং ব্যাখ্যাতং প্রাতঃস্নানং উপবাসশ্চাদির্যস্য ফলাহারাদেঃ তচ্চ তয়োঃ সমাহারদ্বন্দ্বঃ। প্রথমাভ্যাসিনঃ প্রাতঃস্নানে শীতবিকারোৎপত্তেঃ। উপবাসাদিনা পিত্তাদ্যুৎপত্তেঃ। কায়ক্লেশবিধিং কায়ক্লেশকরং বিধিং ক্রিয়াং বহুসূর্য্যনমস্কারাদিরূপাং বহুভারোদ্বহনাদিরূপাঞ্চ। তথা সমুচ্চয়ে অত্র প্রতিপদং বর্জ্জয়েদিতি ক্রিয়াসম্বন্ধঃ ॥ ৬৩ ॥

যোগসাধনকালে যে যে কার্য্য পরিত্যাগ করিতে হইবে, তাহাই কথিত হইতেছে। যোগিগণ যোগসাধনকালে অগ্নিসেবা, স্ত্রীসম্ভোগ ও পথপর্য্যটন, এই সকল কার্য্য পরিত্যাগ করিবে। পরন্তু, যোগসাধন শেষ হইলে কখনও কখন শীতকালে অগ্নিসেবা, গৃহস্থের অবশ্য কর্ত্তব্য বলিয়া ঋতুকালে স্বভার্য্যগমন এবং তীর্থযাত্রা উপলক্ষে পথপর্য্যটন করিতে পারে। এই বিষয়ে গোরক্ষনাথ বলিয়াছেন যে, দুর্জ্জনের নিকট বাস, দুর্জ্জনের সহিত প্রণয়, অগ্নিসেবা, স্ত্রীসংসর্গ, পথপর্য্যটন, প্রাতঃস্নান, উপবাস, ফলাহার, সূর্য্যনমস্কার ও অধিক ভারবহনাদি কায়ক্লেশজনক কার্য্য, যোগসাধনকালে যোগিগণ এই সকল ত্যাগ করিবে। যোগসাধনকালে প্রাতঃস্নান করিলে শীতবিকার, উপবাস করিলে পিত্তবৃদ্ধি হইয়া থাকে, অতএব প্রাতঃস্নানাদি অবশ্য বর্জ্জনীয় ॥ ৬৩ ॥

গোধূমশালিযবষষ্টিকশোভনান্নং। ক্ষীরাজ্যখণ্ডনবনীতসিতামধূনি। শুণ্ঠী পটোলকফলাদিকপঞ্চশাকং মুদ্গাদিদিব্যমুদকঞ্চ যমীন্দ্রপথ্যম্ ॥ ৬৪ ॥

অথ যোগিপথ্যমাহ—গোধূমেত্যাদিনা। গোধূমাশ্চ শালয়শ্চ যবাশ্চ ষষ্টিকাঃ ষষ্ট্যা দিনৈর্যে পচ্যন্তে তণ্ডুলবিশেষাস্তে শোভনমন্নং পবিত্রান্নং শ্যামাকনীবারাদি তচ্চৈতেষাং সমাহারদ্বন্দ্বঃ। ক্ষীরং দুগ্ধমাজ্যং ঘৃতং খণ্ডঃ শর্করা নবনীতং মথিতদধিসারঃ সিতা তীব্রপদী খণ্ডশর্করেতি লোকে প্রসিদ্ধা মিসরীতি হিন্দুস্থানভাষায়াং। মধু ক্ষৌদ্রং এষামিতরেতরদ্বন্দ্বঃ। শুণ্ঠী প্রসিদ্ধা পটোলফলং পরবর ইতি ভাষায়াং প্রসিদ্ধং শাকং তদাদির্যস্য কোষাতক্যাদেস্তৎপটোলকফলাদিকং শেষাদ্বিভাষেতি কপ্রত্যয়ঃ। পঞ্চানাং শাকানাং সমাহারঃ পঞ্চশাকং। তদুক্তং বৈদ্যকে—সর্ব্বশাকমচাক্ষুষ্যং চাক্ষুষ্যং শাকপঞ্চকং। জীবন্তীবাস্তুমূলাক্ষী মেঘনাদপুনর্নবা ইতি। মুদ্গা দ্বিদলবিশেষা আদির্যস্য তন্মুদ্গাদি। আদিপদেন আঢ়কী গ্রাহ্যা। দিব্যং নির্দ্দোষমুদকং জলং। যম এষামস্তীতি যমিনঃ তেষামিন্দ্রো দেবশ্রেষ্ঠো যো যোগীন্দ্রস্তস্য পথ্যং হিতং ॥ ৬৪ ॥

কোন্ কোন্ কার্য্য যোগসিদ্ধির সাধক, এইক্ষণ তাহাই বলিতেছেন। গোধূম, শালিধান্য, যব ও ষষ্টিধান্য † ইহাদিগের পবিত্র অন্ন, শ্যামাকনীবারাদি, দুগ্ধ, ঘৃত, শর্করা, নবনীত, খণ্ডশর্করা (মিছরি) মধু, শুণ্ঠী, পটোলফল, পঞ্চ শাক ‡ এই সকল দ্রব্য যোগীর পক্ষে হিতকর জানিবে। আর কোন সূপ অর্থাৎ অরহড় ডাইল ও নির্দ্দোষ জল এই সকল যোগসাধনকালে যোগীর পক্ষে পথ্য অর্থাৎ হিতকর ভোজ্যদ্রব্য ॥ ৬৪ ॥

পুষ্টং সুমধুরং স্নিগ্ধং গব্যং ধাতুপ্রপোষণম্।
মনোভিলষিতং যোগ্যং যোগী ভোজনমাচরেৎ ॥ ৬৫ ॥

অথ যোগিনো ভোজননিয়মমাহ—পুষ্টমিতি। পুষ্টং দেহপুষ্টিকরমোদনাদিসুমধুরং শর্করাদিসহিতং স্নিগ্ধং সঘৃতং গব্যং গোদুগ্ধঘৃতাদিযুক্তং গব্যালাভে মাহিষং দুগ্ধাদি গ্রাহ্যং। ধাতুপ্রপোষণং লড্ডুকাপূপাদি মনোভিলষিতং পুষ্ট্যাদিষু যন্মনোরুচিকরং তদেব যোগিনা ভোক্তব্যং। মনোভিলষিতমপি কিমবিহিতং ভোক্তব্যং নেত্যাহ। যোগ্যমিতি বিহিতমেবেত্যর্থঃ। যোগী ভোজনং পূর্ব্বোক্তবিশেষণবিশিষ্টমাচরেৎ কুর্য্যাদিত্যর্থঃ। ন তু শক্তুভর্জ্জিতান্নাদিনা নির্ব্বাহং কুর্য্যাদিতি ভাবঃ ॥ ৬৫ ॥

দেহের পুষ্টিকর তণ্ডুলাদি, শর্করাসংযুক্ত ঘৃতমিশ্রিত দ্রব্য, গব্যদুগ্ধ, (গব্যদুগ্ধের অভাবে মহিষদুগ্ধ ও মহিষঘৃত গ্রহণ করা যাইতে পারে) ধাতুপোষণ দ্রব্য, লড্ডুকাপূপাদি মনোভিলষিত দ্রব্য, যোগী এই সকল বস্তু ভোজন করিবে, কিন্তু মনোভিলষিত দ্রব্যের মধ্যেও যাহা হিতকর তাহাই ভোজন করিবে, অহিতকর ও নিষিদ্ধ বস্তু যোগীরা ভোজন করিবে না ॥ ৬৫ ॥

* হিন্দুস্থানীয় ভাষায় ইহাকে মিরচা বলে।

† যাহা ষাইট দিবসে পরিপক্ক হয়।

‡ বৈদ্যশাস্ত্রে লিখিত আছে যে, সকল প্রকার শাকই অহিতকর কিন্তু পঞ্চ শাক অর্থাৎ জীবন্তী (জীয়াশাক) বাস্তুক (বেথোশাক) হিঞ্চাশাক, নটেশাক ও পুনর্নবাশাক এই পঞ্চবিধ শাকই পঞ্চশাক নামে বিখ্যাত, এই পঞ্চ শাক হিতসাধন করিয়া থাকে।

যুবা বৃদ্ধোঽতিবৃদ্ধো বা ব্যাধিতো দুর্ব্বলোঽপি বা।
অভ্যাসাৎ সিদ্ধিমাপ্নোতি সর্ব্বযোগেষ্বতন্দ্রিতঃ ॥৬৬॥

যোগাভ্যাসিনো বয়োবিশেষারোগ্যাদ্যপেক্ষা নাস্তীত্যাহ—যুবেতি। যুবা তরুণঃ বৃদ্ধো বৃদ্ধাবস্থাং প্রাপ্তঃ অতিবৃদ্ধোঽতিবার্দ্ধকং গতো বা। অভ্যাসাদাসনকুম্ভকাদীনামভ্যসনাৎ সিদ্ধিং সমাধিতৎফলরূপামাপ্নোতি। অভ্যাসপ্রকারমেব বদন্ বিশিনষ্টি। সর্ব্বযোগেষ্বিতি সর্ব্বেষু যোগেষু যোগাঙ্গেষ্বতন্দ্রিতোঽনলসঃ। যোগাঙ্গাভ্যাসাৎ সিদ্ধিমাপ্নোতীত্যর্থঃ। জীবনসাধনে কৃষিবাণিজ্যাদৌ জীবনশব্দপ্রয়োগবৎ সাক্ষাৎ পরম্পরয়া বা যোগসাধনেষু যোগশব্দপ্রয়োগঃ ॥ ৬৬ ॥

যোগাভ্যাসকারী ব্যক্তিদিগের বয়সের বিবেচনা কিম্বা শারীরিক আরোগ্যের অপেক্ষা নাই। যুবা, বৃদ্ধ, অতিবৃদ্ধ, ব্যাধিগ্রস্ত ও দুর্ব্বল ইহাদিগের মধ্যে যে কেন হউক না, সকলেই যোগসাধনে অধিকারী এবং আসন কুম্ভকাদি অভ্যাসকরিয়া সিদ্ধিলাভ করিতে পারে। কিন্তু সর্ব্বপ্রকার যোগসাধন কালেই আলস্য পরিত্যাগপূর্ব্বক কার্য্য করিতে হইবে। সাধক অনলস হইয়া যোগাদি সাধন করিলেই যোগসিদ্ধি হইয়া থাকে ॥ ৬৬ ॥

ক্রিয়াযুক্তস্য সিদ্ধিঃ স্যাদক্রিয়স্য কথং ভবেৎ।
ন শাস্ত্রপাঠমাত্রেণ যোগসিদ্ধিঃ প্রজায়তে ॥ ৬৭ ॥

অভ্যাসাদেব সিদ্ধির্ভবতীতি দৃঢয়ন্নাহ দ্বাভ্যাং—ক্রিয়াযুক্তস্যেতি। ক্রিয়া যোগাঙ্গানুষ্ঠানরূপা তয়া যুক্তস্য সিদ্ধির্যোগসিদ্ধিঃ স্যাৎ। অক্রিয়স্য যোগাঙ্গানুষ্ঠানরহিতস্য কথং ভবেন্ন কথমপীত্যর্থঃ। নন্বু যোগশাস্ত্রাধ্যয়নেন যোগসিদ্ধিঃ স্যাদিত্যাহ নেতি। শাস্ত্রস্য যোগশাস্ত্রস্য পাঠমাত্রেণ কেবলেন পাঠেন যোগস্য সিদ্ধির্ন প্রজায়তে নৈব জায়ত ইত্যর্থঃ ॥ ৬৭ ॥

যোগসাধন অভ্যাসকরিলেই সাধক সিদ্ধি লাভ করিতে পারে, যাহারা যোগানুষ্ঠান করিয়া থাকে, তাহাদিগেরই যোগ সিদ্ধি হয়, যে ব্যক্তি যোগানুষ্ঠান কার্য্যে বিরত থাকে, তাহার কোন রূপেও যোগসিদ্ধি হইতে পারে না। যদি বল যোগশাস্ত্র অধ্যয়ন করিলেই যোগসিদ্ধি হইতে পারে, তাহা হয় না, কারণ, কার্য্য না করিয়া কেবল কার্য্যপ্রণালী অভ্যাস করিলে কোন কার্য্যের ফল লাভের সম্ভব নাই ॥ ৬৭ ॥

ন বেশধারণং সিদ্ধেঃ কারণং ন চ তৎকথা।
ক্রিয়ৈব কারণং সিদ্ধেঃ সত্যমেতন্ন সংশয়ঃ ॥ ৬৮॥

নেতি—বেশস্য কষায়বস্ত্রাদেঃ ধারণং সিদ্ধের্যোগসিদ্ধেঃ কারণং ন। তস্য যোগস্য কথা বা কারণং ন। কিং তর্হি সিদ্ধেঃ কারণমিত্যত আহ ক্রিয়ৈবেতি ॥ ৬৮ ॥

কষায় বস্ত্রাদিদ্বারা বেশধারণ করিলে যোগসিদ্ধি হইতে পারে না, অথবা যোগসিদ্ধির কথাপ্রসঙ্গও যোগসিদ্ধির কারণ নহে, কেবল ক্রিয়াই যোগসিদ্ধির কারণ হয়, অর্থাৎ ক্রিয়া করিলেই যোগসিদ্ধি হইতে পারে, অতএব সর্ব্বদা সর্ব্বতোভাবে যোগাঙ্গের অনুষ্ঠান অবশ্য কর্ত্তব্য কর্ম্ম বলিয়া জানিবে ॥ ৬৮ ॥

পীঠানি কুম্ভকাশ্চিত্রা দিব্যানি করণানি চ।
সর্ব্বাণ্যপি হঠাভ্যাসে রাজযোগফলাবধি ॥ ৬৯ ॥

ইতি শ্রীসহজানন্দসন্তানচিন্তামণিস্বাত্মারামযোগীন্দ্রবির-
চিতায়াং হটপ্রদীপিকায়ামাসনবিধিকথনং
নাম প্রথমোপদেশঃ ॥ ১ ॥

যোগাঙ্গানুষ্ঠানস্যাবধিমাহ পীঠমিতি। পীঠান্যাসনাদি চিত্রা অনেকবিধাঃ কুম্ভকাঃ সূর্য্যভেদাদয়ঃ দিব্যান্যুৎকৃষ্টানি করণানি মহামুদ্রাদীনি হঠসিদ্ধৌ প্রকৃষ্টোপকারকত্বং কারণত্বং হঠাভ্যাসে সর্ব্বাণি পীঠকুম্ভককরণানি রাজযোগফলাবধি রাজযোগ এব ফলং তদবধি তৎপর্য্যন্তং কর্ত্তব্যানীতি শেষঃ ॥ ৬৯ ॥

ইতি হঠপ্রদীপিকায়াং জ্যোৎস্নাভিধায়াং ব্রহ্মানন্দ-
কৃতায়াং প্রথমোপদেশঃ ॥

কতকাল যোগাঙ্গসাধন করিবে, তাহা বলিতেছেন। সর্ব্বপ্রকার আসন, সূর্য্যভেদনাদি বিবিধ কুম্ভক এবং মহামুদ্রাদি মুদ্রা, এই সকলই যোগসিদ্ধির কারণ এবং ইহারাই যোগাঙ্গ বলিয়া কথিত আছে, আর রাজযোগই যোগাঙ্গানুষ্ঠানের ফল, অতএব যে পর্য্যন্ত রাজযোগ না হয়, সে পর্য্যন্ত যোগাঙ্গের অনুষ্ঠান করিতে থাকিবে ॥ ৬৯ ॥

ইতি হঠপ্রদীপিকায় প্রথম উপদেশ ॥

দ্বিতীয়োপদেশঃ।

অথাসনে হঠে যোগী বশী হিতমিতাশনঃ।
গুরূপদিষ্টমার্গেণ প্রণায়ামান্ সমভ্যসেৎ ॥ ১ ॥

অথাসনোপদেশানন্তরং প্রাণায়ামান্ বক্তুমুপক্রমতে—অথেতি মঙ্গলার্থঃ। আসনে দৃঢ়ে সতি বশী জিতাক্ষঃ হিতং পথ্যঞ্চ তন্মিমিতঞ্চ পূর্ব্বোপদেশোক্তলক্ষণং তত্তাদৃশমশনং যস্য স হিতমিতাশনঃ। গুরুণোপদিষ্টো যো মার্গঃ প্রাণায়ামাভ্যাসপ্রকারস্তেন প্রাণায়ামান্ বক্ষ্যমাণান্ সম্যগুৎসাহ-সাহসধৈর্য্যাদিভিরভ্যসেৎ। দৃঢ়ে স্থিরে কুক্কুটাদিবিবর্জ্জিতে সিদ্ধাসনাদাবিতি বা যোজনা ॥১॥

পূর্ব্বাধ্যায়ে যোগসাধনের উপযোগী নানাপ্রকার আসনবন্ধের উপদেশ বলিয়া এই ক্ষণ এই অধ্যায়ে প্রাণায়ামের উপদেশ করিতেছেন। জিতেন্দ্রিয় যোগী পূর্ব্বোক্ত প্রকারে আসনবন্ধন অভ্যাসকরিয়া পূর্ব্বাধ্যায়কথিত হিতকর দ্রব্য পরিমিতরূপে ভোজনপূর্ব্বক দৃঢ়রূপে পদ্মাসন বন্ধনকরিয়া গুরুদেবের উপদেশানুসারে বক্ষ্যমাণ প্রাণায়াম অভ্যাস করিবে। আসন স্থির হইলেই প্রাণায়াম অভ্যাস কর্ত্তব্য ॥ ১ ॥

চলে বাতে চলং চিত্তং নিশ্চলে নিশ্চলং ভবেৎ।
যোগী স্থাণুত্বমাপ্নোতি ততো বায়ুং নিরোধয়েৎ ॥২॥

প্রয়োজনমনুদ্দিশ্য ন মন্দোঽপি প্রবর্ত্তত ইতি মহদুক্তেঃ প্রয়োজনাভাবেন প্রবৃত্ত্যভাবাৎ প্রাণায়ামপ্রয়োজনমাহ চলে বাত ইতি। বাতে চলে সতি চিত্তং চলং ভবেৎ। নিশ্চলে বাতে নিশ্চলং ভবেচ্চিত্তমিত্যত্রাপি সম্বধ্যতে। বাতে চিত্তে চ নিশ্চলে যোগী স্থাণুত্বং স্থিরদীর্ঘজীবিত্বমিতি যাবৎ। ঈশ্বরবাপ্নোতি ততস্তস্মাদ্বায়ুং প্রাণং নিরোধয়েৎ কুম্ভয়েৎ ॥ ২ ॥

কার্য্যের ফলোদ্দেশ না করিয়া কোন মন্দবুদ্ধি ব্যক্তিও কার্য্যসাধনে প্রবৃত্ত হয় না, এই মহাজনবাক্যার্থে জানা যায় যে, নিষ্প্রয়োজন কার্য্যে কাহারও প্রবৃত্তি জন্মে না। অতএব প্রাণায়ামসাধনে লোকের প্রবৃত্তি উৎপাদনার্থ প্রথমে প্রাণায়ামের প্রয়োজন নিরূপণ করিতেছেন। শরীরস্থ বায়ুর চঞ্চলতা থাকিলে মানবের চিত্তও চঞ্চল হয়, আর প্রাণবায়ু নিশ্চলভাবে থাকিলে চিত্তও সুস্থির হইয়া থাকে। ইহাতে জানা যায় যে, প্রাণবায়ু নিশ্চল হইলে যোগিগণ স্থাণুর ন্যায় নিশ্চল হইতে পারে, অতএব যাহাদিগের যোগাভ্যাসের কামনা আছে, তাহারা বায়ু নিরোধ করিবে ॥ ২ ॥

যাবদ্বায়ুঃ স্থিতো দেহে তাবজ্জীবনমুচ্যতে।

মরণং তস্য নিষ্ক্রান্তিস্ততো বায়ুং নিরোধয়েৎ ॥ ৩ ॥

যাবদিতি। দেহে শরীরে যাবৎকালং বায়ুঃ প্রাণঃ স্থিতঃ তাবৎকালপর্য্যন্তং জীবনমুচ্যতে লোকৈঃ। দেহপ্রাণসংযোগস্যৈব জীবনপদার্থত্বাৎ। তস্য প্রাণস্য নিষ্ক্রান্তির্দ্দেহাদ্বিয়োগো মরণমুচ্যতে। ততস্তস্মাদ্বায়ুং নিরোধয়েৎ ॥ ৩ ॥

যাবৎকাল দেহমধ্যে প্রাণবায়ু বিদ্যমান থাকে, তাবৎকাল লোকের জীবন আছে জানা যায়, কারণ প্রাণ ও দেহ এই দুইয়ের সংযোগই জীবনপদার্থ, আর দেহ হইতে যে প্রাণবায়ুর বিচ্ছেদ, তাহাই মরণ, অতএব অবশ্যই বায়ুধারণে যত্ন করিবে ॥ ৩ ॥

মলাকুলাসু নাড়ীষু মারুতো নৈব মধ্যগঃ।

কথং স্যাদুন্মনীভাবঃ কার্য্যসিদ্ধিঃ কথং ভবেৎ ॥ ৪ ॥

মলশুদ্ধেহঠসিদ্ধিজনকত্বং ব্যতিরেকেণাহ।—মলাকুলাস্বিতি। নাড়ীষু মলৈরাকুলাসু ব্যাপ্তাসু সতীষু মারুতঃ প্রাণো মধ্যগঃ সুষুম্নামার্গবাহী নৈব স্যাৎ অপি তু শুদ্ধমলাস্বেব মধ্যগো ভবতীত্যর্থঃ। উন্মনীভাবঃ উন্মন্যা ভাবো ভবনং কথং স্যান্ন কথমপীত্যর্থঃ। কার্য্যস্য কৈবল্যরূপস্য সিদ্ধিনিষ্পত্তিঃ কথং ভবেন্ন কথঞ্চিদপীত্যর্থঃ ॥ ৪ ॥

মানবের শরীরমধ্যে যত প্রকার মল আছে, তাহার সংশোধনই যোগসাধনের কারণ, ইহাই বিপরীতরূপে প্রদর্শন করিতেছেন। শরীরের মধ্যগত নাড়ী সকল মলে পরিব্যাপ্ত থাকিলে তাহাদিগের মধ্যে বায়ুর গমনাগমন হইতে পারে না, বায়ুর গমনাগমন বদ্ধ হইলে প্রাণবায়ু সুষুম্নামার্গে প্রবেশ করিতে সমর্থ হয় না. কিন্তু যদি নাড়ীসকল বিশুদ্ধ থাকে, তাহা হইলেই তাহাদিগের মধ্যে বায়ুসঞ্চরণ হইতে পারে। শারীরিক মলশোধন না হইলে কোনরূপেও উন্মনীভাব অর্থাৎ একাগ্রচিত্ততা হয় না এবং চিত্তের একাগ্রতা না হইলে যোগসাধনে কৃতকার্য্য হইতে পারে না ॥ ৪ ॥

শুদ্ধিমেতি যদা সর্ব্বং নাড়ীচক্রং মলাকুলম্।

তদৈব জায়তে যোগী প্রাণসংগ্রহণে ক্ষমঃ ॥ ৫ ॥

অন্বয়েনাপি মলশুদ্ধের্হঠসিদ্ধিহেতুত্বমাহ—শুদ্ধিমেতীতি। যদা যস্মিন্ কালে মলৈরাকুলং ব্যাপ্তং সর্ব্বং সমস্তং নাড়ীনাং চক্রং সমূহঃ শুদ্ধিং মলরাহিত্যমেতি প্রাপ্নোতি তদৈব তস্মিন্নেব কালে যোগী যোগাভ্যাসী প্রাণস্য গ্রহণে ক্ষমঃ সমর্থো জায়তে ॥ ৫ ॥

শারীরিক মলশোধন অবশ্য কর্ত্তব্য বিধায় পুনর্ব্বার তাহার উপযোগিতা প্রদর্শন করিতেছেন। যে সময়ে মলব্যাপ্ত নাড়ী সকল মলবিহীন হয়, সেই সময়েই যোগসাধনতৎপর সাধক প্রাণবায়ু ধারণকরিতে সমর্থ হয়, অর্থাৎ নাড়ী সকল নির্ম্মল হইলেই যোগী ব্যক্তি প্রাণায়াম করিতে পারে ॥ ৫ ॥

প্রাণায়ামং ততঃ কুর্য্যান্নিত্যং সাত্ত্বিকয়া ধিয়া।

যথা সুষুম্নানাড়ীস্থা মলাঃ শুদ্ধিং প্রয়ান্তি চ ॥ ৬ ॥

মলশুদ্ধিঃ কথং ভবতীত্যাকাঙ্ক্ষায়াং তচ্ছোধকং প্রাণায়ামমাহ।—প্রাণায়ামমিতি। যতো মলশুদ্ধিং বিনা প্রাণসংগ্রহণে ক্ষমো ন ভবতি ততস্তস্মাদীশ্বর-প্রণিধানোৎসাহসাদি-প্রযত্নাভিভূত-বিক্ষেপালস্যাদি-রাজসতামসধর্ম্ময়া সাত্ত্বিকয়া প্রকাশপ্রসাদশীলয়া ধিয়া বুদ্ধ্যা নিত্যং প্রাণায়ামং কুর্য্যাৎ। যথা যেন প্রকারেণ সুষুম্নানাড্যাং স্থিতা মলাঃ শুদ্ধিমপগমং প্রয়ান্তি নশ্যন্তীত্যর্থঃ ॥৬॥

কি কি কার্য্য করিলে নাড়ীর মলশোধন হইতে পারে, এই অভিপ্রায়ে মলশোধনের কারণ স্বরূপ প্রাণায়াম কথিত হইতেছে। যেহেতু শারীরিক মলশুদ্ধি না হইলে কোন ব্যক্তিই প্রাণধারণ করিতে পারে না, অতএব ঈশ্বরপ্রণিধানে উৎসাহ ও যত্নসহকারে চিত্তবিক্ষেপ আলস্য প্রভৃতি রাজস তামস ধর্ম্মকে অভিভূত করিয়া সাত্ত্বিক বুদ্ধিতে প্রাণায়াম করিবে। যে প্রকারে প্রাণায়াম করিলে সুষুম্নানাড়ীর মধ্যস্থিত মল সকল নিষ্ক্রান্ত হইয়া নাড়ীগুলি পরিশুদ্ধ হইতে পারে তাহাই করিবে ॥ ৬ ॥

বদ্ধপদ্মাসনো যোগী প্রাণং চন্দ্রেণ পূরয়েৎ।

ধারয়িত্বা যথাশক্তি ভূয়ঃ সূর্য্যেণ রেচয়েৎ ॥ ৭ ॥

মলশোধকপ্রাণায়ামপ্রকারমাহ—দ্বাভ্যাং বদ্ধপদ্মাসন ইতি। বদ্ধং পদ্মাসনং যেন তাদৃশো যোগী প্রাণং প্রাণবায়ুং চন্দ্রেণ চন্দ্রনাড্যেড়য়া পূরয়েৎ। শক্তিমনতিক্রম্য যথাশক্তি ধারয়িত্বা কুম্ভয়িত্বা। ভূয়ঃ পুনঃ সূর্য্যেণ সূর্য্যনাড্যা পিঙ্গলয়া রেচয়েৎ। বাহ্যবায়োঃ প্রযত্নবিশেষাদুপাদানং পূরকঃ। জালন্ধরাদিবন্ধপূর্ব্বকং প্রাণনিরোধঃ কুম্ভকঃ। কুম্ভিতস্য বায়োঃ প্রযত্নবিশেষাদ্গমনং রেচকং। প্রাণায়ামাঙ্গরেচকপূরকয়োরেবেমে লক্ষণে ইতি। ভস্ত্রাবল্লোহকারস্য রেচপূরৌ সম্রমাবিতি গৌণরেচকপূরকয়োর্নাব্যাপ্তিঃ তয়োর্লক্ষ্যত্বাভাবাৎ ॥ ৭ ॥

এইক্ষণ শ্লোকদ্বয়ে মলশোধনকারী প্রাণায়ামের প্রকার গত বিশেষ নিরূপণ করিতেছেন। যোগিগণ প্রথমতঃ পদ্মাসনবন্ধনপূর্ব্বক উপবিষ্ট হইয়া বামনাসিকাদ্বারা বায়ু পূরণ করিবে, তৎপরে যথাশক্তি সেই প্রাণবায়ুর ধারণস্বরূপ কুম্ভক করিয়া পুনর্ব্বার দক্ষিণনাসিকায় বায়ু রেচন করিবে ॥ ৭ ॥ *

প্রাণং সূর্য্যেণ চাকৃষ্য পূরয়েদুদরং শনৈঃ।

বিধিবৎকুম্ভকং কৃত্বা পুনশ্চন্দ্রেণ রেচয়েৎ ॥ ৮ ॥

প্রাণমিতি—সূর্য্যেণ সূর্য্যনাড্যা পিঙ্গলয়া প্রাণমাকৃষ্য গৃহীত্বা শনৈর্ম্মন্দং মন্দমুদরং জঠরং পূরয়েৎ। বিধিবদ্বন্ধপূর্ব্বকং কুম্ভকং কৃত্বা পুনর্ভূয়শ্চন্দ্রেণেড়য়া রেচয়েৎ ॥ ৮ ॥

তৎপরে সূর্য্য নাড়ী অর্থাৎ দক্ষিণ নাসিকাদ্বারা বায়ু গ্রহণ করিতে

* বিশেষ যত্নসহকারে প্রাণবায়ু গ্রহণ করাকে পূরক বলা যায়, জালন্ধর বন্ধ অব লম্বনপূর্ব্বক সেই পূরিত বায়ুধারণকরার নাম কুম্ভক এবং সেই কুম্ভকীকৃত বায়ুর যে নিঃসরণ তাহাকে রেচন বলিয়া থাকে।

করিতে ক্রমশ উদরপরিপূর্ণ করিবে এবং যথাশক্তি কুম্ভক করিয়া চন্দ্রনাড়ী অর্থাৎ বামনাসিকাদ্বারা বায়ু রেচন করিবে ॥ ৮ ॥

যেন ত্যজেত্তেন পীত্বা ধারয়েদতিরোধতঃ।
রেচয়েচ্চ ততোঽন্যেন শনৈরেব ন বেগতঃ ॥ ৯ ॥

উক্তে প্রাণায়ামে বিশেষমাহ—যেনেতি। যেন চন্দ্রেণ সূর্য্যেণ বা ত্যজেদ্রেচয়েত্তেন পীত্বা তেনৈব পূরয়িত্বা। অতিরোধতোঽতিশয়িতেন রোধেন স্বেদকম্পাদিজননপর্য্যন্তেন। সার্ব্ববিভক্তিকস্তসিল্। যেন পূরকস্ততোঽন্যেন শনৈ রেচয়েন্ন তু বেগতঃ। বেগাদ্রেচনে বলহানিঃ স্যাৎ। যেন পূরকঃ কৃতস্তেন রেচকো ন কর্ত্তব্যঃ। যেন রেচকঃ কৃতস্তেনৈব পূরকঃ কর্ত্তব্য ইতি ভাবঃ ॥ ৯ ॥

এইক্ষণ প্রাণায়ামের বিশেষ নিরূপণ করিতেছেন, বাম অথবা দক্ষিণ-নাসিকার মধ্যে যে সময় যে নাসিকায় বায়ু রেচন করিবে, সেই সময় সেই নাসিকায় বায়ু পূরণ করিয়া কুম্ভক করিবে। কুম্ভক করিয়া থাকিলে যাবৎ গাত্রকম্প কিম্বা ঘর্ম্মোদ্গম না হয়, তাবৎকাল কুম্ভক করিয়া থাকিবে। পরে যে নাসিকাদ্বারা পূরণ করা হইয়াছিল, তাহার অন্য নাসিকাদ্বারা ক্রমে ক্রমে বায়ু রেচন করিবে, কিন্তু একদা অধিক বেগে বায়ু রেচন করিবে না, তাহা করিলে সাধকের শারীরিক বলহানি হয়। অতএব জানা যাইতেছে যে, যে সময় যে নাসিকাদ্বারা বায়ু পূরণ করিবে, সেই সময় সেই নাসিকাদ্বারা বায়ু রেচন করিবে না। কিন্তু যে সময় যে নাসিকাদ্বারা বায়ু রেচন করা যায়, সেই সময় সেই নাসিকাদ্বারা বায়ু পূরণ করিবে ॥ ৯ ॥

প্রাণং চেদিড়য়া পিবেন্নিয়মিতং ভূয়োঽন্যয়া রেচয়েৎ পীত্বা পিঙ্গলয়া সমীরণমথো বদ্ধা ত্যজেদ্বামযা। সূর্য্যাচন্দ্রমসোরনেন বিধিনাভ্যাসং সদা তন্বতাং শুদ্ধা নাড়ীগণা ভবন্তি যমিনাং মাসত্রয়াদূর্দ্ধতঃ ॥ ১০ ॥

বদ্ধপদ্মাসন ইত্যাদ্যুক্তমর্থং পিণ্ডীকৃত্যাম্বদন্ প্রাণায়ামস্যাবান্তরফলমাহ—প্রাণমিতি। চেদিড়য়া বামনাড্যা প্রাণং পিবেৎ পূরয়েত্তর্হি নিয়মিতং কুম্ভিতং প্রাণং ভূয়ঃ পুনরন্যয়া পিঙ্গলয়া রেচয়েৎ। পিঙ্গলয়া দক্ষনাড্যা সমীরণং বায়ুং পীত্বা পূরয়িত্বাথো পূরণানন্তরং বদ্ধা কুম্ভয়িত্বা বামযেড়য়া ত্যজেদ্রেচয়েৎ। সূর্য্যশ্চ চন্দ্রমাশ্চ সূর্য্যাচন্দ্রমসৌ তয়োঃ। দেবতাদ্বন্দ্বে চেত্যানঙ। অনেনোক্তেন বিধিনা প্রকারেণ সদা নিতমভ্যসেৎ। চন্দ্রেণাপূর্য্য কুম্ভয়িত্বা সূর্য্যেণ রেচয়েৎ সূর্য্যেণাপূর্য্য কুম্ভয়িত্বা চন্দ্রেণ রেচয়েদিত্যাকারকং তন্বতাং বিস্তারয়তাং যমিনাং যমবতাং নাড়ীগণা নাড়ীসমূহা মাসত্রয়াদূর্দ্ধতো মাসানাং ত্রয়ং তস্মাদুপরি শুদ্ধা মলরহিতা ভবন্তি ॥ ১০ ॥

অনন্তর প্রাণায়ামের বিশেষ ফল কহিতেছেন। যদি কোন সাধক বামনাসিকাদ্বারা বায়ু পূরণ করিয়া যথাশক্তি কুম্ভকপূর্ব্বক পরে দক্ষিণ-নাসিকাদ্বারা সেই বায়ু রেচন করে ও পুনর্ব্বার দক্ষিণনাসিকাদ্বারা বায়ু পূরণ করত কুম্ভক করিয়া বামনাসিকাদ্বারা রেচন করে, এইরূপে বামদক্ষিণ-নাসিকায় বায়ুর পূরণ, কুম্ভক ও রেচনরূপ প্রাণায়াম অভ্যাস করে, তাহা হইলে তিনমাসের পরে অর্থাৎ তিনমাস পর্য্যন্ত এইরূপ প্রাণায়াম অভ্যাস করিলে সেই সাধকের নাড়ী সকল পরিশুদ্ধ হয়, তখন তাহার শরীরস্থ নাড়ীতে কোনরূপ মল থাকিতে পারে না ॥ ১০ ॥

প্রাতর্ম্মধ্যন্দিনে সায়মর্দ্ধরাত্রে চ কুম্ভকান্।
শনৈরশীতিপর্য্যন্তং চতুর্ব্বারং সমভ্যসেৎ ॥ ১১ ॥

অথ প্রাণায়ামাভ্যাসকালঃ তদবধিঞ্চাহ—প্রাতরিতি। প্রাতররুণোদয়মারভ্য সূর্য্যোদয়াদ্ঘটিকাত্রয়পর্য্যন্তে প্রাতঃকালে মধ্যন্দিনে মধ্যাহ্নে পঞ্চধা বিভক্তস্য দিনস্য মধ্যভাগে সায়ং সন্ধ্যাত্রিনাড়ীপ্রমিতকালস্তদবস্তাদূর্দ্ধং চেত্যুক্তলক্ষণে সন্ধ্যাকালে রাত্রেরর্দ্ধরাত্রং তস্মিন্নর্দ্ধরাত্রে রাত্রের্ম্মধ্যে মুহূর্ত্তদ্বয়ে চ শনৈরশীতিপর্য্যন্তমশীতিসংখ্যাবধি চতুর্ব্বারং বারচতুষ্টয়ং কালাধ্বনোরত্যন্তসংযোগে ইতি দ্বিতীয়া। চতুর্ষু কালেম্বেকৈকস্মিন্ কালেঽশীতিপ্রাণায়ামাঃ কার্য্যাঃ। অর্দ্ধরাত্রে কর্ত্তুমশক্তশ্চেৎত্রিসন্ধ্যং কর্ত্তব্যাঃ ইতি সম্প্রদায়ঃ। চতুর্ব্বারং কৃতাশ্চেদ্দিনে দিনে বিংশত্যধিকশতত্রয়পরিমিতাঃ প্রাণায়ামা ভবন্তি। বারত্রয়ং কৃতাশ্চেচ্চত্বারিংশদধিকশতদ্বয়পরিমিতা ভবন্তি ॥ ১১ ॥

এইক্ষণ প্রাণায়ামের সময় এবং কতকাল প্রাণায়াম করিতে হইবে, তাহাই বলিতেছেন, প্রাতঃকালে সূর্য্যোদয় হইতে তিন ঘটিকা, মধ্যাহ্নে অর্থাৎ পঞ্চভাগে বিভক্ত দিবসের মধ্যভাগে তিন ঘটিকা এবং সায়াহ্নে তিন ঘটিকা ও অর্দ্ধরাত্রি সময়ে তিন ঘটিকাকাল প্রাণায়াম করিবে। সাম্প্রদায়িক মতে অর্দ্ধ রাত্রি সময়ে প্রাণায়াম করিতে অশক্ত হইলে প্রাতঃকালে, মধ্যাহ্ন সময়ে ও সায়ংকালে এই তিন সময়ে প্রাণায়াম করিলেও কার্য্যসিদ্ধি হইবে। এই প্রাণায়ামে প্রত্যেক সময়ে অশীতিবার করিয়া প্রাণায়াম করিতে হইবে, ইহাতে দিবারাত্রির মধ্যে চারি সময়ে প্রাণায়াম করিলে ৩২০ বার আর তিন সময়ে করিলে ২৪০ বার প্রাণায়াম হয় ॥ ১১ ॥

কনীয়সি ভবেৎ স্বেদঃ কম্পো ভবতি মধ্যমে।
উত্তমে স্থানমাপ্নোতি ততো বায়ুং নিবন্ধয়েৎ ॥ ১২ ॥

কনিষ্ঠমধ্যমোত্তমানাং প্রাণায়ামানাং ক্রমেণ ব্যাপকবিশেষমাহ—কনীয়সীতি। কনিষ্ঠে প্রাণায়ামে স্বেদঃ প্রস্বেদো ভবেদ্ভবতি। স্বেদাস্থ্যমেয়ঃ কনিষ্ঠঃ। মধ্যমে প্রাণায়ামে কম্পো ভবতি। কম্পাস্থ্যমেয়ো মধ্যমঃ। উত্তমে প্রাণায়ামে স্থানং ব্রহ্মরন্ধ্রমাপ্নোতি। স্থানপ্রাপ্ত্যস্থ্যমেয় উত্তমঃ। ততস্তস্মাদ্বায়ুং প্রাণং নিবন্ধয়েন্নিতরাং বন্ধয়েৎ। কনিষ্ঠাদীনাং লক্ষণমুক্তং লিঙ্গপুরাণে। প্রাণায়ামস্য মানস্তু মাত্রাদ্বাদশকং স্মৃতং। নীচো দ্বাদশমাত্রস্তু সকৃদুদ্ঘাত ঈরিতঃ। মধ্যমস্তু দ্বিরুদ্ঘাতশ্চতুর্ব্বিংশতিমাত্রকঃ। মুখ্যস্তু যস্ত্রিরুদ্ঘাতঃ ষট্‌ত্রিংশন্মাত্র উচ্যতে। প্রস্বেদকম্পনোত্থানজনকশ্চ যথাক্রমং। আনন্দো জায়তে চাত্র নিদ্রা ঘূর্ণস্তথৈব চ। রোমাঞ্চো ধ্বনিসংবিত্তিরঙ্গমোটনকম্পনং। শ্রবণস্বেদজল্পাদ্যং সম্বিন্মূর্চ্ছাং জয়েদ্যদা। তদোত্তম ইতি প্রোক্তঃ প্রাণায়ামঃ সুশোভন ইতি। ধূমশ্চিত্তান্দোলনং গোরক্ষোঽপি। অধমে দ্বাদশ প্রোক্তা মধ্যমে দ্বিগুণাঃ স্মৃতাঃ। উত্তমে ত্রিগুণা মাত্রাঃ প্রাণায়ামে দ্বিজোত্তমৈঃ। উদ্ঘাতলক্ষণস্তু প্রাণেনোৎসার্য্যমাণেন অপানঃ পীড্যতে যদা। গত্বা চোর্দ্ধং নিবর্ত্তেত এতদুদ্ঘাতলক্ষণং। মাত্রামাহ যাজ্ঞবল্ক্যঃ অঙ্গুষ্ঠাঙ্গুলিমোক্ষং ত্রিস্ত্রির্জ্জানুপরিমার্জ্জনং। তালত্রয়মপি প্রাজ্ঞা মাত্রাসংজ্ঞাং প্রচক্ষতে। স্কন্দপুরাণে একশ্বাসময়ী মাত্রা প্রাণায়ামো নিগদ্যতে। এতদ্ব্যাখ্যাতং যোগচিন্তামণৌ। নিদ্রাবশঙ্গতস্য পুংসো যাবতা

কালনৈকশ্বাসো গচ্ছত্যাগচ্ছতি চ তাবৎকালং প্রাণায়ামস্য মাত্রেত্যুচ্যতে ইতি। অর্দ্ধশ্বাসাধিকদ্বাদশশ্বাসাবচ্ছিন্নঃ কালঃ প্রাণায়ামকালঃ। ষড়্ভিঃ শ্বাসৈরেকং পলং ভবতি। এবঞ্চ সার্দ্ধশ্বাসপলদ্বয়াত্মকঃ কালঃ প্রাণায়ামকালঃ সিদ্ধঃ। সার্দ্ধদ্বাদশমাত্রান্বিতঃ প্রাণায়ামো যঃ স এবোত্তমঃ প্রাণায়াম ইত্যুচ্যতে। ন চ পূর্ব্বোদাহৃতলিঙ্গপুরাণগোরক্ষবাক্যবিরোধঃ। তত্র দ্বাদশমাত্রকস্য প্রাণায়ামস্যাধমত্বোক্তেরিতি শঙ্কনীয়ং। জানুং প্রদক্ষিণীকুর্য্যান্ন দ্রুতং ন বিলম্বিতং। প্রদদ্যাচ্ছোটিকাং যাবত্তাবন্মাত্রেতি গীয়ত ইতি স্কন্দপুরাণাৎ। অঙ্গুষ্ঠাঙ্গুলিমোক্ষঞ্চ জান্বোশ্চ পরিমার্জ্জনং। প্রদদ্যাচ্ছোটিকাং যাবত্তাবন্মাত্রেতি গীয়তে ইতি চ স্কন্দপুরাণাৎ। অঙ্গুষ্ঠো মাত্রা সাধ্যাযতে তদেতি দত্তাত্রেয়বচনাচ্চ। লিঙ্গপুরাণগোরক্ষাদিবাক্যেষ্বেক ছোটিকাবচ্ছিন্নস্য কালস্য মাত্রাত্বেন বিবক্ষিতত্বাৎ। যাজ্ঞবল্ক্যাদিবাক্যেষু ছোটিকাত্রয়াবচ্ছিন্নস্য কালস্য মাত্রাত্বেন বিবক্ষণাৎ ত্রিগুণস্যাধমস্যোত্তমত্বং তত্রাপ্যুক্তমিত্যবিরোধঃ। সর্ব্বেষু যোগসাধনেষু প্রাণায়ামো মুখ্যস্তৎসিদ্ধৌ প্রত্যাহারাদীনাং সিদ্ধেঃ। তদসিদ্ধৌ প্রত্যাহারাদ্যসিদ্ধেশ্চ। বস্তুতস্তু প্রাণায়াম এব প্রত্যাহারাদিশব্দৈর্নিগদ্যতে। তথা চোক্তং যোগচিন্তামণৌ। প্রাণায়াম এবাভ্যাসক্রমেণ বর্দ্ধমানঃ প্রত্যাহারধ্যানধারণাসমাধিশব্দৈরুচ্যত ইতি। তদুক্তং স্কন্দপুরাণে—প্রাণায়ামদ্বিষট্‌কেন প্রত্যাহার উদাহৃতঃ। প্রত্যাহারদ্বিষট্‌কেন ধারণা পরিকীর্ত্তিতা। ভবেদীশ্বরসঙ্গত্যৈ ধ্যানং দ্বাদশধারণং। ধ্যানদ্বাদশকেনৈব সমাধিরভিধীয়তে। যৎসমাধৌ পরং জ্যোতিরনন্তং স্বপ্রকাশকং। তস্মিন্ দৃষ্টে ক্রিয়াকাণ্ডযাতায়াতং নিবর্ত্তত ইতি। তথা ধারণা পঞ্চনাড়ীভির্ধ্যানং স্যাৎ ষষ্টিনাড়িকং। দিনদ্বাদশকেন স্যাৎ সমাধিঃ প্রাণসংযমাদিতি চ। গোরক্ষাদিভিরপ্যেবমেবোক্তং অত্রৈব ব্যবস্থা। কিঞ্চিদূনদ্বিচত্বারিংশদ্বিপলাত্মকঃ কনিষ্ঠপ্রাণায়ামকালঃ অয়মেবৈকচ্ছোটিকাবচ্ছিন্নস্য কালস্য মাত্রাত্ববিবক্ষয়া দ্বাদশমাত্রকঃ কালঃ। কিঞ্চিদূনচতুরশীতিবিপলাত্মকো মধ্যমপ্রাণায়ামকালঃ। অয়মেকচ্ছোটিকাবচ্ছিন্নস্য কালস্য মাত্রাত্ববিবক্ষয়া চতুর্ব্বিংশতিমাত্রকঃ। পঞ্চবিংশত্যুত্তরশতবিপলাত্মক উত্তমঃ প্রাণায়ামকালঃ। অয়মেকচ্ছোটিকাবচ্ছিন্নস্য কালস্য মাত্রাত্ববিবক্ষয়া ষট্‌ত্রিংশন্মাত্রকঃ কালঃ। ছোটিকাত্রয়াবচ্ছিন্নস্য কালস্য মাত্রাত্ববিবক্ষয়া তু দ্বাদশমাত্রক এব। বদ্ধপূর্ব্বকং পঞ্চবিংশত্যুত্তরশতবিপলপর্য্যন্তং যদা প্রাণায়ামস্থৈর্য্যং ভবতি তদা প্রাণো ব্রহ্মরন্ধ্রেণ গচ্ছতি। ব্রহ্মরন্ধ্রং গতঃ প্রাণো যদা পঞ্চবিংশতিপলপর্য্যন্তং তিষ্ঠতি তদা প্রত্যাহারঃ। যদা পঞ্চঘটিকাপর্য্যন্তং তিষ্ঠতি তদা ধারণা। যদা ষষ্টিঘটিকাপর্য্যন্তং তিষ্ঠতি তদা ধ্যানং। যদা দ্বাদশদিনপর্য্যন্তং তিষ্ঠতি তদা সমাধির্ভবতীতি সর্ব্বং রমণীয়ং ॥ ১২ ॥

প্রাণায়াম তিন প্রকার কথিত আছে, যথাঃ—কনিষ্ঠ, মধ্যম ও উত্তম। এই তিন প্রকার প্রাণায়ামের বিশেষ এই যে, প্রাণায়াম করিতে করিতে সাধকের গাত্রে ঘর্ম্মোদ্গম হয়, তাহাই কনিষ্ঠ প্রাণায়াম, ইহাতে একবার উদ্ঘাত হয় *। যে প্রাণায়ামকালে সাধকের গাত্রকম্প উপস্থিত হয়, তাহার নাম মধ্যম প্রাণায়াম, এই প্রাণায়ামে দুইবার উদ্ঘাত হয়। আর প্রাণায়াম করিতে করিতে যদি সাধকের প্রাণ ব্রহ্মরন্ধ্র প্রাপ্ত হয়, তাহা হইলে সেই প্রাণায়ামকে উত্তম প্রাণায়াম বলা যায়। ইহাতে তিনবার উদ্ঘাত হইয়া থাকে। যতকাল অভ্যাস করিলে প্রাণায়াম সাধিত না হয়, ততকাল পুনঃপুনঃ প্রাণায়াম করিতে থাকিবে। লিঙ্গপুরাণে এই ত্রিবিধ প্রাণায়ামের অন্যরূপ লক্ষণ উক্ত আছে। দ্বাদশমাত্রায় যে প্রাণায়াম করা যায়, তাহার নাম কনিষ্ঠ প্রাণায়াম, চতুর্ব্বিংশতি মাত্রায় যে প্রাণায়াম হয়, তাহাকে মধ্যম প্রাণায়াম বলা যায় এবং ষট্‌ত্রিংশন্মাত্রায় প্রাণায়াম করিলে তাহা উত্তম প্রাণায়াম বলিয়া কথিত হয়। ইহাদিগের মধ্যেও কনিষ্ঠ প্রাণায়ামে ঘর্ম্ম, মধ্যম প্রাণায়ামে কম্প এবং উত্তম প্রাণায়ামে প্রাণের ব্রহ্মরন্ধ্র প্রাপ্তি হইয়া থাকে। উত্তম প্রাণায়াম সাধিত হইলে সাধকের বিশেষ আনন্দ জন্মে, নিদ্রার লাঘব হয়, আর চিত্তের আন্দোলন, ধ্বনিশ্রবণ, অঙ্গসঙ্কোচ ও শরীরে কম্প হইতে থাকে। যখন ধ্বনিশ্রবণ, ঘর্ম্মোদ্গম ও উত্তম জ্ঞান জন্মে, কোন প্রকার মূর্চ্ছা থাকে না, তখনই উত্তম প্রাণায়াম সাধিত হইল জানা যায়। গোরক্ষসংহিতায় লিখিত আছে যে, কনিষ্ঠ প্রাণায়ামে দ্বাদশমাত্রা, মধ্যম প্রাণায়ামে তাহার দ্বিগুণ অর্থাৎ চতুর্ব্বিংশতি মাত্রা এবং উত্তম প্রাণায়ামে ত্রিগুণ মাত্রা জানিবে। মাত্রা লক্ষণ বিষয়ে যাজ্ঞবল্ক্য বলিয়াছেন যে, অঙ্গুষ্ঠাঙ্গুলির মোচন, তিনবার জানুপরিমার্জ্জন এবং তালত্রয় ইহাদিগকেই জ্ঞানিগণ মাত্রা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। যোগচিন্তামণিতে যে স্কন্দপুরাণের বচন লিখিত আছে, তাহাতে জানা যায় যে, নিদ্রিত পুরুষের শ্বাসপ্রশ্বাসে যে সময় লাগে, তাহাই প্রাণায়ামের কাল বলা যায়, আর ছয় শ্বাসে এক পল হয়, সুতরাং সার্দ্ধ দুই পলই প্রাণায়ামের কাল বলিয়া নিশ্চিত হইল। অতএব জানা যাইতেছে যে, সার্দ্ধ দ্বাদশ মাত্রায় যে প্রাণায়াম হয়, তাহাই উত্তম প্রাণায়াম। ইহাতে পূর্ব্বোক্ত লিঙ্গপুরাণের বচন ও গোরক্ষ বচনের বিরোধ মীমাংসিত হইল। পরন্তু পূর্ব্বে যে দ্বাদশমাত্রাবিশিষ্ট প্রাণায়ামই অধম প্রাণায়াম বলিয়া কথিত আছে, এই আশঙ্কা হইতে পারে। স্কন্দপুরাণের বচনে জানা যায় যে, অনতিদ্রুত ও অনতিবিলম্বভাবে জানুপ্রদক্ষিণ করিয়া ছোটিকামুদ্রা বন্ধনপূর্ব্বক অর্থাৎ অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী ধ্বনি করত প্রাণায়াম করিবে। স্কন্দপুরাণে লিখিত আছে যে, অঙ্গুষ্ঠাঙ্গুলির মোচন ও জানুপরিমার্জ্জন করিয়া ছোটিকা মুদ্রায় পূর্ব্বোক্ত মাত্রানুসারে প্রাণায়াম করিবে। বাস্তবিক লিঙ্গপুরাণে ও গোরক্ষাদির বচনেও এক এক ছোটিকার কালই প্রাণায়ামের মাত্রা নির্দ্ধারিত আছে। যাজ্ঞবল্ক্য বচনেও এই মত প্রকটিত হইয়াছে। পরন্তু যত প্রকার যোগসাধন আছে, তাহাদিগের মধ্যে প্রাণায়ামই প্রধান সাধন। যেহেতু একমাত্র প্রাণায়াম সাধিত হইলেই প্রত্যাহারাদি সিদ্ধ হইয়া থাকে। বস্তুত প্রত্যাহারাদি শব্দেও প্রাণায়ামই কথিত হয়। যোগচিন্তামণিগ্রন্থে লিখিত আছে যে, প্রাণায়ামই ক্রমশ বৃদ্ধি পাইলে প্রত্যাহার, ধারণা, ধ্যান ও সমাধি শব্দে কথিত হইয়া থাকে। স্কন্দপুরাণে লিখিত আছে যে, দ্বাদশ প্রাণায়ামে এক প্রত্যাহার, দ্বাদশ প্রত্যাহারে এক ধারণা ও দ্বাদশ ধারণাতে এক ধ্যান হয় এবং দ্বাদশ ধ্যানেই সমাধি হইয়া থাকে। এই সমাধি উপস্থিত হইলেই স্বপ্রকাশমান পরমজ্যোতি প্রকাশ পায়। এই পরমজ্যোতির দর্শন হইলেই সাধকের ক্রিয়াকাণ্ড ও সংসারে পুনরাবৃত্তি নিবৃত্তি হয়। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, পঞ্চঘটিকাকাল প্রাণায়াম করিলে ধারণা হয়। ষষ্টি ঘটিকা প্রাণায়ামে ধ্যান এবং দ্বাদশ দিবস প্রাণসংযম করিতে পারিলেই

* প্রাণবায়ু উৎক্রমমাণ হইয়া যে অপান বায়ুকে পাতিতকরে এবং ঊর্দ্ধে গমন করিয়া নিবৃত্ত হয়, তাহাই উদ্ঘাত বলিয়া শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে। কনিষ্ঠ, মধ্য ও উত্তম প্রাণায়ামে যথাক্রমে একবার, দুইবার ও তিনবার এইরূপ হইয়া থাকে।

সমাধি হইয়া থাকে। গোরক্ষ প্রভৃতি যোগিগণও এইরূপ বলিয়া থাকেন। এইক্ষণ নিশ্চিত হইল যে, কিঞ্চিদূন দ্বিচত্বারিংশৎ পলমাত্র কনিষ্ঠ প্রাণায়ামের কাল, কিঞ্চিদূন চতুরশীতি পল সময়ই মধ্যম প্রাণায়ামের কাল এবং পঞ্চবিংশাধিক শত পল সময়ই উত্তম প্রাণায়ামের কাল জানিবে। এইক্ষণ ইহাই জানা যাইতেছে যে, যখন পঞ্চবিংশাধিকশতসংখ্যক পল প্রাণসংযম হয়, তখনই প্রাণের ব্রহ্মরন্ধ্রে গমন হয়। আর পঞ্চবিংশতি পল প্রাণায়াম হইলেই প্রত্যাহার হয়। যখন পঞ্চঘটিকাকাল প্রাণ ব্রহ্মরন্ধ্রে অবস্থান করে, তখন ধারণা হয়, যখন ষষ্টিঘটিকা কাল প্রাণ ব্রহ্মরন্ধ্রে অবস্থিত হয়, তখন ধ্যান হয়, আর যখন প্রাণ দ্বাদশ দিবস ব্রহ্মরন্ধ্রে অবস্থান করে তখনই সাধকের সমাধি হয়॥ ১২॥

জলেন শ্রমজাতেন গাত্রমর্দ্দনমাচরেৎ।
দৃঢ়তা লঘুতা চৈব তেন গাত্রস্য জায়তে॥ ১৩॥

প্রাণায়ামানভ্যসতঃ স্বেদেজাতে বিশেষমাহ—জলেনেতি। শ্রমাৎ-প্রাণায়ামাভ্যাসশ্রমাজ্জাতং তেন জলেন প্রস্বেদেন গাত্রস্য শরীরস্য মর্দ্দনং তৈলাভ্যঙ্গবদাচরেৎ কুর্য্যাৎ। তেন মর্দ্দনেন গাত্রস্য দৃঢ়তা দার্ঢ্যং লঘুতা জাড্যাভাবো জায়তে প্রাদুর্ভবতি॥ ১৩॥

যখন প্রাণায়াম করিতে করিতে সাধকের শরীরে ঘর্ম্ম হইতে থাকে, তখন সেই ঘর্ম্মজলদ্বারা তৈলমর্দ্দনের ন্যায় গাত্রমর্দ্দন করিবে, এইরূপ করিলেই সাধকের শরীর লঘু ও দৃঢ় হয় এবং শরীরে কোনরূপ জড়তা থাকে না॥ ১৩॥

অভ্যাসকালে প্রথমে শস্তং ক্ষীরাজ্যভোজনম্।
ততোঽভ্যাসে দৃঢ়ীভূতে ন তাদৃঙ্ নিয়মগ্রহঃ॥ ১৪॥

অথ প্রথমোত্তরাভ্যাসয়োঃ ক্ষীরাদিনিয়মানাহ—অভ্যাসকাল ইতি। ক্ষীরং দুগ্ধমাজ্যং ঘৃতং তদ্যুক্তং ভোজনং ক্ষীরাজ্যভোজনং। শাকপার্থিবাদিবৎ সমাসঃ। কেবলে কুম্ভকে সিদ্ধেঽভ্যাসো দৃঢ়ো ভবতি স্পষ্টমন্তৎ॥ ১৪॥

প্রাণায়ামের প্রথম অভ্যাসকালে দুগ্ধ ও ঘৃতমিশ্রিত অন্ন ভোজন করিবে। পরে যখন প্রাণায়াম করিতে করিতে অভ্যাস দৃঢ়ীভূত হয়, অর্থাৎ সাধকের কুম্ভক সিদ্ধ হয়, তখন আর উক্তরূপ নিয়ম পালনের আবশ্যক নাই, অর্থাৎ দুগ্ধ ও ঘৃতমিশ্রিত অন্ন ভোজন না করিলেও কোন দোষ হইতে পারে না॥ ১৪॥

যথা সিংহো গজো ব্যাঘ্রো ভবেদ্বশ্যঃ শনৈঃ শনৈঃ
তথৈব সেবিতো বায়ুরন্যথা হন্তি সাধকম্॥ ১৫॥

সিংহাদিবচ্ছনৈরেব প্রাণং বশয়েন্ন সহসেত্যাহ—যথেতি। যথা যেন প্রকারেণ সিংহো মৃগেন্দ্রো গজো বনহস্তী ব্যাঘ্রঃ শার্দ্দূলঃ শনৈঃ শনৈরেব বশ্যঃ স্বাধীনো ভবেন্ন সহসা তথৈব তেনৈব প্রকারেণ সেবিতোঽভ্যস্তো বায়ুঃ প্রাণো বশ্যো ভবেৎ। অন্যথা সহসা গৃহ্যমাণঃ সাধকমভ্যাসিনং হন্তি সিংহাদিবৎ॥ ১৫॥

প্রাণায়াম সাধনকালে ক্রমে ক্রমে অভ্যাস করিতে হয়। যেমন সিংহ, হস্তী, ব্যাঘ্র প্রভৃতিকে বশীকৃত করিতে হইলে ক্রমে ক্রমে তাহাদিগকে বশ করিতে হয়, সেইরূপ ক্রমে ক্রমেই প্রাণায়াম অভ্যাস করিবে, অন্যথা হঠাৎ সিংহাদিকে বশীভূত করিতে গেলে যেমন তাহারা বশীকারককে বিনাশকরে, সেইরূপ একদা অধিক প্রাণায়াম করিলেও সাধকের বিশেষ অনিষ্ট হইবার সম্ভব আছে॥ ১৫॥

প্রাণায়ামাদিযুক্তেন সর্ব্বরোগক্ষয়ো ভবেৎ।
অযুক্তাভ্যাসযোগেন সর্ব্বরোগসমুদ্ভবঃ॥ ১৬॥

যুক্তাযুক্তয়োঃ ফলমাহ—প্রাণায়ামেনেতি। আহারাদিযুক্তিপূর্ব্বকো জালন্ধরাদিবন্ধযুক্তিবিশিষ্টঃ প্রাণায়ামো যুক্ত ইত্যুচ্যতে। তেন সর্ব্বরোগক্ষয়ঃ সর্ব্বেষাং রোগাণাং ক্ষয়ো নাশো ভবেৎ। অযুক্ত উক্তযুক্তিরহিতো যোঽভ্যাসস্তদ্যুক্তেন প্রাণায়ামেন সর্ব্বরোগসমুদ্ভবঃ সর্ব্বেষাং রোগাণাং সম্যগুদ্ভব উৎপত্তির্ভবেৎ॥ ১৬॥

প্রাণায়ামের অভ্যাসকালে যথানিয়মে আহার ও জালন্ধর বন্ধ করিয়া প্রাণায়াম করিবে, এইরূপ করিলে সাধকের সকলপ্রকার রোগ বিনাশ পায়। আর যদি কেহ যথোক্ত নিয়ম পালন না করিয়া প্রাণায়াম অভ্যাস করিতে প্রবৃত্ত হয়, তাহা হইলে সাধকের অনেক প্রকার রোগ জন্মিয়া থাকে॥ ১৬॥

হিক্কা শ্বাসশ্চ কাশশ্চ শিরঃকর্ণাক্ষিবেদনাঃ।
ভবন্তি বিবিধা রোগাঃ পবনস্য প্রকোপতঃ॥ ১৭॥

অযুক্তেন প্রাণায়ামেন কে রোগা ভবন্তীত্যপেক্ষায়ামাহ। হিক্কেতি—হিক্কাশ্বাসকাসা রোগবিশেষাঃ শিরশ্চ কর্ণৌ চাক্ষিণী চ শিরঃকর্ণাক্ষি বেদনাঃ শিরঃকর্ণাক্ষিবেদনা বিবিধা নানাবিধা রোগা অরাদয়ঃ। পবনস্য বায়োঃ প্রকোপতো ভবন্তি॥ ১৭॥

অনিয়মে প্রাণায়াম অভ্যাস করিলে সাধকের অনেকপ্রকার রোগ হয়। যে ব্যক্তি কথিত নিয়ম পালন না করিয়া প্রাণায়াম করে, তাহার বায়ু কুপিত হয়, সুতরাং সাধকের হিক্কা, শ্বাস, কাস, শিরঃপীড়া ও কর্ণশূল প্রভৃতি অনেকপ্রকার রোগ জন্মিয়া থাকে॥ ১৭॥

যুক্তং যুক্তং ত্যজেদ্বায়ুং যুক্তং যুক্তঞ্চ পূরয়েৎ॥
যুক্তং যুক্তঞ্চ বধ্নীয়াদেবং সিদ্ধিমবাপ্নুয়াৎ॥ ১৮॥

যতঃ পবনস্য প্রকোপতো বিবিধা রোগা ভবন্ত্যতো যুক্তং যুক্তমিতি—বায়ুং প্রাণং যুক্তং যুক্তং ত্যজেৎ। রেচনকালে শনৈঃ শনৈরেব রেচয়েন্ন বেগতঃ ইত্যর্থঃ। যুক্তং যুক্তং ন চাল্পং নাধিকং চ পূরয়েৎ। যুক্তং যুক্তং চ জালন্ধরবন্ধাদিযুক্তং বধ্নীয়াৎ কুম্ভয়েৎ। এবমভ্যসেচ্চেৎ সিদ্ধিং হঠসিদ্ধিমবাপ্নুয়াৎ॥ ১৮॥

যেহেতু অনিয়মে প্রাণায়াম করিলে বায়ু প্রকুপিত হইয়া নানাপ্রকার রোগ উৎপাদনকরে, অতএব বায়ুপূরণকালে অল্পে অল্পে পূরণ, কুম্ভককালে অল্পে অল্পে কুম্ভক এবং রেচনকালেও ক্রমে ক্রমে রেচন অভ্যাস করিবে। এই সকল নিয়ম পালন করিয়া প্রাণায়াম অভ্যাস করিলেই সাধক সিদ্ধি লাভ করিতে পারে॥ ১৮॥

যদা তু নাড়ীশুদ্ধিঃ স্যাত্তথা চিহ্নানি বাহ্যতঃ।
কায়স্য কৃশতা কান্তিস্তদা জায়েত নিশ্চিতম্॥ ১৯॥

যুক্তঃ প্রাণায়ামমভ্যসতো জায়মানায়া নাড়ীশুদ্ধের্লক্ষণমাহ দ্বাভ্যাং। যদাত্বিতি—যদা তু যস্মিন্ কালে তু নাড়ীনাং শুদ্ধির্ম্মলরাহিত্যং স্যাত্তদা বাহ্যানি সার্ব্ববিভক্তিকস্তসিঃ চিহ্নানি লক্ষণানি তথাশব্দেনান্তরাণ্যপি চিহ্নানি ভবন্তীত্যর্থঃ। তান্যেবাহ কায়স্যেতি কায়স্য দেহস্য কৃশতা কার্শ্যং কান্তিঃ স্বরুচির্নিশ্চিতং জায়তে ॥ ১৯ ॥

যথোক্তনিয়মে প্রাণায়াম অভ্যাসকরিলে সাধকের নাড়ীসকল বিশুদ্ধ হয়। শারীরিক নাড়ী সকল বিশুদ্ধ হইলে সাধকের অনেকপ্রকার লক্ষণ প্রকাশ পায়। যখন নাড়ী বিশুদ্ধ হইয়া মলশূন্য হয়, তখন শরীরের কৃশতা লক্ষিত হয় ও কান্তিপুষ্টি বৃদ্ধি পায়, এই সকল লক্ষণ লক্ষিত হইলেই নাড়ীশুদ্ধি হইয়াছে জানা যায় ॥ ১৯ ॥

যথেষ্টধারণং বায়োরনলস্য প্রদীপনম্।
নাদাভিব্যক্তিরারোগ্যং জায়তে নাড়িশোধনং ॥ ২০ ॥

বায়োঃ প্রাণস্য যথেষ্টঃ বহুবারং ধারণং কুম্ভকেষু। অনলস্য জঠরাগ্নেঃ প্রদীপনং প্রকৃষ্টা দীপ্তির্নাদস্য ধ্বনেরভিব্যক্তিঃ প্রাকট্যমারোগ্যমরোগতা নাড়ীশোধনান্নাড়ীনাং শোধনান্মলরাহিত্যাজ্জায়তে ॥ ২০ ॥

প্রাণায়ামদ্বারা নাড়ীশুদ্ধি হইলে অন্যান্য লক্ষণও দৃষ্ট হয়। প্রাণবায়ু ধারণ করিতে করিতে যখন কুম্ভক সিদ্ধ হয়, তখন জঠরাগ্নি প্রদীপ্ত হয়, কণ্ঠনাদ হইতে থাকে এবং শারীরিক রোগসকল বিনাশ প্রাপ্ত হইয়া থাকে। এই সকলই নাড়ীশুদ্ধির প্রধান লক্ষণ ॥ ২০ ॥

মেদশ্লেষ্মাধিকং পূর্ব্বং ষট্‌কর্ম্মাণি সমাচরেৎ।
অন্যস্তু নাচরেত্তানি দোষাণাং সমভাবতঃ ॥ ২১ ॥

মেদাদ্যাধিক্যে উপায়ান্তরমাহ। মেদশ্লেষ্মাধিক ইতি—মেদশ্চ শ্লেষ্মা চ মেদশ্লেষ্মাণৌ তাবধিকৌ যস্য স তাদৃশঃ পুরুষঃ। পূর্ব্বং প্রাণায়ামাভ্যাসাৎ প্রাঙ্ নতু প্রাণায়ামাভ্যাসকালে ষট্‌কর্ম্মাণি বক্ষ্যমাণানি সমাচরেৎ সম্যগাচরেৎ। অন্যস্তু মেদশ্লেষ্মাধিক্যরহিতস্তু তানি ষট্‌কর্ম্মাণি নাচরেৎ। তত্র হেতুমাহ—দোষাণাং বাতপিত্তকফানাং সমস্য ভাবঃ সমভাবঃ সমত্বং তস্মাদ্দোষাণাং সমত্বাদিত্যর্থঃ ॥ ২১ ॥

যে সাধকের শরীরে মেদ ও শ্লেষ্মার আধিক্য থাকে, সেই ব্যক্তি প্রাণায়াম অভ্যাসের পূর্ব্বে উত্তমরূপে নিম্নলিখিত ষট্‌কর্ম্মের অনুষ্ঠান করিবে, যাহার শরীরে মেদ ও শ্লেষ্মার আধিক্য নাই, তাহার ষট্‌কর্ম্ম করিতে হয় না। যাহার শরীরে বাতপিত্তকফাদির সমতা আছে, তাহার ষট্‌কর্ম্মাচরণ নিষ্প্রয়োজন ॥ ২১ ॥

নাভিদঘ্নজলে পায়ৌ ন্যস্তনালোৎকটাসনঃ।
ধৌতির্ব্বস্তিস্তথা নেতিস্ত্রাটকং নৌলিকং তথা।
কপালভাতিশ্চৈতানি ষট্‌কর্ম্মাণি প্রচক্ষতে ॥ ২২ ॥

ষট্‌কর্ম্মাণ্যুপদিশতি ধৌতিরিতি স্পষ্টং ॥ ২২ ॥

এইক্ষণ পূর্ব্বোক্ত ষট্‌কর্ম্মের উপদেশ করিতেছেন। ধৌতি, বস্তি, নেতি, ত্রাটক, নৌলিকী ও কপালভাতি, এই সকল কর্ম্মকেই যোগিগণ ষট্‌কর্ম্ম বলিয়া নির্দেশ করিয়াছেন ॥ ২২ ॥

কর্ম্মষট্‌কমিদং গোপ্যং ঘটশোধনকারকম্।
বিচিত্রগুণসন্ধায়ি পূজ্যতে যোগিপুঙ্গবৈঃ ॥ ২৩ ॥

ইদং রহস্যমিত্যাহ কর্ম্মষট্‌কমিতি। ঘটস্য শরীরস্য শোধনং মলাপনয়নং করোতীতি ঘটশোধনকারকমিদমুদ্দিষ্টং কর্ম্মণাং ষট্‌কং ধৌত্যাদিকং গোপ্যং গোপনীয়ং। যতঃ—বিচিত্রগুণসন্ধায়ীতি বিচিত্রং বিলক্ষণং গুণং ষট্‌কর্ম্মরূপং সন্ধাতুং কর্ত্তুং শীলমস্যেতি বিচিত্রগুণসন্ধায়ি যোগিপুঙ্গবৈর্যোগিশ্রেষ্ঠৈঃ পূজ্যতে সৎক্রিয়তে। গোপনাভাবে তু ষট্‌কর্ম্মকমন্যৈরপি বিহিতং স্যাদিতি যোগিনঃ পূজ্যত্বভাবঃ প্রসজ্যেতেতি ভাবঃ। এতে মেদমেব কর্ম্মষট্‌কস্য মুখ্যং ফলমিতি সূচিতং। মেদশ্লেষ্মাদিনাশস্য প্রাণায়ামৈরপি সম্ভবাৎ। তদুক্তং—ষট্‌কর্ম্মযোগমাপ্নোতি পবনাভ্যাসতৎপর ইতি পূর্ব্বোত্তরগ্রন্থস্যাপ্যেবমেব স্বারস্যাচ্চ ॥ ২৩ ॥

ধৌতিপ্রভৃতি ষট্‌কর্ম্ম শরীরের শোধন করে, অর্থাৎ শরীরের মল অপনয় করিয়া থাকে। এই সকল যোগ অতি গোপনে সাধন করিতে হয়। এই ষট্‌কর্ম্ম সাধকের নানাপ্রকার গুণ উৎপাদন করে, এই নিমিত্তই যোগিগণ ষট্‌কর্ম্মের বিশেষ আদর করিয়া থাকেন। এই ষট্‌কর্ম্মসাধনে অন্যান্য বিবিধ গুণ জন্মিয়া থাকে, অতএব উক্ত ষট্‌কর্ম্মসাধন বিশেষ প্রয়োজনীয়। কেবল মেদ ও শ্লেষ্মার বিনাশ ষট্‌কর্ম্মের ফল নহে, প্রাণায়াম দ্বারাও মেদ ও শ্লেষ্মার বিনাশ হইতে পারে। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, যে সাধক প্রাণায়াম যোগ অভ্যাসে তৎপর, সেই ব্যক্তি ষট্‌কর্ম্ম আচরণ করিবে ॥ ২৩ ॥

অথ ধৌতিঃ।

চতুরঙ্গুলবিস্তারং হস্তপঞ্চদশায়তম্।
গুরূপদিষ্টমার্গেণ সিক্তং বস্ত্রং শনৈর্গ্রসেৎ ॥ ২৪ ॥

ধৌতিকর্ম্মাহ চতুরঙ্গুলমিতি চতুর্ণামঙ্গুলানাং সমাহারশ্চতুরঙ্গুলং চতুরঙ্গুলং বিস্তারো যস্য তাদৃশং হস্তানাং পঞ্চদশৈবায়তং দীর্ঘং সিক্তং জলার্দ্রং কিঞ্চিদুষ্ণং বস্ত্রং পটং তচ্চ সূক্ষ্মং নূতনোক্তাশাদেঃ খণ্ডং গ্রাহ্যং। গুরূপদিষ্টো যো মার্গো বস্ত্রগ্রসনপ্রকারস্তেন শনৈর্ম্মন্দংমন্দং কিঞ্চিৎ কিঞ্চিদ্গ্রসেৎ। দ্বিতীয়ে দিনে হস্তদ্বয়ং তৃতীয়ে দিনে হস্তত্রয়ং। এবং দিনবৃদ্ধ্যা হস্তমাত্রমধিকং গ্রসেৎ ॥ ২৪ ॥

পুনঃ প্রত্যাহরেচ্চৈতদুদিতং ধৌতিকর্ম্ম তৎ। কাসশ্বাসপ্লীহকুষ্ঠং কফরোগাংশ্চ বিংশতিঃ। ধৌতিকর্ম্ম প্রভাবেন প্রয়ান্ত্যেব ন সংশয়ঃ ॥ ২৫ ॥

তস্য প্রান্তং রাজদন্তমধ্যে হঠে সংলগ্নং কৃত্বা নৌলীকর্ম্মণোদরস্থবস্ত্রং সম্যক্ চালয়িত্বা। পুনঃ শনৈঃ প্রত্যাহরেচ্চ তদ্বস্ত্রমুদ্গিরেন্নিষ্কাসয়েচ্চ। তদ্ধৌতিকর্ম্মোদিতং কথিতং সিদ্ধৈঃ। ধৌতিকর্ম্মণঃ ফলমাহ—কাসশ্বাসেতি কাসশ্চ শ্বাসশ্চ প্লীহা চ কুষ্ঠং চ। সমাহারদ্বন্দ্বঃ—কাসাদয়ো রোগবিশেষাঃ বিংশতিসংখ্যকাঃ কফরোগাশ্চ। ধৌতিকর্ম্মণঃ প্রভাবেন গচ্ছন্ত্যেব ন সংশয়ঃ নিশ্চিতমেতদিত্যর্থঃ ॥ ২৫ ॥

পূর্ব্বে যে ষট্‌কর্ম্ম উক্ত হইয়াছে, তাহাদিগের মধ্যে ধৌতিকর্ম্মের লক্ষণ কহিতেছেন, চারি অঙ্গুলি বিস্তৃত পঞ্চদশ হস্ত দীর্ঘ নূতন সূক্ষ্ম বস্ত্রখণ্ড লইয়া তাহা জলসিক্ত ও কিঞ্চিৎ উষ্ণ করিবে, পরে গুরুর উপদেশানুসারে উক্ত বস্ত্রখণ্ড ক্রমে গিলিতে আরম্ভ করিবে, অর্থাৎ প্রথম দিবসে এক হস্ত, দ্বিতীয় দিবসে দুই হস্ত এবং তৃতীয় দিবসে তিন হস্তপরিমাণ

বস্ত্রখণ্ড গ্রাস করিবে। এইরূপে ক্রমশ এক এক দিনে এক এক হস্ত বৃদ্ধি করিয়া সমুদায় বস্ত্রখণ্ড গ্রাসকরিতে অভ্যাস করিবে। যে কালে সমুদায় বস্ত্রখণ্ড গ্রাস করিতে পারিবে, সেই সময় উক্ত বস্ত্রখণ্ডের বহিঃস্থ প্রান্তভাগ দন্তদ্বারা ধারণ করিয়া রাখিবে, পরে নৌলীকর্ম্মদ্বারা উদরমধ্যগত বস্ত্রখণ্ড সঞ্চালিত করিয়া অল্পে অল্পে সেই বস্ত্রখণ্ড উদ্গিরণ করিবে। এই কর্ম্মকেই প্রসিদ্ধ যোগিগণ ধৌতিকর্ম্ম বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। যদি কোন সাধক উক্তপ্রকার ধৌতিকর্ম্ম অভ্যাস করিতে পারে, তাহা হইলে সেই সাধকের শ্বাস, কাস, কুষ্ঠ এবং বিংশতিপ্রকার কফরোগ বিনাশ পাইয়া থাকে। এই ধৌতিকর্ম্মপ্রভাবে নানাপ্রকার রোগ বিনাশ পায় ॥ ২৪—২৫ ॥

নাভিদঘ্নজলে পায়ৌ ন্যস্তনালোৎকটাসনঃ।
আধারাকুঞ্চনং কুর্য্যাৎ ক্ষালনং বস্তিকর্ম্ম তৎ ॥ ২৬ ॥

অথ বস্তিকর্ম্মাহ নাভিদঘ্নেতি—নাভিপরিমাণং নাভিদঘ্নং। পরিমাণে দঘ্নচ্ প্রত্যয়ঃ। তস্মিন্নাভিদঘ্নে নাভিপরিমাণে জলে নদ্যাদিতোয়ে পায়ু গুর্দং তস্মিন্ন্যস্তো নালো বংশনালো যেন কনিষ্ঠিকাপ্রবেশযোগ্যরন্ধ্রযুক্তং ষড়ঙ্গুলদীর্ঘং বংশনালং গৃহীত্বা চতুরঙ্গুলং পায়ৌ প্রবেশয়েৎ। অঙ্গুলিদ্বয়মিতং বহিঃ স্থাপয়েৎ। উৎকটমাসনং যস্ত স উৎকটাসনঃ। পার্ষ্ণিদ্বয়ে স্ফিচৌ বিন্যস্য পাদাঙ্গুলিভিঃ স্থিতিরুৎকটাসনং। আধারস্যাকুঞ্চনং যথা-জলমন্তঃ প্রবিশেত্তথা সঙ্কোচনং কুর্য্যাৎ। অন্তঃপ্রবিষ্টং জলং নৌলিককর্ম্মণা চালয়িত্বা ত্যজেৎ। ক্ষালনং বস্তিকর্ম্মোচ্যতে—ধৌতিবস্তিকর্ম্মদ্বয়ং ভোজনাৎ প্রাগেব কর্ত্তব্যং। তদনন্তরং ভোজনে বিলম্বোঽপি ন কার্য্যঃ। কেচিত্তু—পূর্ব্বং মূলাধারেণ বায়োরাকর্ষণমভ্যস্য জলে স্থিত্বা পায়ৌ নালপ্রবেশনমন্তরেণৈব বস্তিকর্ম্মাভ্যসন্তি। তথা করণে সর্ব্বং জলং বহির্নায়াতি। অতো নানারোগধাতুক্ষয়াদিসম্ভবাচ্চ তথা বস্তিকর্ম্ম নৈব বিধেয়ঃ। কিমন্যথা স্বাত্মারামঃ পায়ৌ ন্যস্তনাল ইতি ব্রূয়াৎ ॥ ২৬ ॥

কিরূপে বস্তিকর্ম্ম করিতে হয়, এইক্ষণ তাহাই বলিতেছেন। নদ্যাদির জলে নাভিপর্য্যন্ত মগ্ন করিয়া উৎকটাসনে উপবিষ্ট হইবে, পরে কনিষ্ঠাঙ্গুলি প্রবেশযোগ্য ষড়ঙ্গুল দীর্ঘ বংশনল গ্রহণ করিয়া গুহ্যদ্বারপথে সেই বংশনলের চারি অঙ্গুলিপ্রমাণ উদরমধ্যে প্রবেশিত করিবে, দুই অঙ্গুলিমাত্র বাহিরে রাখিবে, তৎপরে যাহাতে সেই বংশনলদ্বারা উদরমধ্যে জল প্রবেশ করিতে পারে, এইরূপে উদর সঙ্কোচ করিবে এবং উদরমধ্যে জল প্রবেশিত করিয়া নৌলীকর্ম্মদ্বারা সেই উদরমধ্যগত জল পরিচালিত করিবে, পরে সেই গুহ্যপ্রবিষ্ট বংশনলদ্বারা উদরস্থ জল পরিত্যাগ করিতে হইবে। এইরূপে উদরমধ্যে জল প্রবেশিত করিয়া উদরমধ্যভাগ প্রক্ষালনপূর্ব্বক জল পরিত্যাগ করিবে। ইহাতেই বস্তিকর্ম্ম হয়, এইরূপ উদর প্রক্ষালনকে বস্তিকর্ম্ম বলে। ভোজনের পূর্ব্বে উক্ত ধৌতি ও বস্তিকর্ম্ম করিতে হয় এবং ধৌতিকর্ম্ম ও বস্তিকর্ম্ম করিয়া অব্যবহিত পরেই ভোজন করিবে, কদাচ উক্ত কর্ম্মের পরে ভোজনের বিলম্ব করিবে না। কোন কোন যোগী বলেন, পূর্ব্বে মূলাধারে বায়ু আকর্ষণ অভ্যাস করিয়া জলমধ্যে প্রবেশপূর্ব্বক বংশনল ব্যতিরেকে গুহ্যদ্বার দিয়া জলাকর্ষণ করিয়া বস্তিকর্ম্ম করিবে। এইরূপে বস্তিকর্ম্ম অভ্যাস করিলে যত জল উদরমধ্যে প্রবেশিত করা যায়, সেই সমুদায় জল নিঃশেষরূপে নির্গত হয় না। কিছু কিছু জল উদরমধ্যে থাকিয়া যায়, তাহাতে নানাপ্রকার রোগ জন্মে এবং ধাতুক্ষয় হইয়া থাকে, অতএব উক্তপ্রকার বস্তিকর্ম্ম করিবে না, গুহ্যদ্বার দিয়া বংশনল প্রবেশ করিয়াই বস্তিকর্ম্ম করা কর্ত্তব্য ॥ ২৬ ॥

গুল্মপ্লীহোদরং চাপি বাতপিত্তকফোদ্ভবাঃ।
বস্তিকর্ম্মপ্রভাবেন ক্ষীয়ন্তে সকলাময়াঃ ॥ ২৭ ॥

বস্তিকর্ম্মগুণানাহ দ্বাভ্যাং গুল্মপ্লীহোদরমিতি। গুল্মশ্চ প্লীহা চ রোগবিশেষাবুদরং জলোদরং চ তেষাং সমাহারদ্বন্দ্বঃ। বাতশ্চ পিত্তঞ্চ কফশ্চ তেভ্য উদ্ভবা একৈকস্মাদ্দ্বাভ্যাং সর্ব্বেভ্যো বা জাতাঃ সকলাঃ সর্ব্বে আময়া রোগা বস্তিকর্ম্মণঃ প্রভাবঃ সামর্থ্যং তেন ক্ষীয়ন্তে নশ্যন্তি ॥ ২৭ ॥

যে সাধক বস্তিকর্ম্ম অভ্যাস করে, তাহার গুল্ম, প্লীহা, উদরী এবং বাত, পিত্ত ও কফ জন্য রোগ সকল বিনাশ পায়, বাস্তবিক বস্তিকর্ম্ম অভ্যাস করিলে সর্ব্বব্যাধি নষ্ট হয় ॥ ২৭ ॥

ধাত্বিন্দ্রিয়ান্তঃকরণপ্রসাদং দদ্যাচ্চ কান্তিং দহনপ্রদীপ্তিম্।
অশেষদোষোপচয়ং নিহন্যাদভ্যস্যমানং জলবস্তিকর্ম্ম ॥ ২৮ ॥

ধাত্বিতি—অভ্যস্যমানমনুষ্ঠীয়মানং জলে বস্তিকর্ম্ম জলবস্তিকর্ম্ম কর্তৃ দদ্যাদনুষ্ঠাতুরিতি শেষঃ। ধাতবো রসাসৃঙ্মাংসমেদোঽস্থিমজ্জাশুক্রাণি ধাতব ইত্যুক্তা ইন্দ্রিয়াণি বাক্পাণিপাদপায়ূপস্থানি পঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণি শ্রোত্রত্বক্চক্ষুর্জ্জিহ্বাঘ্রাণানি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণি চ অন্তঃকরণানি মনোবুদ্ধিচিত্তাহঙ্কাররূপাণি তেষাং পরিতাপবিক্ষেপশোকমোহগৌরবাবরণদৈন্যাদিরাজসতামসধর্ম্মবিনিবর্ত্তেন সুখপ্রকাশলাঘবাদিসাত্ত্বিকধর্ম্মাবির্ভাবঃ প্রসাদস্তং কান্তিং দ্যুতিং দহনস্য জঠরাগ্নেঃ প্রদীপ্তিঃ প্রকৃষ্টাং দীপ্তিং চ। তথা—অশেষাঃ সমস্তা যে দোষা বাতপিত্তকফাস্তেষামুপচয়ং। এতদপচয়স্যাপ্যুপলক্ষণং উপচয়াপচয়ৌ নিহন্যান্নিতরাং হন্যাৎ। দোষসাম্যরূপমারোগ্যং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ২৮ ॥

জলবস্তি অভ্যাস করিলে অন্যান্য বিশেষ ফল হয়। যে ব্যক্তি জলবস্তি অভ্যাস করে, তাহার রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা ও শুক্র এই সপ্ত ধাতু; বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ, এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয়; চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয় এবং মন, বুদ্ধি, চিত্ত ও অহঙ্কার এই সমুদায় অন্তঃকরণ; ইহাদিগের পরিতাপ, বিক্ষেপ, শোকপ্রভৃতি তামসধর্ম্মের নিবৃত্তি হইয়া সুখ ও লাঘবাদি সাত্ত্বিকভাবের আবির্ভাব, প্রসন্নতা ও কান্তি বৃদ্ধি পায়, জঠরাগ্নির উদ্দীপন হয় এবং বাত, পিত্ত ও কফের হ্রাসবৃদ্ধি নিবৃত্তি হইয়া সাম্যভাব উপস্থিত হইতে থাকে ॥ ২৮ ॥

অথ নেতি।

সূত্রং বিতস্তি সুস্নিগ্ধং নাসানালে প্রবেশয়েৎ।
মুখান্নির্গময়েচ্চৈষা নেতিঃ সিদ্ধৈর্নিগদ্যতে ॥ ২৯ ॥

অথ নেতিকর্ম্মাহ সূত্রমিতি—বিতস্তি বিতস্তিমিতং বিতস্তিরিত্যুপলক্ষণমধিকস্যাপি। যাবতা সূত্রেণ সম্যক্ নেতিকর্ম্ম ভবেত্তাবদ্ গ্রাহ্যং। সুস্নিগ্ধং সুষ্ঠুস্নিগ্ধং গ্রন্থ্যাদিরহিতং সূত্রং তচ্চ নবধা দশধা পঞ্চদশধা বা গুণিতং সুদৃঢ়ং গ্রাহ্যং। নাসা নাসিকা সৈব নালঃ সচ্ছিদ্রত্বাত্তস্মিন্ প্রবেশয়েৎ। মুখান্নির্গময়েন্নিষ্কাসয়েৎ তৎপ্রকারস্ত্বেবং। সূত্রপ্রান্তং নাসানালে প্রবেশ্যেতরনাসাপুটমঙ্গুল্যা নিরুধ্য পূরকং কুর্য্যাৎ। পুনশ্চ মুখেন রেচয়েৎ। পুনঃ পুনরেবং কুর্ব্বতো মুখে সূত্রপ্রান্তমায়াতি। তৎ-

সূত্রপ্রান্তং নাসাবহিঃস্থসূত্রপ্রান্তঞ্চ গৃহীত্বা শনৈশ্চালয়েদিতি। চকারাদেকস্মিন্নাসানালে প্রবেশ্যেতরস্মিন্নির্গময়েদিত্যুক্তং তৎপ্রকারস্ত্বেকস্মিন্নাসানালে সূত্রপ্রান্তং প্রবেশ্যেতরনাসাপুটমঙ্গুল্যা নিরুধ্য পূরকং কুর্য্যাৎ পশ্চাদিতরনাসানালেন রেচয়েৎ। পুনঃ পুনরেবং কুর্ব্বত ইতরনাসানালে সূত্রপ্রান্তমায়াতি তস্য পূর্ব্ববচ্চালনং কুর্য্যাদিতি। অয়ং প্রকারস্তু বহুবারং কুর্ব্বতঃ কদাচিদ্ভবতি। এবোক্তা সিদ্ধৈরণিমাদিগুণসম্পন্নৈঃ। তদুক্তং—অবাপ্তাষ্টগুণৈশ্বর্য্যাঃ সিদ্ধাঃ সদ্ভিনিরূপিতা ইতি। নেতির্নিগদ্যতে নেতিরিতি কথ্যতে ॥ ২৯ ॥

এইক্ষণ নেতিকর্ম্ম কথিত হইতেছে। দ্বাদশাঙ্গুল অর্থাৎ যতপরিমাণ সূত্রদ্বারা নেতিকর্ম্ম সিদ্ধ হইতে পারে, সেই পরিমাণের সুস্নিগ্ধ ও গ্রন্থিপ্রভৃতি দোষ রহিত নব, দশ অথবা পঞ্চদশগুণিত সুদৃঢ় সূত্র গ্রহণ করিয়া নাসারন্ধ্রে প্রবেশিত করিবে এবং অন্য নাসারন্ধ্র অঙ্গুলিদ্বারা অবরুদ্ধ করিয়া কুম্ভক করিবে, পরে সেই সূত্র মুখদ্বারা নিষ্ক্রামিত করিতে হইবে, অর্থাৎ কুম্ভিত বায়ু রেচন করিলেই নাসিকাপ্রবিষ্ট সূত্রের অগ্রভাগ মুখদ্বারা নির্গত হইবে। পরে ঐ সূত্রের প্রান্তদ্বয় ধারণ করিয়া পুনঃ পুনঃ পরিচালিত করিতে থাকিবে। এইরূপে এক নাসিকায় সূত্র প্রবেশিত করিয়া অন্য নাসিকাদ্বারা নিষ্কাসন করিবে। ইহার বিশেষ এই, এক নাসিকায় সূত্রের এক প্রান্ত প্রবেশিত করিয়া অপর নাসিকা অঙ্গুলিদ্বারা নিরুদ্ধ করত পূরক করিবে, তাহাতেই সেই সূত্রাগ্র নাসিকায় প্রবিষ্ট হইবে এবং অন্য নাসিকায় বায়ু রেচন করিলেই সেই নাসিকাদ্বারা সূত্রের প্রান্ত বহির্গত হইবে। এইরূপ করিয়া পূর্ব্ববৎ সূত্রপ্রান্তদ্বয় ধারণপূর্ব্বক সেই সূত্র পরিচালিত করিবে। ইহাকেই যোগসিদ্ধ যোগিগণ নেতিকর্ম্ম বলেন ॥ ২৯ ॥

কপালশোধিনী চৈব দিব্যদৃষ্টিপ্রদায়িনী।
জত্রূর্দ্ধজাতরোগৌঘং নেতিরাশু নিহন্তি চ ॥ ৩০ ॥

নেতিগুণানাহ কপালশোধিনীতি—কপালং শোধয়তি শুদ্ধং মলরহিতং করোতীতি কপালশোধিনী। চকারান্নাসানালাদীনামপি এবশব্দোঽবধারণে। দিব্যাং সূক্ষ্মপদার্থগ্রাহিণীং দৃষ্টিং প্রকর্ষেণ দদাতীতি দিব্যদৃষ্টিপ্রদায়িনী নেতিক্রিয়া জত্রুণোঃ স্কন্ধসন্ধ্যোরূর্দ্ধমুপরিভাগে জাতো জত্রূর্দ্ধজাতঃ স চাসৌ রোগাণামোঘশ্চ তমাশু ঝটিতি নিহন্তি। চকারঃ পাদপূরণে—স্কন্ধো ভুজশিরোংশোঽস্ত্রী সন্ধী তস্যৈব জত্রুণীত্যমরঃ ॥ ৩০ ॥

নেতিকর্ম্ম সাধন করিলে সাধকের কিরূপ ফল হয়, তাহাই বলিতেছেন। নেতিকর্ম্ম সাধিত হইলে সাধকের কপাল ও নাসিকা মলরহিত হইয়া বিশুদ্ধ হয়, আর চক্ষুর দর্শনশক্তি বৃদ্ধি পায়, অর্থাৎ সাধক দিব্যদৃষ্টিসম্পন্ন হইতে পারে, সাধকের স্কন্ধসন্ধির উপরিভাগে কোন রোগ জন্মিতে পারে না এবং উক্ত স্থানে কোন রোগ থাকিলেও তাহা বিনাশ পায় ॥ ৩০ ॥

নিরীক্ষেন্নিশ্চলদৃশা সূক্ষ্মলক্ষ্যং সমাহিতঃ।
অশ্রুসম্পাতপর্য্যন্তমাচার্য্যৈস্ত্রাটকং স্মৃতম্ ॥ ৩১ ॥

ত্রাটকমাহ নিরীক্ষেদিতি—সমাহিতঃ একাগ্রচিত্তঃ নিশ্চলা চাসৌ দৃক্চ দৃষ্টিস্তয়া সূক্ষ্মং চ তল্লক্ষ্যং চ সূক্ষ্মলক্ষ্যমশ্রূণাং সম্যক্ পাতঃ পতনং তৎপর্য্যন্তং। অনেন নিরীক্ষণস্যাবধিরুক্তঃ নিরীক্ষেৎ পশ্যেৎ—আচার্য্যৈর্মৎস্যেন্দ্রাদিভিরিদং ত্রাটকং ত্রাটককর্ম্ম স্মৃতং কথিতঃ ॥ ৩১ ॥

এইক্ষণ কিরূপে ত্রাটককর্ম্ম করিতে হয়, তাহার ক্রম ও প্রণালী বলিতেছেন। সাধক একাগ্রচিত্ত হইয়া নিস্পন্দনয়নে কোন সূক্ষ্মবস্তুর উপরি দৃষ্টিপাত করিয়া থাকিবে। এইরূপ দৃষ্টি করিতে করিতে যতকাল সাধকের চক্ষু হইতে অশ্রুপাত না হয়, ততকাল উক্তরূপে এক দৃষ্টে চাহিয়া থাকিবে। মৎস্যেন্দ্র প্রভৃতি পুরাতন যোগিগণ এইরূপ দৃষ্টিকে ত্রাটকযোগ বলিয়াছেন ॥ ৩১ ॥

মোচনং নেত্ররোগাণাং তন্দ্রাদীনাং কপাটকম্।
যত্নতস্ত্রাটকং গোপ্যং যথা হাটকপেটকম্ ॥ ৩২ ॥

ত্রাটকগুণানাহ মোচনমিতি—নেত্রস্য রোগা নেত্ররোগাস্তেষাং মোচনং নাশকং তন্দ্রা আদির্যেষামালস্যাদীনাং তেষাং কপাটকং কপাটবদন্তর্দ্ধায়কমভিভাবকমিত্যর্থঃ। তন্দ্রা তামসশ্চিত্তবৃত্তিবিশেষঃ। ত্রাটকং ত্রাটকাখ্যং কর্ম্ম যত্নতঃ প্রযত্নতঃ প্রযত্নাদ্গোপ্যং গোপনীয়ং। গোপনে দৃষ্টান্তমাহ যথেতি—হাটকস্য সুবর্ণস্য পেটকং পেটী ইতি লোকে প্রসিদ্ধং যথা যেন প্রকারেণ গোপ্যতে তদ্বৎ ॥ ৩২ ॥

ত্রাটকযোগ সাধিত হইলে সাধকের কি কি ফলপ্রাপ্তি হয়, তাহাই কথিত হইতেছে। যে যোগী পূর্ব্বোক্তপ্রকার ত্রাটকযোগ অভ্যাস করেন, তাহার সকলপ্রকার নেত্ররোগ বিনষ্ট হয়। ইহাকে তন্দ্রাদির কপাটস্বরূপ জানা যায়, যদি কেহ এই ত্রাটকযোগ সাধন করিতে পারে, তাহা হইলে সেই সাধকের কদাচ তন্দ্রার আবির্ভাব হইতে পারে না। এই যোগ অতি গোপনীয়, যেমন মনুষ্য সুবর্ণপেটিকা গোপনে রাখিয়া থাকে, যোগিগণ এই যোগকে সেইরূপ গোপন করিয়া রাখিবে ॥ ৩২ ॥

অথ নৌলিঃ।

অমন্দাবর্ত্তবেগেন তুন্দং সব্যাপসব্যতঃ।
নতাংসো ভ্রাময়েদেষা নৌলিঃ সিদ্ধৈঃ প্রচক্ষ্যতে ॥৩৩॥

নৌলিকর্ম্মাহ অমন্দেতি—নতৌ নম্রীভূতাবংসৌ স্কন্ধৌ যস্য স নতাংসঃ পুমানমন্দোঽতিশয়িতো য আবর্ত্তস্তস্যেব জলভ্রমস্যেব বেগো জবস্তেন তুন্দমুদরং। পিচণ্ডকুক্ষী জঠরোদরং তুন্দং স্তনৌ কুচাবিত্যমরঃ। সব্যাং চাপসব্যং চ সব্যাপসব্যে দক্ষিণবামভাগৌ তয়োঃ সব্যাপসব্যতঃ। সপ্তম্যর্থে তসিঃ—ভ্রাময়েদ্ভ্রমন্তং প্রেরয়েৎ সিদ্ধৈরেষা নৌলিঃ প্রচক্ষ্যতে কথ্যতে ॥ ৩৩ ॥

এইক্ষণ নৌলীকর্ম্মের লক্ষণ কহিতেছেন। যোগসাধনতৎপর সাধক আপন উভয় স্কন্ধ অবনত করিয়া বাম দক্ষিণভাবে উদর পরিভ্রামিত করিবে, ইহাতেই নৌলীকর্ম্ম হইয়া থাকে যোগসিদ্ধ যোগিগণ এই যোগকে নৌলীকর্ম্ম নামে অভিহিত করেন ॥ ৩৩ ॥

মন্দাগ্নিসন্দীপনপাচনাদিসন্ধাপিকানন্দকরী সদৈব। অশেষদোষাময়শোষণী চ হঠক্রিয়ামৌলিরিয়ঞ্চ নৌলিঃ ॥ ৩৪ ॥

নৌলিগুণানাহ—মন্দাগ্নীতি। মন্দশ্চাসাবগ্নির্জ্জঠরাগ্নিস্তস্য দীপনং সম্যগ্দীপনং চ পাচনং চ ভুক্তান্নপরিপাকশ্চ মন্দাগ্নিসন্দীপনপাচনে তে আদিনী যস্য তন্মন্দাগ্নিসন্দীপনপাচনাদি তস্য সন্ধাপিকা বিধাত্রী। আদিশব্দেন মলশুদ্ধ্যাদিঃ সদৈব সর্ব্বদৈবানন্দকরী সুখকরী। অশেষাঃ সমস্তাশ্চ তে